# প্রাথমিক শিক্ষায় দ্বিবার্ষিক ডিপ্লোমা

**DIPLOMA IN ELEMENTARY EDUCATION**

**(D.El.Ed)**

## *কোর্স - 502*

প্রাথমিক শিক্ষায় শিশুর মনস্তাত্ত্বিক প্রক্রিয়া

## ব্লক - 2

## শিখন ও শিক্ষণ পরিচালন পদ্ধতি


**রাষ্ট্রীয় মুক্ত বিদ্যালয়ী শিক্ষা সংস্থান**

A-24/25 প্রতিষ্ঠানিক এলাকা, সেকটর-62, নয়ডা

গৌতম বুদ্ধ নগর, ইউ পি-201309

ওয়েব সাইট : www.nios.ac.in

শিক্ষার্থী সহায়ক কেন্দ্র টোল ফ্রি নম্বর : 1800 180 9393

ই-মেল : lsc@nios.ac.in

# ব্লক - 2

# শিখন ও শিক্ষণ পরিচালন পদ্ধতি

**ব্লক একক**


একক 5 শ্রেণি কক্ষের পরিচালন পদ্ধতি

একক 6 শিক্ষণ ও শিখনের উপাদান

একক 7 বহুবিভাগীয় এবং বহুস্তরীয় ব্যবস্থাপনা

একক 8 শিখন প্রক্রিয়ার পরিকল্পনা

## ব্লক পরিচয়

### ব্লক ভূমিকা - 2

শিক্ষার্থী হিসাবে আপনি পড়বেন ব্লক 2 : শিক্ষণ প্রক্রিয়ায় ব্যবস্থাপনা। এই ব্লক চারটে একক যেগুলো শিখন-শিক্ষণ প্রক্রিয়ায় ব্যবস্থাপনার সঙ্গে সম্পর্কীত নিয়ে গঠিত। প্রত্যেক একক বিভাগ ও উপবিভাগে বিভক্ত। ব্লক 1 এ আপনারা ইতিমধ্যে অধ্যয়ন করেছেন শিখন-শিক্ষণ প্রক্রিয়া, উপাদান যা শিখনকে প্রভাবিত করে এবং শিখন-শিক্ষণের বিভিন্ন পদ্ধতি।

**একক - 5 :** এই একক শ্রেণীকক্ষের বিষয়ে গভীর বোধ সরবহার করে এবং উপযুক্ত শিখন-শিক্ষণ পরিবেশ সৃষ্টিতে ব্যবস্থাপনার গুরুত্ব ব্যাখ্যা। এই একক তিনটে প্রধান প্রশ্নের উত্তর সরবরাহ করে, যেমন; কিভাবে আপনি প্রত্যেক একক ছাত্রকে উৎসাহ দিয়ে তার শিখনের স্তরকে উন্নত করার জন্য শ্রেণীকক্ষের অবস্থার উন্নয়ণ করবেন? দ্বিতীয়ত, কিভাবে শ্রেণীকক্ষে প্রাপ্ত স্থান ও সময় ব্যবহার করবেন ছাত্রদের শিখনে আলোকপাত করার জন্য? এবং তৃতীয়ত শ্রেণীর ছাত্রদের মধ্যে প্রেষণা ও শৃঙ্খলার অনুভূতি সৃষ্টির জন্য কি পদ্ধতি আছে?

**একক - 6 :** আপনি বুঝতে সমর্থ হবেন শিক্ষণ শিখন উপাদানের প্রয়োজনীয়তা। বিভিন্ন ধরনের শিক্ষণ-শিখন উপাদান ব্যবহারের দ্বারা, ছাত্রারা প্রত্যক্ষ অভিজ্ঞতা পায় যেটা তাদের শিখনকে সুবিধা দেয়। বিভিন্ন ধরণের শিখন উপাদানের সঙ্গে পরিচিত হওয়ার জন্য এবং তাদের শিখনে তাদের ব্যবহার করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। টি.এল.এম (Teaching Learning Materials) হিসাবে পাঠ্য বইগুলো ও ব্যবহৃত হতে পারে।

**একক - 7 :** বহুবিধ-মানের শিক্ষণের ধারণা বুঝতে আপনি সমর্থ হবেন। একক মানের শিক্ষণের থেকে বহুবিধ মানের শিক্ষণের পার্থক্য আছে। বহুবিধ মানের ও বহুবিধ স্তরের শ্রেণীকক্ষের অবস্থার সমস্যা এবং কিভাবে এই সমস্যাগুলোকে এবং সঠিক ব্যবস্থাপনা কৌশল নিয়োগ করে জানাবেন এবং এই এককের সাহায্যে দক্ষতা বোঝা যেতে পারে।

**একক - 8 :** শিখন প্রক্রিয়ার পরিকল্পনা বিষয়ে, পাঠক্রম ও সহ পাঠক্রমিক কার্য্যবলী যেগুলো শিখনের জন্য গুরুত্বপূর্ণ তা শিখনে আপনি ক্ষমতাবান হবেন। এটা ব্যাখ্যা করবে প্রয়োজনীয়তা, উদ্দেশ্য ও পাঠ-প্রণালী। একক পরিকল্পনা এবং পাঠ-পরিকল্পনার একে অপরের সঙ্গে সম্পূর্ণ পার্থক্য আছে কিন্তু উভয়ই গুরুত্বপূর্ণ পাঠের উপযুক্ত পরিকল্পনার জন্য।

# বিষয়সূচী


| ক্রমিক সংখ্যা | এককের নাম | পৃষ্ঠা সংখ্যা |
|---|---|---|
| 5 | একক-5 : শ্রেণীকক্ষের পরিচালন পদ্ধতি | 2 |
| 6 | একক-6 : শিক্ষণ ও শিখনের উপাদান | 33 |
| 7 | একক-7 : বহুবিভাগীয় এবং বহুস্তরীয় ব্যবস্থাপনা | 61 |
| 8 | একক-8 : শিখন প্রক্রিয়ার পরিকল্পনা | 90 |

# একক - 5 শ্রেণীকক্ষের পরিচালন পদ্ধতি

কাঠামো

5.0 – ভূমিকা

5.1 – শিখনের উদ্দেশ্য

5.2 – শিখন পরিস্থিতি পরিচালনা

 5.2.1 – শিক্ষার্থী বান্ধব পরিবেশ সৃষ্টি

 5.2.2 – ব্যক্তিগত শিখন পরিচালনা

 5.2.3 – দলভিত্তিক শিখন পরিচালনা

5.3 – শিখন ও শিক্ষণের ক্ষেত্রে সময় ও স্থান-এর ব্যবস্থাপনা

 5.3.1 – সময়-এর ব্যবস্থাপনা

 5.3.2 – শ্রেণীকক্ষে স্থান-এর ব্যবস্থাপনা

 5.3.3 – শ্রেণীকক্ষে সক্রিয়তা ভিত্তিক আসন-বিন্যাসের ব্যবস্থা।

5.4 – প্রেষণা-ক্রিয়ার ও নিয়মানুবর্তিতার ব্যবস্থাপনা

 5.4.1 – শিক্ষার্থীদের প্রেষণা-ক্রিয়ার জন্য ব্যবস্থাপনা

 5.4.1 – শ্রেণীকক্ষে নিয়মানুবর্তিতার ব্যবস্থাপনা

5.5 – পরিচালক হিসাবে শিক্ষকের ভূমিকা।

 5.5.1 – শিক্ষার অধিকার আইন ও শিক্ষকের ভূমিকা

5.6 – আসুন আমরা সার সংক্ষেপ করি

5.7 – আপনার প্রগতি চিহ্নিত করতে আদর্শ উত্তরমালা

5.8 – পরিকল্পনা মাফিক পাঠ ও সম্পর্ক স্থাপন

5.9 – একক-শেষের অনুশীলনী

## 5.0 (ভূমিকা)

শিখন প্রণালী সম্পর্কে জেনে, বিভিন্ন পদ্ধতি এবং শিখন ও শিক্ষনের অভিগমন, সক্রিয়তাভিত্তিক অভিগমন সহ শিক্ষণ-কেন্দ্রীক অভিগমনের উপর নির্দিষ্টভাবে জোর দেওয়া, শ্রেণীকক্ষে-সেগুলিকে প্রয়োগ করা শুধুমাত্র যথেষ্ট নয়। শুধুমাত্র আপনার বিভিন্ন পদ্ধতি ও অভিগমনের জ্ঞানের প্রয়োজন থাকা নয়, বাস্তব শ্রেণীকক্ষের পরিস্থিতিতে জ্ঞানের ব্যবহার-দক্ষতা থাকা ও প্রয়োজন আছে। আপনি কি অনুমান করতে পারছেন শ্রেণীকক্ষে আপনি যে অসুবিধাগুলোর সম্মুখীন হবেন কাম্য পদ্ধতি/কৌশল ব্যবহারের সময়।

নিম্নলিখিত অবস্থা পাঠ করুন।

**অবস্থা 1 :** *যখন মি: ভিবেক ভূগোল শিক্ষা দিতে ষষ্ঠ শ্রেণীতে প্রয়োজনীয় সামগ্রী এবং উত্তম কর্মতৎপরতা প্রস্তুতি সঙ্গো নিয়ে প্রবেশ করলেন, তিনি একটা অশান্ত শ্রেণীর সম্মুখীন হলেন। ছাত্রদের মধ্যে দু'জন লড়াই করছে একে অপরের সঙ্গো এবং অন্যরা চিৎকার করছে ও লড়াইরত ছাত্রদের উদ্দীপত করছে। খাতা, বই ও নোটগুলো ঘরের চারদিকে ছড়িয়ে ছিল। ছাদের ছিদ্র থেকে বৃষ্টির জল পড়ছিল। শ্রেণীটা ছিল সম্পূর্ণ বিশৃঙ্খল অবস্থায়। তিনি ছাত্রদের শান্ত করার এবং শ্রেণীকক্ষে শৃঙ্খলা আনার চেষ্টা করছিলেন তখনই কিছু ছাত্র অভিযোগ করছিল যে ঘরটা স্যাঁৎসাঁতে এবং তাদের বসার আসনগুলো ভিজে গেছে। কিছু ছাত্র মি: ভিবেককে প্রস্তাব দিল গল্প বলার জন্য ভূগোল শিক্ষার পরিবর্তে।*

আপনি যেহেতু অনুমান করতে পারেন, মি: ভিবেক যে সমস্যাগুলোর সম্মুখীন হয়েছিলেন :

- ছাত্রদের মধ্যে বিশৃঙ্খলা,
- শারিরীক নিরাপত্তার অভাব এবং শ্রেণীতে যন্ত্রণামুক্তির অভাব, এবং
- ভূগোলে ছাত্রদের অনাগ্রহ।

এ ধরনের সমস্যাগুলো বা ঐক্যনাশক শক্তি অনেক হতে পারে। নিরাপদ, বিপদমুক্ত ও উপযোগী পরিবেশের মতো বিভিন্ন প্রাথমিক অপরিহার্যতার অভাব, যথেষ্ট শিখণ শিখন উপাদান, ছাত্র বনাম ছাত্র, ছাত্র বনাম শিক্ষকের উত্তম সম্পর্ক, আনন্দদায়ক শিক্ষণ শিখন প্রণালী এবং ছাত্রদের মধ্যে নিয়মানুবর্তিতা শ্রেণীকক্ষের প্রক্রিয়ায় অনৈক্য সৃষ্টি করতে পারে। তাদের শিখনের চাহিদার ওপর নির্ভর করা মানসিক আবেগের গঠন, শ্রেণীকক্ষের মধ্যের ও বাইরের পীড়ন ও অন্যান্য এরূপ বিষয় একটা 40 জন ছাত্র বিশিষ্ট শ্রেণীর নানাবিধ সমস্যা থাকতে পারে। প্রকৃত পক্ষে প্রত্যেক শ্রেণীতে একজন শিক্ষক এরূপ অদ্ভুৎ ধরনের সমস্যার বা শক্তির সম্মুখীন হন, যেগুলো শ্রেণীকক্ষের আবহাওয়াকে নষ্ট করে এবং এমনকি অত্যন্ত ভালো পরিকল্পিত পদ্ধতি ও কৌশলকে ও নষ্ট করে।

আপনার শ্রেণীর বিষয়ে চিন্তা করুন এবং দুটো উপাদান উল্লেখ করুন যা প্রায়ই আপনার শ্রেণীগুলোকে নষ্ট করে।

অত:পর যোগ্য বিষয়ের সারমর্ম ও শিক্ষণ প্রণালীর অতিরিক্ত হিসাবে পরিচালনগত দক্ষতার ও প্রয়োজন। শ্রেণীশিক্ষণের সফলতা যেটা শ্রেণীতে প্রত্যেক ছাত্রের দ্বারা ফলপ্রসু শিখনের পথ নির্দেশিত হয় বেশির ভাগই তা নির্ভর করে শিক্ষক কর্তৃক কার্যোপযোগী শ্রেণীকক্ষের পরিচালনার ওপর। শিক্ষক হিসাবে, আপনাকে শ্রেণীকক্ষ পরিচালনার দক্ষতা উন্নত করতে হচ্ছে যাতে প্রত্যেক শিশুর শেখার ও বড় হওয়ার একটা সুযোগ থাকে। একটা কার্যোপযোগী শ্রেণীকক্ষ পরিচালনার নানাবিধ দৃষ্টিভঙ্গী আছে যেমন, শিখনের উপযোগী পরিবেশ গড়ে তোলা, প্রত্যেক ছাত্রের অংশগ্রহণে উৎসাহদান, শ্রেণীকক্ষের মিথষ্ক্রিয়া উন্নীতকরণ, নিজেদের মধ্যে সু-সম্পর্ক পালন, শিখনের বিষয়ের ওপর দৃঢ় কেন্দ্রবিন্দু স্থাপন, বিশৃঙ্খলার সমস্যার আলোচনা ইত্যাদি। অন্য কথায়, শ্রেণীকক্ষ পরিচালনার প্রয়োজন হয় পরিকল্পনা করার সামর্থ, শ্রেণীকক্ষে মিথষ্ক্রিয়া নিয়ন্ত্রণ ও সহজ করে এবং প্রত্যেক শিশুর বিভিন্ন চাহিদা ও ক্ষমতা হিসাবভুক্ত করে।

নোট

এই এককে আসুন আমরা জানি শ্রেণীকক্ষ পরিচালনার তিনটে বিষয় সম্বন্ধে যথা-ছাত্রদের শিখন স্তরকে বাড়াতে প্রত্যেক ছাত্রকে উৎসাহ দিতে শ্রেণীকক্ষের অবস্থা উন্নত করা : তাদের শিখনকে কেন্দ্রবিন্দু করতে ছাত্রদের সমর্থ করার জন্য শ্রেণীকক্ষে যে স্থান ও সময় পাওয়া যায় তার ব্যবহার এবং শ্রেণীর ছাত্রদের শিখন বাড়ানোর দিকে তাদের কর্মশক্তিকে কেন্দ্রবিন্দু করে ছাত্রদের মধ্যে শৃঙ্খলার বিষয় ধীরে ধীরে সঞ্চারিত করা ও প্রেরণা দেওয়ার পথে অগ্রসর করা।

## 5.1 শিখনে উদ্দেশ্য

এই একক সমাপ্ত করার পর, আপনি সমর্থ হবেন :

- আপনার ছাত্রদের শিখন উপযোগী শ্রেণীকক্ষের শিখনের পরিবেশ উন্নত করা।
- শ্রেণীকক্ষের ফলপ্রসু শিখন উন্নীত করতে ছাত্রদের যথাযথভাবে দল করা।
- আপনার শ্রেণীকক্ষে ব্যক্তিগত ও দলগত শিখন সাবলীল করা।
- শিশুদের শিখনের জন্য শ্রেণীকক্ষে যে স্থান ও সময় পাওয়া যায় তার সর্বোচ্চ ব্যবহারের জন্য পরিকল্পনা।
- যখন শ্রেণীকক্ষে সক্রিয়তা ভিত্তিক অভিগমন প্রয়োগ করা হয় তখন বিভিন্ন কার্যকলাপের জন্য বিভিন্ন ধরণের আসন বিন্যাসের ব্যবস্থা করা।
- শিখনের জন্য ছাত্রদের অনুপ্রেরণা দেওয়া এবং শিখন কার্যোকলাপের মসৃন ব্যবহারের জন্য শ্রেণীকক্ষে নিয়মানুবর্তিতা পালন করা।

## 5.2 শিখন পরিস্থিতির ব্যবস্থাপনা

শ্রেণীতে প্রত্যেক ছাত্র দ্বারা শিখনের উৎসাহদানের জন্য সুযোগ ও পরিস্থিতি সৃষ্টি করা হল একটি অন্যতম প্রাথমিক জিনিষ যা শিক্ষক হিসাবে আপনি করতে আশা করেন। যখন শিখনের জন্য অনুকূল পরিস্থিতি সৃষ্টির চিন্তা করেন এবং শ্রেণীকক্ষের পরিবেশের অংশগুলো শনাক্ত করতে চেষ্টা করেন তখন আসুন আমাদের শ্রেণীকক্ষকে লক্ষ্য করি।

একদল ছাত্র নিয়ে একটা শ্রেণী গঠিত, বেশীরভাগ ক্ষেত্রে একই বয়সের এবং একজন শিক্ষক শিক্ষণ ও ছাত্রদের শিখনের সুবিধা দেন। একটা শ্রেণীর শিক্ষক তাঁর ছাত্রদের খুব ভালো জানেন। বিদ্যালয়ের কথাগুলোর মধ্যে একটা কথা যেটা বিশেষভাবে নির্মিত হয় এটা শ্রেণীকে সমন্বয় করতে তাকে বলা হয় শেণীকক্ষ। আদর্শগতভাবে, প্রত্যেক শ্রেণী বা একটা শ্রেণীর প্রত্যেক বিভাগের জন্য একটা কক্ষ থাকা উচিত। যাইহোক, বিভিন্ন বিদ্যালয়ে আপনি খুঁজে পাবেন ঘরের সংখ্যা শ্রেণীর সংখ্যার থেকে কম। এ রকম বিদ্যালয়ে, একটা ঘর ব্যবহৃত হয় একাধিক শ্রেণীকে সমন্বয় করতে (একক 7 দেখুন বহু মানের শ্রেণীর জন্য)।

শিক্ষক ও ছাত্র ছাড়া, আপনি কি চিন্তা করছেন যেগুলো অন্যান্য উপাদান যা একটা শ্রেণীকক্ষের পরিবেশ গঠন করে?



নোট

পরিস্থিতি বিবেচেনা করুন যেখানে শ্রেণীকক্ষে যাতে মি. ভিবেক শিক্ষা দিতে গেছেন যেখানে ছাদে ছিদ্র, মেঝে ও বসার আসন ভিজে, এবং আসনগুলো ও সামগ্রী শ্রেণীতে চারদিকে ছড়িয়ে। নিশ্চয়ই, কোন কার্যক্রমকে কেন্দ্রবিন্দু করতে এগুলো শিশুদের জন্য উপযোগী নয়। যদি আপনি মি. ভিবেকের স্থানে থাকতেন তাহলে আপনি কি করতে পারতেন? নিশ্চয়ই, নিরাপত্তা, নিরাপদ ও আরামদায়ক অবস্থা শ্রেণীর জন্য নিশ্চিত করতে আপনি সাবধানতা অবলম্বন করতেন। শ্রেণীকক্ষের বাস্তব অবস্থার সঙ্গে এগুলো সম্পর্ক স্থাপন করে যা শিশুদের নিরাপত্তা ও আরাম দেওয়ার জন্য প্রয়োজন। শ্রেণীকক্ষের বাস্তব পরিবেশ ও যুক্ত থাকে শ্রেণীকক্ষে দ্রব্যাদির সংস্থান যা শিশুদের ও শিক্ষকদের দ্বারা ব্যবহৃত হয় সাবলীল শিখনের জন্য।

মনে করুন, আপনার আছে একটা উত্তম বাস্তব অবস্থার শ্রেণীকক্ষ এবং আপনি ও আপনার ছাত্রদের দ্বারা ব্যবহৃত হওয়ার জন্য প্রয়োজনীয় যথেষ্ট সামগ্রী আছে। শ্রেণীকক্ষে একে অপরের সঙ্গে ছাত্ররা ঝগড়া করছে তা আপনি লক্ষ্য করেছেন এবং আপনি সম্পূর্ণ হতাশ এটাতে। এই মুহুর্তে আপনার শ্রেণীকক্ষের চলমান আবহাওয়া নিশ্চয় শিক্ষণ-শিখন কার্যক্রম চালিয়ে যাওয়ার উপযোগী নয়। সুতরাং, শিক্ষার্থী বান্ধব শ্রেণীকক্ষের আবহাওয়া নির্মানের জন্য তিনটে বিষয়ে সাবধান হতে হয়।

---

**E.1 শ্রেণীকক্ষের পরিবেশের তিনটে প্রাথমিক উপাদানের নাম ও বিবেচনা করুন।**

---

## 5.2.1 শিক্ষার্থী বান্ধব পরিবেশ সৃষ্টি

শ্রেণীকক্ষের পরিবেশ এমন হওয়া উচিত যে প্রত্যেক শিশু আরামদায়ক ও আনন্দদায়ক উপলব্ধী করে এবং শিখনের তার সর্বোচ্চ ক্ষমতা ব্যবহার করতে উৎসাহ বোধ করে। শ্রেণীকক্ষ পরিচালনার পরিপ্রেক্ষিতে তিনটে-সম্ভাব্য শ্রেণীর শ্রেণীকক্ষ আছে।

- ***ত্রুটিপূর্ণ শ্রেণীকক্ষের পরিবেশ হল প্রায়শ:*** বিশৃঙ্খল। শিক্ষক নিয়ন্ত্রণ রক্ষা করতে অবিরত লড়াই করেন। এই অবস্থায় সামান্য ধরে রাখা শিখন হতে পারে। প্রকৃত পক্ষে, যতদূর সম্ভব শিখনের বিষয়ে শ্রেণী আদৌ কার্যকরী নয়।

- ***পর্যাপ্ত শ্রেণীকক্ষের পরিবেশ*** একটা প্রাথমিক বিন্যাস প্রদর্শন করে। কিন্তু শিক্ষক এখনো লড়াই করেন এটা পালন করতে। এই পরিস্থিতিতে কিছু শিখন কখনো কখনো ঘটে।

  - ***সুবিন্যস্থ নিয়ন্ত্রক শিখন হল*** 'আটো-সাঁটো' শ্রেণীকক্ষ যেখানে শিক্ষক মেনে চলেন একটা উচ্চ-মানের গঠন প্রণালী, রুটিন পরিচালনা করেন শক্তভাবে, এবং ব্যবহার করেন সামান্য কিছু শিক্ষা-সংক্রান্ত কৌশল। এক্ষেত্রে কঠোর নিয়মানুবর্তিতার পদক্ষেপের মাধ্যমে নির্দেশ মেনে চলা শিক্ষকের কাছে প্রধান বিষয়।

  - ***সুবিন্যস্থ সক্ষমকারী শিখন*** পরিবেশ খুঁজে পাওয়া যায় মসৃণভাবে চলা শ্রেণীকক্ষে যা স্পষ্ট প্রকাশ করে তুলনামূলক উচ্ছৃঙ্খল (কিন্তু উচ্ছৃঙ্খল নয়) কাঠামো। এই শ্রেণীকক্ষগুলোতে, শিক্ষক ব্যবহার করেন একটা রুটিনের প্রশস্থ বিন্যাস এবং নির্দেশাত্মক কৌশল, এবং ছাত্রদের জোর দেওয়া হয় বিষয়বস্তুর অর্থ তৈয়ারীতে।

নোট

উপরোক্ত আলোচনা থেকে নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দিন।

**E2. কি ধরনের শ্রেণীকক্ষের পরিবেশ বেশী বন্ধুত্বপূর্ণ ও কার্য্যোপযোগী শিশুর শিখনের জন্য এবং কেন?**

সক্ষম শিখন পরিবেশ সৃষ্টি করার জন্য, যেটা আপনার প্রয়োজন আপনার শ্রেণীকক্ষের প্রয়োজন যুক্তিপূর্ণ আনন্দদায়ক বাস্তব অবস্থা লক্ষ্য রাখা।

- *শ্রেণীকক্ষের প্রাকৃতিক পরিবেশ*

একটা ভালো শ্রেণীকক্ষ বাড়ির থেকে দূরে, শিক্ষক ও ছাত্রদের গৃহের মতো, অর্থাৎ এটা বিপন্মুক্ত, নিরাপদ, উল্লেখযোগ্য ও কার্য্যকরী হওয়া উচিত । এর মান, যথাযথ বয়স, শ্রেণীকক্ষের কার্য্যক্রমের ধরণ ইত্যাদি যেগুলো শিক্ষক ও ছাত্ররা কার্য্যকর করে তা মনে রাখা ও উচিত। শ্রেণীকক্ষের পরিবেশ অল্পবিস্তর ভালো বিষয়ের শ্রেণীকক্ষের পছন্দমতো যোগাযোগ রক্ষা করে। প্রাকৃতিক বায়ুমন্ডল শ্রেণীর ছাত্রদের ও শিক্ষকের বিষয়ে কথা বলে।

যেহেতু আগেই উল্লেখ করা হয়েছে, শ্রেণীকক্ষের প্রাকৃতিক পরিবেশের দুটো বৃহৎ উপাদান আছে: প্রাকৃতিক অবস্থা ও শ্রেণীকক্ষে যে চিত্তবিনোদিনের উপায়ের সামগ্রী পাওয়া যায়।

- *শ্রেণীকক্ষের প্রাকৃতিক অবস্থা*

পরিকাঠামোগত সুযোগ সুবিধা ও তাদের যথাযথ মেরামতির দিকে মনোযোগ আকর্ষণ করা। শ্রেণীকক্ষের প্রয়োজন ছাদে ছিদ্র ছাড়া একটা পাকা বাড়ির অংশ হতে হবে। দেওয়াল ও মেঝে সঠিকভাবে প্লাষ্টারড্ হওয়া উচিত কিনারা ছাড়া যা শিশুদের আঘাত করতে পারে। ঘরটিতে অবাধ বায়ু চলাচলের পথ থাকতে হবে এবং যথেষ্ট আলোযুক্ত লম্বা দরজা ও জানালা যা থেকে আড়া আড়িভাবে অবাধ বায়ু চলাচলের সুবিধা যা ঘরের পরিবেশকে আরামদায়ক ও মনোরম করবে শিশুদের জন্য। এগুলোর অভাব ছাত্রদের মনোযোগ প্রভাবিত করবে। শ্রেণীকক্ষের বাইরে গাছপালা মনোরম হয় যাতে বায়ুর গুণমান উন্নত করা যায় এবং ঘর থেকে বাইরের দৃশ্য ভালো হতে হবে। যে কোন দলগত কাজের জন্য শ্রেণীকক্ষে যথেষ্ট স্থান সংকুলান হওয়া উচিত। সর্বদা স্মরণ রাখতে হবে যে শ্রেণীকক্ষের পরিবেশ ছাত্রদের জন্য নিরাপদ ও উপযোগী হওয়া উচিত।

অন্য গুরুত্বপূর্ণ বিষয় যে গুলোতে আমরা যথেষ্ট মনোযোগ দিইনা তা হলো শ্রেণীকক্ষের প্রাকৃতিক অবস্থার সঠিক মেরামত। যখনই মেঝে ও দেওয়ালে ক্ষতি দেখা যায় তৎক্ষণাৎ সেগুলো মেরামত করা প্রয়োজন হয়। শ্রেণীকক্ষ হবে মারাত্মক পরিষ্কার ও পরিচ্ছন্ন। এটা শুধুমাত্র শ্রেণীকক্ষে স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চয়তা দেয় না, কিন্তু এটাও কম বয়স থেকে ব্যক্তিগত স্বাস্থ্যবিধি পালন করার অভ্যাসকে শিশুকাল থেকে উন্নত করে। শ্রেণীকক্ষে পরিচ্ছন্নতা মেনে চলার জন্য আপনি একটা মারাত্মক ভূমিকা পালন করছেন ছাত্রদের সংযুক্ত করে প্রত্যহ পরিষ্কারের জন্য বিদ্যালয় কার্য্যক্রম শুরুর ঠিক

আগে ও দিনের বিদ্যালয়ের শেষে। শ্রেণীর ক্লাসের সময়, আপনি অবশ্যই লক্ষ্য করবেন বাজে সামগ্রী যেমন, কাগজের টুকোরো পাতা, ফুল, চক ও ভাঙ্গা লাঠি ইত্যাদি যেগুলো বিভিন্ন শিখন কার্য্যক্রমে ব্যবহৃত হয় যেগুলো ছাত্ররা শ্রেণীকক্ষের চারদিকে ছোড়ে। আপনি যদি একটা বাক্স বা একটা কাগজের পিজবোর্ডের বাক্স রাখেন শ্রেণীকক্ষের মধ্যে এবং ছাত্রদের মধ্যে যদি একটা অভ্যাস উন্নত করতে পারেন যে সমস্ত বর্জ পদার্থ ঐ বাক্সে ছুড়তে যেগুলো তারপর প্রত্যেক দিন বিদ্যালয়ের শেষে স্থানান্তরিত হবে বিদ্যালয়ের জঞ্জাল রাখার গর্তে। তারপর এ ধরনের অভ্যাস শুধুমাত্র শ্রেণীকক্ষ পরিষ্কার রাখবে না বরং ছাত্রদের মধ্যে ও পরিচ্ছন্নতার অভ্যাস উন্নত করবে যাতে তারা তাদের গৃহের পরিবেশ পরিচ্ছন্ন রাখতে প্রসারিত করবে নিজেদের।

আপনি যখন শ্রেণীকক্ষে শিক্ষণ-শিখন প্রক্রিয়া পরিচালনায় নিয়োজিত থাকবেন, তখন আপনার প্রয়োজন হবে অনেক সংখ্যক সামগ্রী যেমন-বোর্ড (কালো বা সাদা) লেখার জন্য, প্রদর্শনী বোর্ড (Display Board), বসার জন্য সামগ্রী/আসবাবপত্র, শিক্ষণ-শিখন দ্রব্যাদি (TLM) নিয়ে মজুত করা। তাদের সঠিক স্থানে রাখা, মজুত ও ব্যবহার শ্রেণীকক্ষে আপনার ও ছাত্রদের দ্বারা শ্রেণীকক্ষের বাস্তব পরিবেশের অংশ অত্যাবশ্যকীর ভাবে গঠন করে। এই বইয়ের পরবর্তী এককে বিস্তারিত ভাবে শ্রেণীকক্ষে দ্রব্য সামগ্রীর ব্যবস্থাপনার বিষয়াদি ব্যাখ্যা করা হয়েছে।

### কর্মতৎপরতা-1

শ্রেণীকক্ষে প্রাকৃতিক পরিবেশের মান বৃদ্ধিতে শ্রেণীশিক্ষক হিসাবে আপনার ভূমিকার একটা তালিকা প্রস্তুত করুন।

....................................................................................................................

....................................................................................................................

....................................................................................................................

তালিকা তৈরী সমাপ্তির পর, আপনি আপনার তালিকা তুলনা করবেন নিম্নে প্রদত্ত তালিকার সঙ্গে।

*শ্রেণীকক্ষে প্রাকৃতিক জলবায়ু উন্নয়নে শিক্ষক হিসাবে আপনার ভূমিকা হল :*

- শ্রেণীর কার্য্যক্রম চলা বাড়ির অবস্থা বিপন্মুক্ত ও নিরাপদ করার নিশ্চয়তা দিন। মেঝে ও দেওয়ালে যেকোন ক্ষতি অবিলম্বে মেরামত করুন।
- বিদ্যালয়ে-গৃহ প্রাত্যহিক রক্ষণাবেক্ষনের জন্য বিদ্যালয় কর্তপক্ষের দৃষ্টি আকর্ষণ করুন।
- ছবি এঁকে ও কার্যক্রমের তালিকা দিয়ে শ্রেণীকক্ষের দেওয়াল সৌন্দার্যায়নের জন্য ছাত্রদের উৎসাহ দিন।

নোট

- ক্লাস শুরুর আগে শ্রেণীকক্ষ পরিষ্কার আছে তা নিশ্চিত করুন। পরিষ্কার করা, জঞ্জাল স্থানান্তর করা ইত্যাদি বিভিন্ন কার্য্যক্রমে নিজেদের মধ্যে অংশ গ্রহণ করতে ছাত্রদের উৎসাহ দেওয়া প্রয়োজন।
- শ্রেণীকক্ষের জঞ্জাল নিয়মিত ফেলার জন্য শ্রেণীকক্ষের মধ্যে জঞ্জাল ফেলার পাত্র (Dust bin) রাখুন।
- যাচাই করুন যে সব দ্রব্য যথাস্থানে আছে এবং ব্যবহারের পর সঠিকভাবে সাজানো আছে।

- ***শ্রেণীকক্ষে মানবিক সম্পর্ক***

আপনি নিজেই ছাত্র হিসাবে বা শিক্ষক হিসাবে, আপনার অভিজ্ঞতা আছে যে এমন শিক্ষক আছেন যাঁর সঙ্গে একটা শ্রেণীর সকল ছাত্র সহযোগী হয় যেমন, ছাত্ররা তাঁদের সঙ্গে মিথষ্ক্রিয়া করতে ভালবাসে এবং কথা বলতে ও প্রশ্ন করতে সাবলীল অনুভব করে, তাঁদের সঙ্গে বেশি সময় কাটাতে ভালবাসে। তাঁদেরকে ভালবাসা দিয়ে মান্য করে এবং শ্রদ্ধা করে এবং শিক্ষক তাঁদের যা বলেন তারা তাই করে। এই শিক্ষকরা ছাত্রদের চাহিদার প্রতি সম্পূর্ণ অনুভবনশীল। তাঁরা ছাত্রদের সুখ-দু:খের সঙ্গী হন এবং যখন কোন ছাত্র ব্যক্তিগত ভাবে অসুবিধায় পড়েন তখন তাঁরা সর্বদা তাদের সাহায্য করেন। আপনাকেও লক্ষ্য করতে হবে যে ছাত্রদের তাদের শ্রেণীকে প্রত্যেকে প্রত্যেকের সঙ্গে ভাল সম্পর্ক আছে এবং বেশিরভাগ ছাত্র এই শিক্ষক যে বিষয় শিক্ষাদেন তাতে অন্য বিষয়ের তুলনায় ভাল কার্যসম্পাদন করে।

এভাবে আমরা বলতে পারি যে শিক্ষক ও ছাত্রদের মধ্যে বন্ধন মানবীক সম্পর্কের গুণমানকে স্থির করে। যে কোন শ্রেণীতে, দু'ধরনের সম্পর্ক আছে : 'শিক্ষক-ছাত্র'ও-ছাত্র-ছাত্র'। যদি এই সম্পর্ক সমিলে, সম্মান ও সহযোগীতার উপর ভিত্তি করে গড়ে ওঠে, তাহলে শিক্ষকের কাছে এটা সহজ হয় শ্রেণীকক্ষের কার্য্যক্রম পরিচালন করা। শিখন বান্ধব মানবীক পরিবেশ সৃষ্টি করতে আপনাকে নিম্নের জিনিষগলো মনে রাখতে হবে :

**কার্য্যাদি করুন :**

- বুঝন ও সংবেদনশীল হন ছাত্রদের আবেগ ও পঠন-পাঠন সংক্রান্ত চাহিদার প্রতি।
- সর্বদা ছাত্রদের পক্ষ সমর্থন করে সক্রিয় হন।
- শ্রেণীকক্ষের মধ্যে যখন সমস্যা-শিশুদের সঙ্গে আচরণ করবেন তখন ধৈর্য্যশীল ও সহানুভুতিশীল হন।
- বিদ্যালয়ের সকল কার্য্যকলাপে অংশ গ্রহণ করতে ছাত্রদের সবচেয়ে বেশি সুবিধা দিন। একসঙ্গে কাজ করলে, শিক্ষক-ছাত্রদের মধ্যে ও ছাত্রদের নিজেদের মধ্যে বন্ধন শক্তিশালী হয়।
- যখন বিশৃঙ্খল কার্যক্রমের প্রতি আচরণ করবেন তখন দৃঢ়তার সঙ্গে আনন্দদায়ক শব্দ ব্যবহার করুন।
- সহযোগিতা ও ছাত্রদের মধ্যে সহানুভূতিশিলতাকে উৎসাহ দিন।
- দলগত কাযক্রমের মাধ্যমে ছাত্রদের মধ্যে স্বাস্থকর মিথষ্ক্রিয়াকে উৎসাহ দিন।

- দলগত কার্য্যক্রম আন্তরিকভাবে ছাত্রদের নিযুক্তি নিশ্চিৎ করুন।
- বিভিন্ন ধরণের প্রকল্প ও সহ-পাঠক্রমিক কার্য্যবলী পরিচালনা করুন যাতে প্রত্যেক ছাত্র যথেষ্ট সুযোগ পায় তার অর্ন্তনিহিত প্রতিভা ও আকাঙ্খাকে চালিত করতে পারে।

**করবেন না**

- অপরকে রূঢ়, অবজ্ঞামূলক বা নিরুৎসাহমূলক শব্দ ব্যবহার করতে বা উৎসাহ দেবেন না।
- শ্রেণীতে কোন প্রভেদমূলক শব্দ বা উৎসাহ দেবেন না।
- ছাত্রদের মধ্যে অসুস্থ তুলনা ও প্রতিযোগীতায় উৎসাহ দেবেন না।
- শ্রেণীতে ত্রুটিপূর্ণ কার্য সম্পাদনকারীর কার্যকে হীন প্রতিপন্ন করবেন না বরং তাদের বিকল্প সুযোগ দেওয়ার চেষ্টা করুন তাদের কার্য সম্পাদনকে উন্নত করতে।

**কর্মতৎপরতা-2**

*আপনি আপনার ছাত্রদের সমস্যাগুলোর সঙ্গে পরিচিত। আপনার ছাত্রদের মধ্যে সুস্থাস্থকর সম্পর্ক স্থাপনের জন্য তাদের মধ্যে ভাল বন্ধনের উৎসাহ দিয়ে আপনি লক্ষ্য করুন এবং করা উচিত ও উচিত নয় একটা তালিকা প্রস্তুত করুন।*

..........................................................................................................................

..........................................................................................................................

..........................................................................................................................

## 5.2.2 ব্যক্তিগত শিখনের ব্যবস্থাপনা

শিক্ষক হিসাবে, আমরা সমস্ত শ্রেণীকে শিক্ষা দিতে অভ্যস্থ বক্তৃতা পদ্ধতি যেটা বিস্তারিতভাবে আলোচনা করা হয়েছে ব্লক - 1 এর একক 4 এ। এধরনের যোগাযোগ করার পদ্ধতি এক তরফা কর্তৃত্ব করে যেমন, শিক্ষক থেকে ছাত্রদের কাছে যেটার মধ্যে মিথষ্ক্রিয়া প্রক্রিয়ার সম্পূর্ণ নিয়ন্ত্রণ থাকে শিক্ষকের। যদি শিক্ষক আকাঙ্খা করেন, তাহলে তিনি ছাত্রদের অনুমোদন দেন প্রশ্ন করতে বা তাদের নিজেদের মধ্যে আলোচনা করতে, যেটা অত্যন্ত দৈবাৎ যেহেতু শিক্ষক এমন একটা অবস্থায় চাপে থাকেন নির্দিষ্ট সময়ের মধ্যে পাঠ্যসূচী শেষ করার। ছাত্র-শিক্ষক যোগাযোগ রক্ষা করা কম হয় ফলত ছাত্র-ছাত্র যোগাযোগের জন্য কম সুযোগ থাকে। ইহা ও প্রতিষ্ঠিত হয়েছে যে খুব কম ছাত্রের প্রাথমিক স্তরে এই পদ্ধতির মাধ্যমে বাস্তব লাভ হয়ে থাকে।

যাইহোক, শিক্ষার লক্ষ্য হল প্রত্যেক একক শিশুকে সমর্থ শিক্ষার্থী হবে এবং ব্যক্তিগত শিখন প্রত্যেক শিক্ষণ-শিখণ প্রক্রিয়ার যা শ্রেণীকক্ষে ব্যবহৃত হয় যাতে প্রত্যেক শিক্ষার্থী স্বনির্ভর শিখন অভিজ্ঞতা অর্জন করে তার চূড়ান্ত লক্ষ্য। ব্যক্তিগত শিক্ষা, ও নিজ পায়ে হাঁটা শিক্ষা হিসাবে খ্যাত। এটার জন্য

প্রয়োজন ব্যক্তিগত প্রচেষ্টা ও কার্য সম্পাদনের আগ্রহ। শিক্ষক প্রত্যেক শিক্ষার্থীকে স্বচ্ছ নির্দেশ দেন সুবিন্যস্থ মনোযোগী এক গুচ্ছ শিখন কার্যকলাপ কৃতকার্যতার সঙ্গে সম্পূর্ণ করার জন্য তার নিজ চলার কাজে। সুতরাং শিক্ষক হিসাবে আপনি ছাত্রদের জন্য প্রশস্থ সুযোগ সরবরাহ করবেন ব্যক্তিগত কাজ করতে ও আপনার শ্রেণীতে তার নিজ পায়ে চলার জন্য।

ব্যক্তিগত শিখনের জন্য আপনি কম্পিউটর বা স্বয়ং শিখনের সামগ্রী বা আপনার বিদ্যালয়ে প্রাপ্ত সম্পদের উপর নির্ভর করে কাজের দায়িত্ব অর্পন করার মতো প্রযুক্তিগত কৌশল ব্যবহার করতে পারেন। বি.এফ. স্কিনারের অপারেট অনুবর্তন এর শিখন তত্ত্বের উপর ভিত্তি করে 1960 ও 70 এর দশকে ব্যক্তিগত শিখনের ক্ষেত্রে সামান্য পরিমানে প্রোগ্রাম-সামগ্রী (Programmed material) ব্যবহৃত হত। এখন কম্পিউটার সহযোগী শিখন (Computer-Assisted Learnign (CAL) শ্রেণীকক্ষে দেখা যাচ্ছে যার উদ্দেশ্য ব্যক্তিগত শিখনকে উন্নত করা। বিদ্যালয়ে কম্পিউটার সহযোগী শিখনের (CAL) ব্যবস্থাপনা এই পাঠের ব্লক ও এর একক 12 তে বিশদে দেওয়া আছে। বিশেষভাবে পরিকল্পিত নির্দেশক সহ পাঠ্যপুস্তক বা অনুশীলনী বই, বিশেষভাবে প্রস্তুত স্বয়ং নির্দেশক সামগ্রী (Self-instructional materials (SIM) বিভিন্ন বিদ্যালয়ে ব্যাপকভাবে এখন ব্যবহৃত হচ্ছে এবং ব্যক্তিগতভাবে ছাত্রদের দূর-শিক্ষায় ব্যাপকভাবে ব্যবহৃতি হচ্ছে। কিন্তু সাধারণ শ্রেণীকক্ষে অর্পিত কাজের দায়িত্বের জন্য স্বয়ং-শিখন পদ্ধতি খুব বেশি ব্যবহৃত হয়।

- ***শ্রেণীকক্ষে নির্দিষ্ট কাজের দায়িত্ব :*** প্রায় প্রতিদিন, শ্রেণীতে আপনি আপনার ছাত্রদের একক কাজের দায়িত্ব দেন। এই অর্পিত কাজের জন্য কতকগুলো বড় এবং কতকগুলো ছোট-প্রাপ্য সময়ের মধ্যে সমাপ্তির জন্য সময়ের পার্থক্যের উপর ভিত্তি করে। এই নির্ধারিত কাজগুলো ছাত্রদের স্বয়ং-সংশোধনের অভ্যাস করার সুযোগ দেয় এবং বিষয়টা বোঝার জন্য। ছাত্রদের শিখনের স্তরকে উন্নত করতে সাহায্যের জন্য একক কাজের ধারাবাহিকতা লক্ষ্য করা যায়। শ্রেণীতে একক শিখনের পরিস্থিতি সৃষ্টি করার জন্য নিম্নলিখিত নির্দেশনাগুলো বিবেচনা করা হয়।

– অর্পিত কাজ/কার্যক্রমের পরিষ্কার যোগাযোগ রক্ষা করা, যাতে প্রত্যেক ছাত্রের জ্ঞান থাকে যা তাকে করতে হবে। প্রয়োজনে, আপনার বিষয়ে উদাহরণ দিতে নমুনা দিন।

– ছাত্রদের কাজে তদারকি : যখন কাজ চলবে, আপনি শ্রেণীর চারদিকে যাবেন এবং প্রয়োজনুসারে সাহায্যে করবেন। অধিকন্তু হস্তক্ষেপ করবেন না যাতে তারা নিরুৎসাহ অনুভব করে।

– ছাত্রদের কাজ পরীক্ষা করা: ছাত্ররা বিভিন্ন গতিতে কাজ করবে। সুতরাং শ্রেণী একই সঙ্গে অর্পিত কাজ শেষ করবে না। বৃহদায়তন শ্রেণীতে, ছাত্রদের কাজ পরীক্ষা করা একটা প্রতিদ্বন্দিতা পূর্ণ কাজ। কখনো কখনো, ছাত্ররা একে অপরের খাতা পরীক্ষা করার মাধ্যমে এটা সম্পন্ন করা যেতে পারে। নির্দিষ্ট/স্থির উত্তর ভিত্তিক উত্তরের কাজের জন্য এটা নির্দিষ্টভাবে সঠিক হয় থোকে। কিন্তু কোন কোন কাজের জন্য প্রয়োজন হয় আপনার সাবধানী পাঠ।

– উপযোগী সংশোধনী প্রদান : ছাত্ররা যখন তাদের প্রতি অর্পিত কাজ সম্পাদনে সংশোধনী পায় তখন শিখন ঘটে। সকল কাজের প্রয়োজন হয় সংশোধন করা এবং সংশোধনী দেওয়ার প্রয়োজন হয়। অর্পিত কাজের দায়িত্ব হস্তান্তর হওয়ার পরে যতটা সম্ভর তাড়াতাড়ি এটা ঘটা উচিত।



নোট

আপনার অগ্রগতি যাচাই করতে নিম্নলিখিত গুলোর উত্তর করুন :

E.3 একক শিখন কেন গুরুত্বপূর্ণ? 5 বা 6 টি বাক্যে আপনার উত্তর দিন।

E.4 একক শিখনের জন্য নিম্নলিখিত কোন্ কোন্ বিবৃতি সত্য?

a) ছাত্ররা কাজের দায়িত্ব পালন করে নিজ প্রচেষ্টায়।


b) ছাত্ররা মনযোগ সহকারে শিক্ষকের নির্দেশাবলী অনুসরণ করে।

c) ছাত্ররা অপরের ধারণা ভাগ করে নেয়।

## 5.2.3 দলগত শিখন পরিচালনা

সম্পূর্ণ শ্রেণী শিখন ও একক শিখনে আপনি লক্ষ্য করেছেন যে একটা ত্রুটি আছে যেটা ছাত্ররা একে অপরের সঙ্গে মিথাষ্ক্রিয়া করতে পারে না। কার্ল রজারের মতো প্রয়োগবাদী মনোবিদের প্রভাবের ফলে বেশি করে 1960 সালে যেটা শুরু হয়েছিল শিশুদের মধ্যে সেই ভারসাম্য শিখন সরবহার করা এ ধরনের মিথষ্ক্রিয়ার গুরুত্ব। কার্ল রজার মনে করেছিলেন যে শিখন প্রধানত হবে সামাজিক প্রকৃতির এবং শিশুদের ভবিষ্যতে সু-নাগরিক হিসাবে গড়ে তোলার জন্য সামাজিক পরিবেশে তাদের শিক্ষা দিতে হবে। শ্রেণীকক্ষে যখন শিশুরা একে অপরের সঙ্গে মিথষ্ক্রিয়া করার যথেষ্ট সুযোগ পায় তখনই এধরনের সামাজিক আবহাওয়া সৃষ্টি হতে পারে। দলগত শিখন, প্রধানত ছোট দলে শিখন কৌশল এর জন্য সঠিক বলে বিবেচিত হয়। 1980 সালের শেষ থেকে 1990 সাল পর্যন্ত শ্রেণীকক্ষে শিখন প্রক্রিয়ায় দলগত শিখন পদ্ধতি ব্যবহারে প্রগতিশীল উন্নতি দেখা গেছে। এই মিথষ্ক্রিয়া প্রক্রিয়ায়, অর্থ ভাগ হয়েছে এবং তথ্য বিনিময় হয়েছে। অত:পর শ্রেণীকক্ষ হল জ্ঞান বৃদ্ধির একটা সামাজিক কেন্দ্রভূমি। অপরের সঙ্গে তাদের বোধের তুলনা এবং অপরের জ্ঞানের সঙ্গে তাদের জ্ঞানের পরীক্ষা দ্বারা ছাত্ররা নতুন ধারনা উন্নত করল। উদাহরণতঃ যখন তুলনামূলক সমস্যা সমাধান করা হয়, তখন ছাত্ররা একে অপরের সঙ্গে মিথাষ্ক্রিয়া করে, তারা বিতর্ক করে, যুক্তি দেয়, সিদ্ধান্ত করেও উপসংহার দেয় সমস্যা সমাধান প্রক্রিয়ায়।

দলগত শিখন অভিগমনের একটা অন্যতম প্রধান সুবিধা হল যে এটা সম্পূর্ণ-বিস্তারিতভাবে শিক্ষাগত উদ্দেশ্য অর্জনে ব্যবহৃত হতে পারে, প্রধানত যে কোন ধরণের সমস্যা সমাধানের উচ্চতর প্রজ্ঞার উদ্দেশ্যে, সিদ্ধান্ত গ্রহণ ও অন্য জটিল জীবন দক্ষতার মতো। এটা সৃষ্টিমূলক চিন্তার উন্নতি জন্য একটা প্রক্রিয়া। এটা সব ধরনের অনুভূতি সমূহ ও মানবীর উদ্দেশ্য সাধনে ফলপ্রসু। এর বহুমুখী কর্ম সম্পন্নের ক্ষমতার কারণে দলগত শিখন পদ্ধতি ব্যাপকভাবে শিক্ষকদরে দ্বারা ব্যবহৃত হচ্ছে পৃথিবীব্যাপী। এটা ব্যবহৃত হচ্ছে ছাত্রদের আচরণ-সংক্রান্ত বৈশিষ্ট্য যেমন, উদাহরণ মানসিকতা ও অন্য মানুষের মতামত শোনার আগ্রহ, যোগাযোগ রক্ষার দক্ষতার উন্নয়ন ও সাধারণ মানবিক দক্ষতা উন্নয়নের ছাত্রদের সাহায্যে করার জন্য। *দলগত শিখনের কিছু সাধারণ বৈশিষ্ট্য হল :*



নোট

- বিভিন্ন শিক্ষার্থী অনেক সময়/চেষ্টা/প্রাপ্ত সম্পদ অন্যের থেকে বেশী সরবরাহ করতে পারে।
- জ্ঞান ও অভিজ্ঞতার অংশ গ্রহণের মাধ্যমে সম্প্রসারিত জ্ঞান/দক্ষতা/অভিজ্ঞতা অর্জন করা যেতে পারে।
- দলের মধ্যে মানসিক উচ্ছ্বাসের মাধ্যমে অনেক ও নানাবিধ ধারণা জন্ম নিতে পারে।
- ত্রুটিগুলো চিহ্নিতকরন ও খুব সহজে সংশোধিত হতে পারে।
- কার্যক্রমে অংশগ্রহণ ছাত্রদের দায়বোধ্যতা বাড়াতে পারে।

দলগত কার্যক্রম পরিকল্পনা ও পরিচালনা করতে বিভিন্ন অসুবিধা দলগত শিখনের সঙ্গে সম্পর্কীত থাকে যেগুলি সম্বন্ধে সাবধানতা অবলম্বন করতে হয়।

- যোগদানকারীদের মধ্যে যথেষ্ট সহযোগিতার অনুপস্থিতি বা অভাব।
- অসম অংশ গ্রহণ, এক বা একাধিক ব্যক্তির অত্যাধিক কর্তৃত্ব থেকে অবাধে আংশিক বা সম্পূর্ণ অংশগ্রহণ না করার ইচ্ছা / নিজেকে তুলে নেওয়ার ইচ্ছা।
- দলে আলোচিত বিষয়ের উপর ব্যক্তি শিক্ষাথী'র উপর চাপ (বহিস্থ বা অভ্যন্তরীন) একমত বা বিপরীত মতাবলম্বী হতে।
- কাজে নিয়মতান্ত্রিক অভিগমনের অনুপস্থিতি।
- ত্রুটিপূর্ণ/সন্দেহজনক/পরিবর্তনশীল সিদ্ধান্ত গ্রহণ প্রণালী।
- ফলাফলের তাৎক্ষণিক মূল্যায়ন অকালপক্ক হতে পারে।

শ্রেণীকক্ষে দলগত শিখন সংগঠিত করতে শিক্ষকের ভূমিকা হল প্রধানত একজন সহায়ক ও পথ নির্দেশক। আলোচনার জন্য বিষয়/বিষয়গুলো স্থির করার পর বা দলে সমস্যা/সমস্যগুলো সমাধানের জন্য শিক্ষকের তিনটে প্রধান কাজ আছে। দলগঠন করা, দলে যোগাযোগ রক্ষার সুবিধা দান ও দলে শিক্ষার্থীদের উদ্ভুত ফলাফল একত্রীকরণ করা।

ছাত্রদের প্রধানত চার ধরনের দলে বিভাজন করা হয়। সামর্থ অনুযায়ী দলে বিভাজন আগ্রহ অনুযায়ী দলে বিভাজন, পছন্দ অনুযায়ী দলে বিভাজন ও এলোপাথারি দলে বিভাজন।

- ***সামর্থ অনুযায়ী ছাত্রদের দলে বিভাজন (সমপ্রকৃতির দল-বিভাজন) :*** সামর্থ অনুযায়ী দল বিভাজন হল একটা পদ্ধতি যাতে আপনি প্রত্যেক ব্যক্তিগত ছাত্রের সামর্থ দেখবেন এবং তাকে একই সামর্থের অধিকারী অন্য ছাত্রদের সঙ্গে রাখবেন। উদাহরণ, অঙ্কের সমাধান কার্য্যক্রমে পরীক্ষিত উচ্চ, গড় ও নিম্ন সামর্থের ছাত্রদের তিনটে আলাদা দলে রাখা হল। আপনি প্রতিদ্বন্দিতা পূর্ণ কাজ উচ্চ সামর্থ-সম্পন্ন দলকে দিতে পারেন যখন নিম্ন সামর্থের দলকে সহজ কাজ দিতে পারেন তাদের অঙ্ক বিষয়ক ধারণাও কার্যকলাপের বোধ ও দক্ষতাকে অধিকতর শক্তিশালী করার জন্য। এটা ছাত্রদের একটা সুযোগ দেবে যৌথ প্রচেষ্টার সঙ্গে তাদের চিন্তাকে এগিয়ে নিয়ে যাওয়ার, তাদের সামর্থের স্তর অনুযায়ী সঠিক সমাধান করার জন্য। নিম্ন সামর্থের ছাত্রদের নি:সন্দেহে আপনার ব্যক্তিগত সহযোগীতার প্রয়োজন এবং এভাবে এ-ধরনের দল বিভাজন হতে পারে সংশোধনীর জন্য। অসুবিধা হল যে কখনো কখনো এই দল অনুসারে ছাত্ররা পরিচিত হয় ভালো হিসাবে বা মন্দ ছাত্র হিসাবে। দুর্বল

নোট

ছাত্ররা হতোদ্দম হতে পারে যেটা তাদের আত্ম-বিশ্বাসের উপর বিপরীত প্রভাব ফেলতে পারে।

- *আগ্রহ অনুযায়ী দল গঠন :* একটা শ্রেণীকক্ষ চিন্তা করুন, যেখানে শিক্ষক পরিকল্পনা করেছেন একসঙ্গে নানা ধরনের কাজ করার জন্য। কার্যক্রমগুলো হল : অঙ্কন, মাটির মূর্তি নির্মান ও কাঁচে নকসা করা। শিক্ষক জানেন তার ছাত্রদের আগ্রহ। শিক্ষক ছাত্রদের বললেন তাদের আগ্রহ অনুযায়ী বিভিন্ন দলে বসতে। তদনুসারে ছাত্ররা নিজেরা দল করল। একটা দল অঙ্কনে নিয়োজিত হল, অন্য দল মাটির মূর্তি নির্মানে, ও অন্য দলটি কাঁচে নকসা করতে। প্রত্যেক দল সর্বসম্মতভাবে তাদের বন্ধুদের সঙ্গে কাজ করল।

  আগ্রহ অনুযায়ী ছাত্রদের দল গঠনে তাদের সাহায্যকারী হিসাবে পাওয়া যায়। এই দল গঠন পদ্ধতির সুবিধা হল যে সম আগ্রহী ছাত্ররা একত্রে তুলনামূলকভাবে কাজ করতে পারে। তারা একে অপরের কাছ থেকে শেখে, তারফলে তাদের দক্ষতা/কার্যক্ষমতা উন্নত হয়। এ ধরনের দল বিভাজনের অপকারিতা হল যে ছাত্রদের আগ্রহ সীমিত এক বা দুটো মাত্র ক্ষেত্রে, সুতরাং প্রকাশের অভাব তাদের চিন্তাকে সংকীর্ণ করে দিতে পারে।

- *ছাত্রদের পছন্দ অনুযায়ী দল গঠন :* ছাত্রদের অনুমতি দেওয়া হয় তাদের দলের অংশীদারদের পছন্দ করার - এটা এক ধরনের দল গঠন। এই ধরনের দল গঠনে, ছাত্রদের অনুমতি দেওয়া হয় তাদের অংশীদারকে বাছাই করতে বা ছাত্রদের দলকে যার সঙ্গে তারা কাজ করতে আগ্রহী। এ ধরনের দল গঠনের সুবিধা হল এখানে ছাত্ররা আরো ভালভাবে কাজ করতে পারে ঐক্যবন্ধ ভাবে যেহেতু তারা নিজেরা তাদের অংশীদারকে পছন্দ করেছে। পছন্দের স্বাধীনতা দেওয়ায়, এ ধরনের দল গঠন প্রাথমিক ভাবে ভালো বোধের দ্বারা ও আরো ভালো দলগত কাজের দ্বারা চিহ্নিত হয়। অসুবিধা হল যে যখন ছাত্রদের তাদের দলের অংশীদার পছন্দ করতে অনুমতি দেওয়া হয়, তখন এটা ঘটতে পারে যে তাদের মধ্যে কয়েকজন কোন দলের সঙ্গে যুক্ত হয় না। পছন্দের স্বাধীনতা বেঠিক প্রয়োগের ক্ষেত্রে ছাত্রদের ইচ্ছা পূরণ হয় গল্প করে বা এধরনের অন্য কাজে, যেটা কার্যক্ষেত্রে অবহেলা দেখা দেয়।

- *এলোপাথারিভাবে ছাত্র-দল গঠন (বিভিন্নধর্মী) :* এলোপাথারিভাবে ছাত্রদের দল গঠন ছাত্রদের অন্য ছাত্রদের তুলনায় ধীর বা উন্নত হিসাবে চিহ্নিত হওয়া থেকে রোধ করতে সাহায্য করতে পারে। এলোপাথারি দল গঠন ছাত্রদের গণনার মাধ্যমে, জোড়া বা শ্রেণী বিভাজনের অন্য পদ্ধতির দ্বারা ও সম্পাদিত হতে পারে।


  এ ধরনের দল গঠনের সুবিধা হল যে ধীর ও উন্নত ছাত্ররা একে অপরের সঙ্গে মিথষ্ক্রিয়া করে এবং শেখে। ছাত্ররা একে অপরকে সাহায্য করে এবং তাদের ত্রুটিগুলো সংশোধন করে হতবুদ্ধি না হয়ে। অসুবিধা হল যে কখনো কখনো তুলনামূলক ভালো ছাত্ররা ধীর গতির উন্নয়নকে প্রভাবিত করতে পারে। অধিক সমর্থ-ছাত্ররা দ্রুত গতিতে চালিত হয় দুর্বলদের অনেক পিছনে ফেলে রেখে।

## E5. যখন দল গঠন করবেন তখন সব থেকে গরুত্বপূর্ণ জিনিষ কি আপনি মনে রাখবেন?

দলগত কর্মে লিপ্ত ছাত্রদের সঙ্গে আপনি স্বাধীনভাবে মিথষ্ক্রিয়ার জন্য, আপনার প্রয়োজন ভালভাবে ছাত্রদের সঙ্গে যোগাযোগ রক্ষা করা। এটা শুধুমাত্র উদ্দেশ্যমুখী কাজ করতে উৎসাহিত করতে সাহায্য করে না বরং অন্য নানাবিধ উদ্দেশ্য সফল করে যেমন শিক্ষার্থীদের কাজে স্ব-নির্ভরতা তৈরী

নোট

করা দলে সদস্যদের মধ্যে অন্য দলের সদস্যদের মধ্যে উন্নত মানের বোঝাপড়া তৈরী করা। 5.2 নক্সায় প্রদর্শিত দলের সঙ্গে যোগাযোগ রক্ষা করতে আপনার জন্য দু'টো সম্ভাব্য পথ আছে। প্রথম ক্ষেত্রে (নকসা 5.1a), আপনি শিক্ষক হিসাবে (T) ব্যক্তিগত ছাত্রদের (S) সঙ্গে সরাসরি যোগাযোগ রক্ষা করতে পারেন সঙ্গীদের মিথষ্ক্রিয়া কোন সুযোগ না দিয়ে। দ্বিতীয় পরিস্থিতি (নকশা 5.1) আপনি দলের সঙ্গে যোগাযোগ রক্ষা করতে পারেন দলের সদস্য হিসাবে। এক্ষেত্রে, আপনি ছাত্রদের সঙ্গে দলে সমান অংশীদার হিসাবে অংশ নিতে পারেন যেখানে প্রত্যেকের (শিক্ষক হিসাবে আপনার সহ) অন্য সদস্যদের সঙ্গে মিথষ্ক্রিয়া করার স্বাধীনতা আছে। এভাবে, প্রথম নমুনায়, শিক্ষক সমস্থ যোগাযোগ রক্ষা করার প্রক্রিয়াকে নিয়ন্ত্রণ করেন। যেখানে দ্বিতীয় নমুনায় দলগত নিয়ন্ত্রণ কর্তৃত্ব থাকে।




নকশা 5.1 : দলগত শিখন পরিস্থিতিতে দুই ধরণের যোগাযোগ রক্ষাকারী নকশা।

(উৎস : এলিংটন ও আর্ল, 1996)

ধরে নিন আপনি লক্ষ্য করলেন যে কয়েকজন ছাত্রের আপনার শ্রেণীতে নির্দিষ্ট শিখন সমস্যা আছে যেমন সঠিকভাবে ইংরাজী শব্দ উচ্চারণ করা বা সময়ে সমস্যা সমাধান ও কাজ করা। এ ধরনের পরিস্থিতিতে, আপনার নেওয়া প্রয়োজন দলের সম্পূর্ণ নিয়ন্ত্রণ ও প্রত্যেক ছাত্রের সঙ্গে তাদের সমস্যা নিয়ে সরাসরি আলোচনা করা। কিন্তু, অন্য উদ্দেশ্যে যোগোযোগ রক্ষার দ্বিতীয় নমুনা ভালো ফলাফল দেয়।

সুতরাং যখন আপনার পাঠ পরিকল্পনা করবেন, তখন সমস্ত শ্রেণী হিসাবে একত্রে ছাত্রদের সরাসরি শিক্ষার পরিবর্তে, তাদের ছোট ছোট দলে ভাগ করে ও দলগত কাজে অংশ গ্রহণে উৎসাহ দেওয়া আরো বেশি ফলপ্রসু হবে। দল গঠনের সব চেয়ে গুরুত্বপূর্ণ জিনিষ হল ছাত্ররা আরাম করে দলে যাতে কাজ করতে সমর্থ হয় তা নিশ্চিৎ করা এবং তাদের নিজেদের মধ্যে যাতে প্রচুর মিথষ্ক্রিয়ার ব্যবস্থা থাকে।

শিক্ষক হিসাবে ছাত্রদের কাছে ব্যাখ্যা করা প্রয়োজন কিভাবে দলে ভালোভাবে কাজ করা যায়। ছাত্রদের জন্য আপনার ও সুযোগ স্থাপন করা প্রয়োজন অর্থপূর্ণ ও উৎপাদনশীল পদ্ধতি একত্রে কাজ করার জন্য। এই প্রসঙ্গে ছাত্ররা তাদের সহযোগিতার দক্ষতার উন্নতি ও মসৃণ করতে পারে।

নোট

# একক - 6 শিক্ষণ ও শিখনের উপাদান

কাঠামো


6.0 – সূচনা
6.1 – শিখনের উদ্দেশ্য
6.2 – শিক্ষণ-শিখন উপকরণের প্রয়োজনীয়তা
6.3 – শিক্ষণ শিখন উপকরণের শ্রেণীবিভাগ
6.3.1 – টি.এল.এম-এর প্রকারভেদ
6.3.2 – আই.সি.টি ও টি.এল.এম
(TEACHING LEARNING MATERIALS AND INFORMATION AND COMMUNICATION TECHNOLOGY)
6.3.3 – সক্রিয়তা ভিত্তিক শিক্ষণ শিখন উপকরণ।
6.4 – শিক্ষণ শিখন উপকরমের ব্যবস্থাপনা
6.4.1 – টি.এল.এম এর সংগ্রহ, প্রস্তুত ও মজুত করণ
6.4.2 – টি.এল.এম-এর ব্যবহার ও রক্ষা করা
6.4.3 – টি.এল.এম রাখার নিভৃত স্থান ও এর ব্যবহার
6.5 – টি.এল.এম হিসাবে পাঠ্য বই
6.5.1 – শিখনের জন্য পাঠ্য বই
6.5.2 – পাঠ্য বই ছাড়া শিখন
6.6 – সংক্ষিপ্তসার
6.7 – আপনার অগ্রগতি যাচাই করে নিন - আদর্শ উত্তর
6.8 – সুপারিশ কৃত পাঠ ও উল্লেখ্য
6.9 – একক শেষে অনুশীলনী



## 6.0 (ভূমিকা)

ব্লক - 1 এ, আপনি

নিম্নলিখিত অবস্থা পাঠ করুন।

**অবস্থা 1 :** *আপনি শিখেছেন শিখন ও শিক্ষণ প্রক্রিয়ার বিভিন্ন পদ্ধতি। শ্রেণীকক্ষে এই পদ্ধতিগুলোর মধ্যে যে কোন একটা পদ্ধতি নিয়োগ করার সময় আপনাকে প্রায়ই ব্যবহার করতে হবে বিভিন্ন উপকরণ যেগুলো আপনাকে বিষয়টা ব্যাখ্যা করতে এবং সহযোগিতা করবে ছাত্রদের বোধ শক্তিকে। বিভিন্ন প্রকারের শিক্ষণ শিখন উপকরণ ব্যবহারের দ্বারা ছাত্রর প্রত্যক্ষ অভিজ্ঞতা পায় যা তাদের শিখনকে সহায়তা করে। এই এককে বিভিন্ন ধরণের শিখন উপকরণ এবং শিক্ষণে তাদের ব্যবহার ও তেমণিই শিখন আলোচনা হচ্ছে আপনাকে ক্ষমতা প্রদান করার উদ্দেশ্য। উন্নয়ন করতে, শিক্ষণ-শিখন, (টি.এল.এম) উপকরণ ব্যবহার করতে শ্রেণীকক্ষে সফল শিখনে সহযোগিতা করার জন্য।*

এই একক সমাপ্ত করতে এবং টি.এল.এম এর বিভিন্ন দৃশ্য বুঝতে, আপনি প্রায় নয় (9) ঘন্টা অধ্যয়নের সময় পড়বেন।



নোট

## 6.1 শিখনের উদ্দেশ্য

এই একক শেষ করার পর, আপনি সমর্থ হবেন :

- শিখনে বিভিন্ন টি.এল.এম-এর প্রয়োজনীয়াতা বর্ণনা করা।
- শ্রেণীকক্ষে ব্যবহারের জন্য বিভিন্ন শ্রেণীর টি.এল.এম চিহ্নিত করা।
- শ্রেণীকক্ষে ছাত্রদের শিখনের জন্য টি.এল.এম. সংগ্রহ, প্রস্তুত, মজুত করণ ও রক্ষা করা।
- শ্রেণীকক্ষে টি.এল.এম রাখার নিভৃত স্থানের উন্নয়নও সক্রিয় করা।
- গুরুত্বপূর্ণ টি.এল.এম হিসাবে পাঠ্যপুস্তকে ব্যবহার করা।
- পাঠ্যপুস্তক ছাড়া টি.এল.এম-এর অন্য উৎস ব্যবহার করা।

## 6.2 শিক্ষণ শিখন উপকরণের প্রয়োজনীয়তা

আপনি যখন ভূগোল থেকে একটা বিষয় ব্যাখ্যা করছেন, ইতিহাস থেকে একটা ঘটনা বর্ণনা করছেন, শিক্ষা দিচ্ছেন কিভাবে একটা কবিতা আবৃত্তি করা যায়, অথবা শ্রেণীতে একটা অঙ্কের সমস্যা সমাধান করছেন, তখন আপনি আপনার উপস্থাপনা আরো আনন্দদায়ক এবং আরো অর্থপূর্ণ শিক্ষার্থীদের জন্য করতে পারেন কিছু দৃষ্টিগোচর বস্তু বা উপকরণ ব্যবহার করে আপনার মৌখিক বর্ণনাকে সাহায্য করার জন্য। শ্রেণীকক্ষে বিষয়বস্তু বোঝা আরো উন্নত করতে এবং শিখন আরো আনন্দদায়ক করতে দেখা যায় অনেক ধরনের উপকরণ ব্যবহার। চীনারা বলেন, ''একটা ছবি হাজার কথা বলে'', এই প্রসঙ্গে প্রাসঙ্গিক হয়েছে।

আগে শ্রেণীতে সাহায্যকারী হিসাবে বেশিরভাগ শিক্ষকদের দ্বারা উপকরণগুলো মিতব্যয়ীতার সঙ্গে ব্যবহৃত হতো। কিন্তু আজকাল শিক্ষার্থী কেন্দ্রীক প্রক্রিয়ায় শিক্ষণ থেকে শিখনে দ্রুত জোড়ালভাবে পরিবর্তনের সঙ্গে, দলগত বা ব্যক্তিগত শিখনে শিক্ষার্থী তার সামর্থ্য উন্নয়ন করতে আরো বেশি বিভিন্ন ধরনের উপকরণ তার প্রয়োজন। সুতরাং শিখন উপকরণ 'শিক্ষণ সহায়ক' হিসাবে নিয়ন্ত্রিতভাবে এখন আর ব্যবহৃত হয় না। বরং শিখনের জন্য ছাত্রদের দ্বারা এবং শিক্ষণের সহায়তার জন্য শিক্ষকদের দ্বারা তাদের ব্যবহার করা উচিত। অর্থাৎ, সঠিকভাবে এরূপ উপকরণকে বলা হয় 'শিক্ষণ-শিখন উপকরণ' এবং অন্য শব্দের আদ্যক্ষর নিয়ে গঠিত শব্দবন্ধ 'টি.এল.এম' এখন সর্বজনীন ব্যবহার হয়। এই উপকরণগুলোর রূপও প্রকৃতি আরো ভালো করে বোঝা, শ্রেণীতে শিক্ষণ-শিখনের সফল ব্যবস্থাপনার সম্পর্ক থেকে দেখা ও অপরিহার্য্য যাতে তারা শিখনে সহায়তা করার জন্য সফলভাবে ব্যবহৃত হতে পারে।

কিন্তু শিক্ষণ শিখনে টি.এল.এম-এর প্রয়োজনীয়তা কি বিশেষত : বিদ্যালয়ের প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের জন্য ? মনোবিজ্ঞান ও শিক্ষাবিজ্ঞান উভয়ের দৃষ্টিভঙ্গীতে, বিভিন্ন কারণে শিখনে সহায়তা করার জন্য বাস্তব উপকরণগুলো অপরিহার্য্য, তার কিছু নিম্নে প্রদত্ত হল :

- নতুন ধারণার শিখন সহজতর হয় যদি ধারণার সঙ্গে সম্পর্কীত পরিচিত উপকরণ শিক্ষার্থীর কাছে উপস্থাপন করা হয়।

নোট

**অবস্থা 1 :** একদিন মিস. সীমা, দ্বিতীয় শ্রেণীর শিক্ষিকা, শ্রেণীতে বিভিন্ন ধরণের ফল ও সব্জী আনলেন এবং শিশুদের সেগুলোকে শনাক্ত করতে বললেন। শিশুরা ফলগুলো শনাক্ত করল যেমন - আপেল, কমলালেবু, পেয়ারা ও আম এবং সব্জী গুলো যেমন - কাঁচকলা, বেগুন, পাকা টমেটো এবং কাঁচা পেঁপে। দফাগুলোর মধ্যে একটা তারা শনাক্ত করতে পারল না যেটা নিম্নলিখিত আলোচনা সৃষ্টি করে :

রাণু : ‘‘এটা কাঁচা টমেটোর মতো দেখতে, কিন্তু এর খোসা না উজ্জ্বল না মসৃণ।’’

জিনা : ‘‘সম্ভবত এটা এক ধরণের বেগুন হতে পারে, কিন্তু এটা আকারে একটা বড় টমেটোর থেকে তুলনামূলক বড়।’’

রেহেনা : ‘‘বেশ, এটা বেগুন বা টমেটোর মতো নরম নয়’।

জেস্‌মীন : ‘‘এটা কি একটা পেয়ারা হতে পারে? রান্না ছাড়া এটাকে কি আমরা কাঁচা খেতে পারি? (শিক্ষিকার অনুমতি নিয়ে এর এক টুকরো স্বাদ নিল)।

জিনাত্‌ : ‘‘এটা কি একটা ফল, বা একটা সব্জী?’’

জেস্‌মীন : ‘‘না এটা একটা ফল হতে পারে না কারণ এটা সুস্বাদু নয়।’’

শিক্ষিকা তারপর হস্তক্ষেপ করলেন এবং পরিষ্কার করলেন ‘‘হ্যাঁ, এটা একটা ফল নয়, এটা একটা সব্জী যাকে বলে ‘গ্রোমাটো’ যেটা বেগুন ও টোমাটোর বিজের শঙ্কর উৎপাদনে জন্ম লাভ করেছে। সে কারণে তোমরা ঐ দুটো সব্জীর সঙ্গে-অনেক মিল খুঁজে পেতে পার।’’

যেমন শিশুরা ঠিক তেমন প্রাপ্ত বয়স্করা তাদের অভিজ্ঞতা অর্জন শুরু করে, তাদের পরিচিত বস্তু বা ঘটনার প্রত্যক্ষ পর্যবেক্ষণ থেকে। যখন একজন শিশু একটা সম্পূর্ণ নতুন বস্তুর সাক্ষাৎ পায় তখন সে চেষ্টা করে জানা বস্তুর বৈশিষ্ট্যসমূহ এটার উপর রেখে বস্তুটি ও এর প্রকৃতি শনাক্ত করতে। অনেক সংখ্যক বস্তুর সঙ্গে যদি তার পরিচিতি থাকে, তখন এটা তুলনামূলকভাবে সহজতর হয় অনুপম বৈশিষ্ট্যগুলোর ও একইধরনের বস্তুর পুঙ্খানুপুঙ্খনভাবে পরীক্ষা করার জন্য।

পরিস্থিতি বিবেচেনা করুন যেখানে শ্রেণীকক্ষে যাতে মি. ভিবেক শিক্ষা দিতে গেছেন যেখানে ছাদে ছিদ্র, মেঝে ও বসার আসন ভিজে, এবং আসনগুলো ও সামগ্রী শ্রেণীতে চারদিকে ছড়িয়ে। নিশ্চয়ই, কোন কার্যক্রমকে কেন্দ্রবিন্দু করতে এগুলো শিশুদের জন্য উপযোগী নয়। যদি আপনি মি. ভিবেকের স্থানে থাকতেন তাহলে আপনি কি করতে পারতেন? নিশ্চয়ই, নিরাপত্তা, নিরাপদ ও আরামদায়ক অবস্থা শ্রেণীর জন্য নিশ্চিত করতে আপনি সাবধানতা অবলম্বন করতেন। শ্রেণীকক্ষের বাস্তব অবস্থার সঙ্গে এগুলো সম্পর্ক স্থাপন করে যা শিশুদের নিরাপত্তা ও আরাম দেওয়ার জন্য প্রয়োজন। শ্রেণীকক্ষের বাস্তব পরিবেশ ও যুক্ত থাকে শ্রেণীকক্ষে দ্রব্যাদির সংস্থান যা শিশুদের ও শিক্ষকদের দ্বারা ব্যবহৃত হয় সাবলীল শিখনের জন্য।

- প্রত্যক্ষণ হল শিখনের প্রবেশ পথ। প্রত্যক্ষণ পরিচ্ছন্ন হয় যখন পদার্থের সংবেদন বিভিন্ন পদ্ধতিতে হয় যেমন দেখে, শুনে, স্পর্শ করে, স্বাদ নিয়ে, এবং জ্ঞানেন্দ্রিয় ব্যবহার করে ঘ্রান নিয়ে। উপকরণের বিভিন্ন রং আকার, গঠন, গন্ধ এবং ধারালো প্রত্যক্ষণের স্বাদ এবং এভাবে শিখন সহজতর হয় বিশেষতঃ ছোট বয়সে।

পিয়াঁজের জ্ঞানমূলক বিকাশের স্তর অনুসারে, 11 থেকে 12 বছর বয়স পর্যন্ত, পরিচিত ও বাস্তব বস্তুর সংবেদন ব্যবহার জ্ঞান বিকাশে সাহায্যে করে। বিশেষত: বাস্তব সক্রিয়তার স্তরের সময়, 7

নোট

থেকে 12 বছর পর্যন্ত, অর্থাৎ শিশু যখন প্রাথমিক বিদ্যালয়ে থাকে, মানসিক সক্রিয়তা বাস্তব ও পরিচিত বস্তু ব্যবহারের সহায়তায় পরিচালিত হয়। এই স্তরে চিন্তন বা জ্ঞানমূলক বিকাশের উল্লেখযোগ্য দূরত্ব নির্দেশক ফলক যেমন বিপরীত সক্রিয়তার আত্তীকরণ (যেমন-বিয়োগ হল যোগের বিপরীত), বস্তুর অর্জিত গুণ ও বস্তুর ধারাবাহিকতা, বিষয়বস্তু সংরক্ষণের উপলব্ধী, ওজন, ঘনফল, দৈঘ্য, আয়তন, মোট পরিমান সম্ভব হয়, কারণ বস্তুর বাস্তব সক্রিয়তা এবং বিনা কারণে কোন মৌখিক ব্যাখ্যা বা মিথষ্ক্রিয়া। এই স্তরে শিশু কোন চিন্তা চালিয়ে যেতে পারে না যা যুক্ত থাকে প্রতিচ্ছবির বস্তু পরিচালনায় তাদের বাস্তবিক স্পর্শ না করে। অর্থাৎ, তারা বিমূর্ত চিন্ততে অসমর্থ 'যদি ........তারপর' যুক্তি ব্যবহার করে। উদাহরণত :, এই স্তরে যখন একটা শিশুকে জিজ্ঞেস করা হয়, ''যাদের ডানা আছে তারা উড়তে পারে। যদি বিড়ালের ডানা থাকে, তারা উড়তে পারে?'' এটা পর্যবেক্ষণ করা হল যে বেশিরভাগ শিশু এই প্রশ্নের উত্তর প্রত্যাখ্যান করল। কিছু বৈশিষ্ট্যমূলক উত্তর দিল, ''কিন্তু বিড়ালের ডানা নেই।'' ''বিড়াল দৌড়াতে পারে এবং উড়তে পারে না''। ''কেন বিড়াল উড়বে?'' এই স্তরে শিশুরা তাদের বাস্তব অভিজ্ঞতাও বস্তু এবং তাদের চারদিকে সামগ্রী যা তাদের প্রকৃত বাস্তবতা তৈরী করে তার থেকে পরিবর্তন করতে চায় না। যতই বেশি বস্তুর সঙ্গে মিথষ্ক্রিয়া করে ততো বেশি ভাল হয় তাদের জ্ঞানমূলক বৃদ্ধি যা সফল শিখনের জন্য অত্যাবশ্যক। এই বয়সের শিশুর জন্য কঠিন ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুর অনুপস্থিতে কোন ধারনা বুঝতে। সুতরাং, প্রাথমিক বিদ্যালয়েশিক্ষাদানের সময়কালে, স্বাস্থ্যকর বৃদ্ধির জন্য বিভিন্ন আয়তনের বাস্তব বস্তুর ব্যবহারের যথেষ্ট সুযোগের প্রয়োজন।

- পিঁয়াজের কাজ আবিষ্কার করেছে যে, 12 বছর বয়সে পৌঁছানোর আগে যে সব শিশুরা বাস্তব বস্তু ব্যবহারে দক্ষ, তারা বিমূর্ত চিন্তন পরিচালনার ক্ষমতা অর্জন করেছে তুলনামূলক দ্রুত পদক্ষেপে, যারা বাস্তব বস্তু ব্যবহারে ততটা দক্ষ নয় তাদের তুলনায়। এটা জোর দেয় প্রাথমিক স্তরের শিক্ষায় টি.এল.এম এর অপরিহার্য্য প্রয়োজনীয়তায়।

- বিভিন্ন উপকরণ নিয়ে শিশুরা খেলতে পছন্দ করে এবং তারা উপকরণ ব্যবহারে নিজেদের সহজে নিয়োজিত রাখে। যখন তাদের একটা সঠিক কাজের ভার দেওয়া হয় যথেষ্ট ও সঠিক উপকরণ সহ, শিশুরা সাধারণত উপকরণের প্রতি আকৃষ্ট হয় এবং কাজটি সম্পূর্ণ করার জন্য উপকরণ ব্যবহারের করতে পছন্দ করে। কোন উপকরণ ছাড়া কাজ মনে হয় সম্পূর্ণ এক ঘেয়ে এবং শিশুদের জন্য বোঝা স্বরূপ এবং প্রথম থেকে এই উপলব্ধীতে কাজটি সম্পূর্ণ করা খুবই কঠিন।

- ছোট শিশুরা সাধারণত বিভিন্ন রঙের ও আয়তনের বস্তুর প্রতি আকৃষ্ট হয় এবং তাদের কৌতূহল দেখা যায় এগুলোকে বিভিন্নভাবে ব্যবহার করায়। যেটা যখন লালন পালন করে যত্ন সহকারে তখন বিভিন্ন ধরনের বস্তুর সঙ্গে খেলা সাহায্য করে তাদের খেলার অভ্যাস উন্নত করতে। এটা তাদের সৃজনী ক্ষমতাকে বৃদ্ধি করতে সাহায্য করে।

- শিখনের কাম্য উদ্দেশ্যের সঙ্গে সম্পর্কীত বিভিন্ন ধরণের উপকরণ শিক্ষক-কেন্দ্রিক শ্রেণীকক্ষের একঘেয়েমী যেটা বেশিরভাগ ক্ষেত্রে যন্ত্রবৎ শিখন তা ভাঙ্গায় গুরুত্বপূর্ণ ও ধনাত্মক ভূমিকা পালন করতে পারে। শিশুদের সামনে উপকরণের উপস্থিতি তাদের স্বতস্ফূর্ত খেলতে ও এই উপকরণগুলোর সঙ্গে ব্যবহার করতে প্ররোচিত করে। এভাবে তাদের সক্রিয় শিক্ষার্থী তৈরী করে। এই উপকরণগুলো শিশুদের সাহায্য করে সুন্দরভাবে শিখন কার্যক্রমে অংশ গ্রহণ করতে তাদের নিষ্ক্রিয় শ্রবণ হ্রাস করে।

- সফল স্বয়ং-শিখনের জন্য টি.এল.এম-এর প্রয়োজন হয়। সঠিক উপকরণ ব্যবহার করে, একজন তার নিজস্ব সুবিধা অনুযায়ী তার শিখন পদক্ষেপে সম্পূর্ণ নিয়ন্ত্রণ রেখে শিখতে পারে।
- বহুমুখী মান ও বহু-স্তরীয় পরিস্থিতির ক্ষেত্রে, টি.এল.এম শিক্ষকদের গুরুত্বপূর্ণ সাহায্য করে তাদের শ্রেণীর সফল ব্যবস্থাপনা জন্য।
- টি.এল.এম. ব্যবহার করে শিক্ষকদের প্রবণতা হয় খুব বন্ধুত্বপূর্ণ। যখন মূর্তি ব্যাখ্যা করা, প্রদর্শনী দেখানো অথবা শিক্ষার্থীদের বহি:স্থ স্থানে নিয়ে যাওয়া হয়, তখন একটা বন্ধুত্বপূর্ণ আবহাওয়া সৃষ্টি হয় যা যথাযথ শিখনে অনেক সাহায্য করে।

**E.1 নিম্নলিখিত কোন্ পরিস্থিতিতে ছাত্রদের শিখনে সাহায্য করার জন্য আপনার টি.এল.এম-এর প্রয়োজন হয় না?**

A. কাজ ও সময়ের উপর শিক্ষণ সমস্যা।

B. গল্প লিখনে দলগত কাজ।

C. ধ্যান ও যোগ শিখন।

D. আবহাওয়া পরিবর্তনের পাঠ।

**ভাল টি.এল.এমের বৈশিষ্ট্য :**

একটা ভাল শিক্ষণ শিখন উপকরণের কিছু বৈশিষ্ট্য নিম্নে প্রদত্ত হল।

- টি.এল.এমের প্রয়োজন শিশুদের কাছে আকর্ষণীয় হওয়া। আয়তন, রং (বহুবর্ণ বা উজ্জ্বল বা মর্মস্পর্শী রংয়ের সংযুক্তি), চালনা (চলমান খেলনার মতে) এবং কিছু ক্ষেত্রে গন্ধ বা এবং স্বাদ বা শব্দ হল উপকরণের কিছু আরোপিত গুণ যা ছোট শিক্ষার্থীদের মনযোগ আকর্ষণ করে।
- টি.এল.এমের ঘনিষ্টতা নতুন ধারণা প্রবর্তন করতে সাহায্য করবে। শিশুরা এই উপকরণগুলো সহজে ব্যবহার করতে ও পারে নতুন ধারণার অর্থপূর্ণ শিখনের জন্য।
- উপকরণের নতুনত্ব ও শিশুদের আকর্ষণ করে। অসাধারণ উপকরণগুলো বা পরিচিত উপকরণের অভিনব ব্যবহার হল ভাল টি.এল.এমের আকর্ষণীর বৈশিষ্ট্য।
- উপকরণের উপযোগী মূল্য থাকা উচিত। কোন উপকরণ না ভাল অথবা না মন্দ, এর সঠিক ব্যবহার উপকরণকে ভাল বা মন্দ করে। একটা সুন্দর ও আকর্ষণীয় ফুল সৌন্দর্য্যবোধ বিশিষ্ট অনুভূতি বৃদ্ধি করে কিন্তু এটা বর্গক্ষেত্রে বৈশিষ্ট্য শিক্ষা দিতে ভাল উপকরণ নয়।
- ঘুঁটি, লাঠি, পাথর ও ঝকঝকে কার্ড এর মত বহুবিধ উপযোগ সম্পন্ন উপকরণের অনেক ব্যবহার হতে পারে প্রাথমিক বিদ্যালয়ের পাঠক্রমের প্রায় সমস্ত বিষয়ের ক্ষেত্রে এবং এভাবে বিদ্যালয়ে টি.এল.এম হিসাবে অধিক চাহিদা আছে।

নোট

- সহজে উপকরণ পরিচালনা যেটা বলিষ্ঠ (বাজে কাজের জন্য যথেষ্ট শক্ত), হালকা ওজন, এবং নিরাপদ (শিশুদের দ্বারা ব্যবহারের জন্য অক্ষত) হল একটা গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য যার জন্য এরূপ উপকরণকে পছন্দ করা হয় শিক্ষণ শিখন প্রক্রিয়ায়।

**কর্মতৎপরতা-1**

ঘুটি ও প্রস্তর খন্ড, যার বিষয়ের ক্ষেত্রে বিভিন্ন শিখন কার্যক্রমে বহুবিধ ব্যবহার হয়, এর মত উপকরণের একটা তালিকা প্রস্তুত করুন। এরূপ উপকরণের নাম, শিখন, কার্য্যক্রম ও বিষয় (মান ও শ্রেণী সহ) নির্দেশ করুন কোন্‌টার জন্য প্রত্যেক উপকরণ ব্যবহৃত হতে পারে।

..........................................................................................................

..........................................................................................................

..........................................................................................................

**E.2** দ্বিতীয় শ্রেণীর ভাষা ও অঙ্ক শিক্ষণে টি.এল.এম হিসাবে 'ঘুটি' ('Dice') ব্যবহারের উদাহরণ দিন (প্রত্যেক বিষয়ে দুটো করে উদাহরণ)।

## 6.3 শিক্ষণ-শিখন উপকরণের শ্রেণীবিভাগ

উপরের আলোচনা থেকে, আমরা বলতে পারি যে যে কোন বস্তু বা উপকরণ যা শিক্ষণ শিখনে সহায়তা করতে ব্যবহৃত হয় তা শিক্ষণ শিখন উপকরণ (টি.এল.এম) হিসাবে গণ্য হতে পারে। অন্য কথায় যে কোন উপকরণ যা শিক্ষণে ব্যবহার হওয়ার উপযোগী তা হল অপরিবর্তনীয় শিখন উপকরণ। শ্রেণীকক্ষে শিক্ষণ শিখন কার্যক্রমের জন্য বিভিন্ন ধরনের উপকরণের সুবিধার জন্য অর্জন, মজুতকরণ ও ব্যবহারের জন্য উপকরণগুলো নানারূপ সুবিধাজনক ভাবে শ্রেণীবিভক্ত হতে পারে।

### 6.3.1 টি.এল.এমের রূপ

নিম্ন প্রদত্ত পরিস্থিতি - 2 বিবেচনা করুন যেটা লক্ষণীয় করে তৃতীয় শ্রেণীর ছাত্রদের অঙ্ক শিক্ষণে বিভিন্ন শিক্ষককে।


**পরিস্থিতি - 2**

- মি. রমেন ক্লাস - III তে ''সংখ্যার বিভাজন'' শেখাচ্ছেন। তিনি শুধুমাত্র চক ও ডাষ্টার ব্যবহার করছেন এবং ব্লাক বোর্ডে প্রত্যেক জিনিষ লিখে ব্যাখ্যা করছেন এবং তখন ছাত্ররা ঐগুলো তাদের নোট-বইতে লিখছে।
- অন্য বিদ্যালয়ে, মিস. লীলা তাঁর ছাত্রদের বললেন কিছু নুড়ি ও ছোট লাঠি সঙ্গে নিয়ে আসতে তিনি ছাত্রদের ছোট দলে বসালেন এবং প্রদর্শন করলেন কিভাবে একই সংখ্যক কিছু

নোট

*দলের মধ্যে নুড়ি ও লাঠিগুলো ভাগ করবেন। প্রত্যেক দলকে 30 টা নুড়ি বা লাঠি দেওয়া হল এবং একই সংখ্যক উপকরণ ভাগ করে দিতে বলা হল এবং একই সংখ্যক উপকরণ ভাগ করে দিতে বাল হল যতটা সম্ভব বেশি সংগ্রহ করে প্রত্যেক সংগ্রহে একই সংখ্যক উপকরণ দিয়ে। তিনি তারপর প্রত্যেক দলকে বলতে বললেন কতভাবে তারা উপকরণ ভাগ করল।*

*মিস. সবনামন, অন্যদিকে, উন্নত করলেন একটা 5 x 6 অঙ্কের সংখ্যার আয়তক্ষেত্রে ছক (Matrix) কাগজের 10 টা পাতায় যেমন প্রদর্শিত নকশা - 6.1 এবং 2 টা করে পাতা পাঁচটা দলের প্রত্যেককে দিলেন এবং তাদেরকে বললেন প্রত্যেক দলের ছোট বর্গক্ষেত্রে একটা রং ব্যবহার করে ছায়াময়/রঙ্গীন করতে সম সংখ্যাক ছোট বর্গক্ষেত্র গুলো (2 বা 3, বা 5 ছোট বর্গক্ষেত্র একটা বিভাগে) এবং তারপর খুঁজে বার করতে কতগুলো এরূপ ছোট বর্গক্ষেত্রে দল গঠিত হয়েছে।*



*নকশা*-6.1 আয়তক্ষেত্রের সংখ্যা ছক বিভাজন প্রদর্শিত 30 ÷ 3 =10

- *চতুর্থ পরিস্থিতিতে, সমীর সব শিশুকে শ্রেণীকক্ষ থেকে বিদ্যালয়ের বাগানে নেতৃত্ব দিয়ে নিয়ে গেলেন এবং তাদের কিছু ছোট চারাগাছ সরবরাহ করলেন প্রত্যেক সারিতে সমসংখ্যক দিয়ে স্থিরিকৃত সারিতে বপন করতে। তারপর তিনি তাদের বললেন বলার জন্য যে কতগুলি চারাগাছ প্রত্যেক সারিতে বপন করা হয়েছে।*

**E.3** উপরের তিনটি পরিস্থিতির মধ্যে কোন্‌টিকে আপনি মনে করেন যে ছাত্ররা সর্বোচ্চ অসুবিধার সম্মুখীন সম্মুখীন হয়েছে সংখ্যার বিভাজন প্রণালী বুঝতে? কেন?

প্রথম পরিস্থিতিতে, রমেন কর্তব্য পালনে চক, ডাস্টার ও ব্লাক বোর্ড ছাড়া কোন উপকরণ ব্যবহার করেননি এবং ঐতিহ্যগত শিক্ষকের মত শ্রেণীকক্ষে কর্তৃত্ব করেছেন যেখানে ছাত্ররা ছিল নিষ্ক্রিয়। দ্বিতীয় ঘটনায়, নুড়ি বা লাঠির মত উপকরণ ছিল বাস্তব ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু যেগুলো ছাত্ররা সংগ্রহ করেছিল এবং এনেছিল এবং মিস. লীলা উপকরণগুলো ব্যবহার করে বিভাজন প্রণালী ব্যাখ্যা করার পর দলগত শিখনে সহায়তা করেছেন। মিস.সব্‌নম নিজে কিছু উপকরণ উন্নত করেছিলেন এবং এগুলোর উপর ছাত্রদের কাজ করতে দিয়েছিলেন বিভাজন প্রণালীর ভিত্তি সম্পাদন করতে। অপরের সঙেগ বিসদৃশ, সমীর ছাত্রদের শ্রেণীকক্ষ থেকে নিয়ে বাগানে গেলেন এবং ছাত্রদের

নোট

সাহায্যে করলেন বাস্তব জীবনের কার্য্যক্রম, চারাগাছ রোপন করা সম্পাদন করতে উদাহরণগুলো থেকে, আমরা শিক্ষণ শিখন উপকরণকে বাস্তব বস্তু/অভিজ্ঞতা হিসাবে শ্রেণীবিভাগ করতে পারি এবং উপকরণগুলো প্রস্তুত/উন্নত করতে পারি।

(i) বাস্তব উদ্দেশ্যগুলো/অভিজ্ঞতা সমূহ

তাদের চারদিকের ঘটনাসমূহ এবং বাস্তব বস্তু, ব্যক্তিদের প্রত্যক্ষভাবে ব্যবহারের দ্বারা ছাত্ররা প্রথম অভিজ্ঞতা পেল। যাইহোক, প্রাপ্ত বস্তু শিখনকে এগিয়ে নিয়ে যেতে পারে না, শিক্ষণের সময় আপনি অবশ্যই চেষ্টা করবেন ছাত্রদের দেখাতে বাস্তব বস্তুগুলো যাতে তারা বস্তুগুলোর প্রত্যক্ষ অভিজ্ঞতা পায় ধারণার সম্পর্কে যা তারা শিখতে আশা করে। কিন্তু নিম্ন প্রদত্ত কারণে এটা সর্বদা সম্ভব নয় শ্রেণীকক্ষে বাস্তব বস্তু আনা।

- *বস্তুর আয়তন :* আকারে খুব বড় বহন করা, অথবা শ্রেণীকক্ষে মজুত করা অসুবিধা অথবা খুব ছোট ছাত্রদের, দ্বারা দেখা।
- *নিরাপত্তা :* যদি বিপদ্জনক, সুন্দর বলে মনে হয় এমন সাপ, বিছা ইত্যাদি শ্রেণীকক্ষে আনা ছাত্রদের নিরাপত্তা প্রভাবিত করে।
- *মূল্য :* চাকার অংশ বিশেষ বস্তু শ্রেণীর জন্য খুব ব্যয় সাপেক্ষ।

নীচু শ্রেণীতে পরিবেশ বিদ্যা এবং উচ্চ শ্রেণীতে বিজ্ঞান শিক্ষণে, অনেক প্রত্যক্ষ অভিজ্ঞতা ছাত্রদের দেওয়া যেতে পারে কার্যোপযোগী বোঝার জন্য। শিশুরা বিভিন্ন ধরণের বস্তু বা বর্তমান তাৎক্ষণিক পরিবেশের স্থান থেকে প্রত্যক্ষ অভিজ্ঞতা পায় যেমন, অকৃত্রিম ফুল, পর্যবেক্ষণ করা, অরণ্যে হাঁটা এবং ব্যবহারযোগ্য অরণ্যের দ্রব্যাদি সংগ্রহ, বিভিন্ন প্রতিষ্ঠানে যাওয়া যেমন, পঞ্চায়েত অফিস, ব্যাঙ্ক, ডাকঘর এবং তাদের কাজ পর্যবেক্ষণ করা ; মৎস ও জলজ উদ্ভিদ সংরক্ষণের কৃত্রিম জলাধার রাখা ও রক্ষা করা। প্রত্যক্ষ ও বাস্তব অভিজ্ঞতা ছাত্রদের কঠিন ধারণা বুঝতে সাহায্য করে। অর্থাৎ, যতটা বেশি সম্ভব ততটা আপনার ছাত্রদের-দেওয়ার চেষ্টা করতে হবে।

**কার্যক্রম-2**

একটা তালিকা প্রস্তুত করুন বস্তুর, কার্যক্রম ও প্রতিষ্ঠানের যাতে আপনার ছাত্রদের আপনি প্রত্যক্ষ অভিজ্ঞতা দিতে পারেন।

........................................................................................................................

........................................................................................................................

........................................................................................................................

নোট

(ii) প্রস্তুত কৃত টি.এল.এম

আমরা উপকরণগুলোর সঙ্গে পরিচিত বিশেষত যেগুলো নির্দিষ্ট বিষয় বা প্রসঙ্গত শিক্ষণ শিখনের জন্য প্রস্তুত করা হয়েছে। মানচিত্র, নকশা, ছবি, ক্ষুদ্রাকার মূর্তি, খেলনা, টকরো পাথর, রঙীন লাঠি, উজ্জ্বল কার্ড, সংখ্যা ও বর্ণমালা-কার্ড হল সবচেয়ে সাধারণ প্রস্তুতকৃত কিছু টি.এল.এমের উদাহরণ যেগুলোকে শিক্ষকদের জানা ও ব্যবহার করেন। আমাদের শ্রেণীকক্ষের প্রয়োজনের জন্য আমরা দুইভাবে এই উপকরণগুলো পেয়ে থাকি : (i) বাজার থেকে সংগ্রহ (ii) নিজেরা বা কখনো ছাত্রদের যুক্ত করে উন্নয়ণ।



মানচিত্র, ভুগোলক, চার্ট তুলাদণ্ড, পরিমাণের রঙীন বস্ত্রখন্ডের মত সঠিক মানের টি.এল.এম বাজার থেকে কেনা হয়। উপকরণের মূল্য তাদের মান অনুসারে পরিবর্তিত হয়। বেশির ভাগে উপকরণ হল যন্ত্রের সাহায্যে উৎপাদিত এবং সম্পূর্ণ উৎপাদিত সামগ্রী। তাদের দেখতে ভাল এবং তুলনামূলকভাবে বেশি টেকসই। সে কারণে শিক্ষকরা সর্বত্র পছন্দ করে তাদের কিনতে।

### কার্যক্রম-3

আপনি কি কেনা টি.এল.এম পছন্দ করেন আপনার শ্রেণীকক্ষে কার্যক্রমে ব্যবহার করতে? পরিস্থিতির তালিকা করুন যেখানে আপনি কেনা টি.এল.এম খুঁজে পাননা যেটা উপযোগী হবে ব্যবহারের জন্য আপনার উদ্দেশ্যে।

..........................................................................................................................

..........................................................................................................................


..........................................................................................................................

শুধুমাত্র আমরা মানচিত্র, চার্ট, ছবি ইত্যাদির মত সম্পূর্ণ সামগ্রী বাজার থেকে কিনে টি.এল.এম হিসাবে ব্যবহার করি তা নয় বরং অঙ্কনের কাগজ, নকশা-অঙ্কনের কলম, রঙীন উপকরণ, আঠা, কাঁচি, মাপ-কাঠি (ruler) ইত্যাদির মত সামগ্রী কিনে নিজের টি.এল.এম উন্নত/প্রস্তুত করি এবং আমাদের ছাত্রদের সংযুক্ত করে। কিন্তু কেন আমরা টি.এল.এম উন্নত করি যখন যেগুলো বাজারে মেলে?

সম্ভবত, কারণ আমরা সমর্থ হইনা সমস্ত উপকরণ যা আমাদের প্রয়োজন তা বাজার থেকে কিনতে এবং কখনো কখনো বিশেষ বৈশিষ্টমূলক উপকরণ যা আমাদের শ্রেণীকক্ষে প্রয়োজন তা দ্রুত বাজারে পাওয়া যায় না। আসুন আমরা নিম্নলিখিত পরিস্থিতিটা বিবেচনা করি।

নোট

পরিস্থিতি - 3 : সমীতা এবং তাঁর ক্লাস V এর ছাত্ররা উপকরণগুলো উন্নয়ণ করার চেষ্টা করছিল সম্পূর্ণ ফুল বিষয়ে শিখনের জন্য (যেমন, জবা ফুলের মত যার মধ্যে চারটে উদ্ভিদের সকল পত্রমূলাবর্ত-বৃত্তি, দলমন্ডল, একস্তর বিশিষ্ট রেণুর বহি:স্তর ও গর্ভকেশর চক্র উপস্থিত আছে)। ছাত্রদের বলা হয়েছিল জবা সহ কিছু ফুল নিয়ে আসতে। তিনি ছাত্রদের বললেন অত্যন্ত মনযোগের সঙ্গে ফুলগুলো পর্যবেক্ষণ করতে। এবং প্রত্যেক ফুলের প্রধান অংশ সমূহ শনাক্ত করতে বললেন। পাপড়িগুলো ছিল নানা রঙের এবং তৎক্ষণাৎ শনাক্ত করা হল, অন্য অংশ সমূহ যেমন, পুংকেশর, বৃতি, ইত্যাদি চিহ্নিত করার পর। তারপর, তিনি ছাত্রদের দেখতে বললেন, ফুলগুলোর কোন অংশসমূহ সকল ফুলের সার্বজনীন যেগুলো তারা সংগ্রহ করেছে। এবং কোন ফুলগুলো সব অংশসমূহের ধারণকারী। ছাত্ররা অংশসমূহ কৃতকার্যতার সঙ্গে শনাক্ত করার পর, মিস. সমীতা সব অংশ আছে (পত্রমূলাবর্ত) এমন ফুলগুলো আলাদা করলেন এবং দাবি করলেন যে এটা একটা সম্পূর্ণ ফুল, তারপর ছাত্ররা, দলগতভাবে, অঙ্কনের কাগজ ও অঙ্কনের উপকরণ পেল সম্পূর্ণ ফুলের দলগুলো তাদের ছবিগুলো প্রদর্শন করল এবং সকলের দ্বারা স্বীকৃত সর্বাপেক্ষা ভাল দুটোকে শ্রেণীর প্রদশনী বোর্ডে স্থাপন করা হল। পরে এগুলোকে টি.এল.এম কর্ণারে মজুত করা হল ভবিষ্যতে টি.এল.এম হিসাবে ব্যবহৃত হওয়ার জন্য।




(a) hibiscus flower (b) vertical section of the hibiscus flower labelling the different parts

এরূপ বিশেষ বৈশিষ্ট্যসূচক নকশা বা ছবিগুলো যা আপনার এবং আপনার ছাত্রদের প্রয়োজন তা বাজারে নাও পাওয়া যেতে পারে। খুব বারবার আপনি কম চেষ্টা করেছেন টি.এল.এম প্রস্তুত করতে যেমন, একটা আকার দিয়ে কাগজ ভাঁজ করা বা নকশা বা চিত্রলেখ বোর্ডের উপর ছাত্ররা যে উপাও আনে তার উপর। এরূপ প্রস্তুত করা টি.এল.এম অনেক বেশী প্রাসঙ্গিক তৈরী করা উপকরণ কেনার থেকে। পুনরায়, যদি আপনি আপনার ছাত্রদের টি.এল.এম উন্নয়নের কাজে যুক্ত করেন তাহলে আপনি তাদের আনন্দ পর্যবেক্ষণ করতে পারবেন যখন তারা এরূপ কার্যক্রমের কাজে থাকবে। যেটা সব থেকে গুরুত্বপূর্ণ যে শ্রেণীকক্ষে ব্যবহারের জন্য টি.এল.এম প্রস্তুতের প্রণালীর মধ্যে ছাত্ররা সঠিক বোধের সঙ্গে বিষয়গুলো অর্জন করে এবং নির্দেশ বা মুখস্থের শিহরণ ভয় ছাড়া।

### কার্যক্রম-4

টি.এল.এমের একটা তালিকা প্রস্তুত করুন যা একটা বিষয় ক্ষেত্রের জন্য আপনি উন্নত করতে পারেন যা আপনি ক্লাস V/VI এ শিক্ষা দিচ্ছেন স্থানীয় অঞ্চল থেকে উপকরণ সংগ্রহ দিয়ে।

......................................................................................................................

......................................................................................................................

......................................................................................................................

**E.4** কেনা উপকরণের তুলনায় প্রস্তুত করা উপকরণের যে কোন তিনটে সুবিধা উল্লেখ করুন।

টি.এল.এমের শ্রেণীবিভাগ করার অন্য পদ্ধতি হল উপকরণের দ্বারা উৎপাদিত শ্রবণ ও দর্শন সংক্রান্ত প্রভাবের উপর ভিত্তি করে। তদনুসারে তিন প্রকার টি.এল.এম হল শ্রবণ, দর্শন ও শ্রবণ-দর্শন একই সঙ্গে হয় এমন।

*(i)* ***শ্রবণ সহায়ক উপকরণ :*** উপকরণসমূহ বা কৌশল সমূহ যা বিষয়ীভূত করে শ্রবনেন্দ্রিয় অনুভূতিকে এবং এভাবে ব্যক্তিদের শিখতে সাহায্য করে শোনার মাধ্যমে যেমন, বেতার বার্তা, ক্যাসেট ও সি ডি প্লেয়ার।

*(ii)* ***দর্শন সহায়ক উপকরণ*** : সহায়ক উপকরণ যা বিষয়ীভূত করে দর্শণ অনুভূতিকে এবং এভাবে শিক্ষার্থীদের দর্শনের মাধ্যমে শিখতে সাহায্য করে। গুরুত্বপূর্ণ ও এই শিরোনামের অধীন হল ব্লাক বোর্ড, চার্ট, ছবি, চিত্রলেখ, মূর্তি, চলচ্চিত্রের খুলে ফেলা বিভিন্ন অংশ, স্লাইড সমূহ ইত্যাদি।

*(iii)* ***শ্রবণ*** - দর্শন সংক্রান্ত সহায়ক উপকরণ : কৌশল যা প্রয়োজন হয় শ্রবণেন্দ্রিয়ের মত ঠিক দর্শণেন্দ্রিয়ে অনুভূতি এবং ছাত্রদের সাহায্য লিখতে সাহায্য করে শ্রবণ ও দর্শনের মাধ্যমে। এরূপ সহায়ক উপকরণের উদাহরণ হল দূরদর্শন, চলচ্চিত্র ও কম্পিউটার-সহযোগী নির্দেশ।

পরিকল্পিত, অ-পরিকল্পিত বা গবেষণামূলভ টি.এল.এমের উপর ভিত্তি করে এখনো অন্যভাবে টি.এল.এমের শ্রেণী বিভাজন।

*(i)* ***পরিকল্পিত সহায়ক উপকরণ*** : চলচ্চিত্র, এপিডায়াস্কোপ, ম্যাজিক লন্ঠন, ক্ষুদ্র প্রোজেক্টার ও ওভার হেড প্রোজেক্টার দিয়ে অভিক্ষেপন, এল.সি.ডি প্রোজেক্টার হল পরিকল্পিত সহায়ক উপকরণ।

*(ii)* ***অ-পরিকল্পিত সহায়ক উপকরণ*** : চক বোর্ড, ভূপাতিত বোর্ড, ইশতাহার বোর্ড, ফোটোগ্রাফি, পোষ্টার, মানচিত্র, চার্ট ভূ-গোলক, নমুনা ও পাঠ্যবই উদাহরণসমূহ অ-পরিকল্পিত সহায়ক উপকরণের অধীন।

*(iii)* ***গবেষণামূলক সহায়ক উপকরণ*** : মাঠ পরিক্রমা, শিক্ষামূলক ভ্রমণ, গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান ও শিল্প পরিদর্শন, পরীক্ষামূলক পর্যবেক্ষণ, ব্যবহারিক ব্যাখ্যা, ও স্বাভাবিক ইন্দ্রিয়গোচর বস্তু হল গবেষণামূলক কিছু উদাহরণ।

নোট

E5. গ্রুপ 'A' তে বিভিন্ন শ্রেণীর সহায়ক উপকরণের নাম এবং গ্রুপ 'B' তে উপকরণের নাম প্রদত্ত হয়েছে। নিম্নের উদাহরণে প্রদর্শিত তির চিহ্ন দ্বারা নির্দেশিত সঠিক শ্রেণীর সঙ্গে উপকরণগুলির মিলকরণ করুন।

| গ্রুপ - A | গ্রুপ - B |
|---|---|
| অ-পরিকল্পিত সহায়ক উপকরণ | দূরদর্শন |
| পরিকল্পিত সহায়ক উপকরণ | বেতার |
| শ্রবণ সহায়ক উপকরণ | মাছ |
| শ্রবণ-দর্শণ সহায়ক উপকরণ | পাথর |
| | ব্লাক বোর্ড |
| সংগৃহীত সহায়ক উপকরণ | চলচ্চিত্র-অংশ |

## 6.3.2 তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ও টি.এল.এম

তথ্য ও যোগাযোগের প্রযুক্তি (ICT) শ্রেণীকক্ষে নতুন সম্ভাবনা এনেছে। ইন্টারনেট ও মিথাষ্ক্রিয়া বহুধা মাধ্যম (multi media) হল শিক্ষণের জন্য বিশাল গুরুত্বপূর্ণ। এর প্রয়োজন সফলভাবে সমন্বায়িত হওয়া প্রথাগত শ্রেণীকক্ষের কার্য্যক্রমের সঙ্গে বিষয় বস্তু এবং শিক্ষণ শিখনের উৎকর্ষ সমৃদ্ধ করার জন্য। এজন্য শিক্ষকদের প্রয়োজন তাঁদের নিজেদের প্রস্তুত করে পদক্ষেপ রাখতে শ্রেণীকক্ষে প্রযুক্তিবিদ্যার প্রয়োগের সঙ্গে। বিভিন্ন বিদ্যালয়ে শ্রেণীকক্ষে কম্পিউটার ইতিমধ্যে এসেছে এবং অদূর ভবিষ্যতে বেশির ভাগ বিদ্যালয় ছাত্রদের জন্য প্রাপ্ত এরূপ সুযোগ নেবে। শ্রেণীকক্ষের পরিস্থিতিতে আই.সি.টির ব্যবহার বিস্তারিতভাবে আলোচিত হয়েছে একক - 12 তে।

## 6.3.3 সক্রিয়তা ভিত্তিক শিখন উপকরণ সমূহ

'সক্রিয়তা ভিত্তিক শিখন', 'সক্রিয়তার মাধ্যমে শিখন' ও 'সক্রিয় শিখন' সমার্থক শব্দ হিসাবে এখানে প্রণালী যা শিক্ষার্থী কোন কার্যক্রমে লিপ্ত থেকে অভিজ্ঞতা অর্জনে ব্যবহার করে। কার্য্যক্রম শারীরিক বা মানসিক বা উভয়ের মিলিত রূপ বেশিরভাগ শিখন কার্য্যক্রম হিসাবে। উদাহরণত: যখন একজন শিশু মুদীর দোকানের বিল যাচাই করতে যোগ ও বিয়োগের জ্ঞান ব্যবহার করে, তখন এটা শারীরিক কার্য্যক্রমের থেকে ও বেশি মানসিক কার্য্যক্রম। কিন্তু যখন সে বহি:স্থ খেলার পরিকল্পনা ও সংগঠিত করতে থাকে, তখন তাকে তার খেলার শারীরিক দক্ষতা খেলার জেতার জন্য মানসিক প্রণালী ও কৌশল এক সাথে যুক্ত করতে হয়। অন্য জিনিসগুলোর মধ্যে, সক্রিয় শিখনের প্রয়োজন শিখন কার্য্যক্রমে ছাত্রদের সম্পূর্ণ সংযুক্তি বা যোগদান। প্রাথমিক মানের ছোট, শিশুদের জন্য, শিখন আরো বেশি ফলপ্রসু হয় যখন সংযুক্তি সন্তুষ্ট করে প্রধাণত পাঁচটা সংবেদনের মধ্যে যে কাউকে যেমন: দর্শন, শ্রবণ, গন্ধ, স্পর্শ ও স্বাদ গ্রহণ মানসিক সন্তুষ্টি সহ। যেহেতু এই শিশুরা বয়স ও উৎকর্ষে উন্নত হবে, তখন তারা চিন্তন থেকে বেশি সন্তুষ্টি আহরণ করে। একক 4 তে শিখন কার্য্যক্রম ও এর প্রকৃতি বিস্তারিত আলোচিত হয়েছে।

কিন্তু সকল কার্য্যক্রমে, বাস্তব উপকরণের ভূমিকা সর্বাধিক গুরুত্বপূর্ণ। যদিও প্রাপ্ত সব উপকরণ শ্রেণীকক্ষে বিভিন্ন শিখন কার্য্যক্রমে ব্যবহৃত হতে পারে। যখন নির্দিষ্ট কার্য্যক্রমের জন্য উপকরণ পছন্দ করা হয় তখন কিছু যত্ন নেওয়ার প্রয়েঅজন হয়। এই এককে 6.3 বিভাগে যেহেতু আলোচিত হয়েছে তাদের বৈশিষ্ট্য সমূহের নিশ্চিত করা ছাড়া ও নিম্নলিখিত বিবেচনায় উপকরণ সমূহ পছন্দ করা উচিত।

- যেহেতু প্রাথমিক শিখন কার্য্যক্রম সম্পূর্ণভাবে শিক্ষার্থীর বাস্তব জীবনের অভিজ্ঞতার সঙ্গে-সম্পর্কীত, তাই উপকরণসমূহ তাদের বাস্তব জীবনের জগত থেকে কার্য্যক্রম পছন্দ করা প্রয়োজন। যে কোন জিনিস যা শিখনকে সহযোগিতা বা সহায়তা করে তা ছাত্রের প্রত্যক্ষ পরিবেশ থেকে বাস্তব উপকরণ সমূহ হয়ে থাকে অথবা কিছু পরিচিত কার্য্যক্রম যেমন- খেলা করা, সঙ্গিত, অভিনয় ইত্যাদি পছন্দ করা হতে পারে শ্রেণীকক্ষে শিখন কার্যক্রম পরিচালনার জন্য।

- শ্রেণীকক্ষে যে শিখন কার্যক্রম চলে তার নির্দিষ্ট বিষয়বস্তুর শিখনে উপকরণসমূহ প্রাসঙ্গিক হওয়া প্রয়োজন। উদাহরণত পরিবহনের মাধ্যম ও গুরুত্ব বোঝানোর উপর একটা কার্য্যক্রমে, পরিবহনের বিভিন্ন মাধ্যমের নমুনা এবং / বা ছবির মত সামগ্রী যেমন; গরুর গাড়ী, মোটর যান, ট্রেন ইত্যাদি তুলনামূলক বেশি প্রাসঙ্গিক অন্য যে কোন উপকরণের থেকে।

- প্রদর্শণীতে অংশগ্রহণ, মাঠ পরিক্রমা, ভ্রমণ পাঠ, (ব্যাঙ্ক, পোষ্ট, অফিস, থানা, রেল-ষ্টেশন, জাদুঘর, বিজ্ঞান-গবেষণাগার)-এর মত গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান/সংগঠন সমূহ পরিদর্শন হল কার্য্যক্রম সমূহ যা অর্থপূর্ণ ও প্রাসঙ্গিক শিখনকে সমৃদ্ধ করে।

- শুধুমাত্র অনেক সংখ্যক উপকরণ সংগ্রহ সফলভাবে কার্য্যক্রম পরিচালনার জন্য যথেষ্ট নয়। কার্য্যক্রমের সঠিক পর্বে তাদের প্রাসঙ্গিক বর্ণনা ও গুরুত্বপূর্ণ।

- শিখন কার্য্যক্রমে যেখানে একটা নতুন বিষয়বস্তু উপস্থাপন করা হয়, সেখানে বিষয়বস্তুর দৃষ্টান্ত স্বরূপ উপকরণ সমূহ এবং একই বিষয়বস্তুর অদৃষ্টান্ত বিষয় বস্তুর বৈশিষ্টের স্পষ্ট পার্থক্যের জন্য উভয়ই ব্যবহৃত হওয়ার প্রয়োজন। উদাহরণত:, ছাত্রদের কাছে একবীজ পত্রী উদ্ভিদের বিষয় যদি উপস্থাপন করা হয় (অঙ্কুরিত হওয়ার সময় যে উদ্ভিদের একটা বীজ থাকে) তখন ভুট্টা, ধান, নারকেল ও তাল (সবগুলি একবীজ পত্রী) ব্যবহৃত হবে উদাহরণ হিসাবে যখন বীন, কুমড়া, আম, ঢেড়স, আলু ইত্যাদি দ্বি-বীজপত্রী উদ্ভিদ অদৃষ্টান্ত হিসাবে ব্যবহৃত হতে পারে। এটা বিষয়ের দৃষ্টান্ত ও অ-দৃষ্টান্তর তুলনার মাধ্যমে একবীজ পত্রী উদ্ভিদের বৈশিষ্ট্য সমূহের শনাক্ত করার বাস্তব বোধের ছাত্রদের সাহায্য করবে। অনুরূপভাবে, দ্বি-বীজ পত্রী উদ্ভিদ সম্পর্কে ছাত্রদের যথেষ্ট জ্ঞান হবে।

- শিখন কার্য্যক্রমের জন্য যথেষ্ট পরিমান পছন্দের উপকরণ সমূহকে কার্য্যক্রম শুরুর আগে যথেষ্ট নিশ্চিত করতে হয়। আপনি যদি যেকোন বিষয়ের উপর (মনে করুন, ফল ও সব্জীর শ্রেণী

বিন্যাস) দলগত বা ব্যক্তগত কার্য্যক্রম পরিচালনা করেন, তাহলে আপনাকে অকৃত্রিম উপকরণ (বিভিন্ন ধরণের ফল ও সব্জী) সংগ্রহ করা প্রয়োজন। দলগুলোর সংখ্যা বা ছাত্রদের সংখ্যার উপযোগী। অকৃত্রিম বস্তুগুলোকে যদি সাজাতে অসুবিধা হয়, তখন আপনি ছবি/উজ্জ্বল কার্ড অঙ্কন করতে পারেন বা বস্তুর নমুনা প্রস্তুত করতে পারেন যথেষ্ট সংখ্যায় এবং সেগুলোকে কার্য্যক্রমে ব্যবহারের জন্য প্রস্তুত রাখতে পারেন।

**কার্যক্রম-5**

লাঠি ও পাতা ব্যবহার করে একের অধিক শিখন কার্য্যক্রম গড়ে তুলুন যে শ্রেণীর জন্য এটা নির্দেশ করে। উপরের বর্ণিত বৈশিষ্ট্য অনুসারে উপকরণসমূহ ব্যবহারের যৌক্তিকতা প্রতিপাদন করুন।

..............................................................................................................

..............................................................................................................

..............................................................................................................

## 6.4 শিক্ষণ শিখন উপকরণের ব্যবস্থাপনা

আপনার অভিজ্ঞতা আছে যে বিভিন্ন ঘটনায় আপনার শ্রেণীকক্ষের লেনদেন আপনি কোন টি.এল.এমন ব্যবহার করেননি। যদিও আপনি সচেতন আছেন কিছু অপরিহার্য উপকরণ প্রয়োজনীয়তা বিষয়বস্তু শিখনের জন্য যা আপনি সরবহার করেন। কোন ঘটনার পরিপ্রেক্ষিতে আপনি উপকরণসমূহ ব্যবহার করেননি তা স্মরণ করুন।

সম্ভবত : নিম্নলিখিত এক বা একাধিক কারণ আরোপিত হতে পারে কোন টি.এল.এম না ব্যবহার করার জন্য।

- শ্রেণীকক্ষে কোন টি.এল.এম বা অপর্যাপ্ত সংখ্যক টি.এল.এম থাকায়।
- সঠিক বা প্রাসঙ্গিক টি.এল.এম শ্রেণী কক্ষের/বিদ্যালয়ের গুদামে নেই।
- শ্রেণীকক্ষে/বিদ্যালয়ে মজুত করা প্রচুর সংগৃহীত উপকরণ থেকে প্রাসঙ্গিক টি.এল.এম বাছাই করা কঠিন।
- অনেক শিক্ষক মনে করেন যে টি.এল.এমের ব্যবহার অনেক সময় নেয় এবং পাঠ্য বিষয় সম্পূর্ণ করা ধীর গতিতে হয়।

এই কারণগুলো হল সংগ্রহ করা, ব্যবহার করা ও শ্রেণীকক্ষে টি.এল.এম সংরক্ষণ করার সঠিক পরিকল্পনা ও ব্যবস্থাপনার অভাব নির্দেশক। সাম্প্রতিক এস.এস.এ  এর তত্ত্বাবধানে অর্থ প্রাপ্তি প্রাথমিক বিদ্যালয়ে টি.এল.এম-এর উন্নতি বিধান ও সংগ্রহের জন্য ঘটেছে এবং বেশিরভাগ বিদ্যালয়ের বিভিন্ন বিষয়ের ক্ষেত্রে সম্পূর্ণ যথেষ্ট পরিমানে টি.এল.এম আপনি পেতে পারেন।

নোট

যদিও, প্রত্যেক শ্রেণীকক্ষে ব্যাপক পরিমানে টি.এল.এমের মজুত নিজেদের সুবিধা হয়। কিন্তু, ঐগুলো শিখনে সহায়তার জন্য নিশ্চয়তা দিতে যথেষ্ট নয়। সুতরাং, আপনাকে শিক্ষক হিসাবে শ্রেণীকক্ষের লেনদেনে টি.এল.এম-এর ব্যবস্থাপনার প্রাথমিক প্রক্রিয়ার সঙ্গে ভালভাবে স্বচ্ছন্দ হওয়া প্রয়োজন।

টি.এল.এমের ব্যবস্থাপনার প্রয়োজন শ্রেণীকক্ষের লেনদেনের তিনটে স্তরে টি.এল.এমের সংগ্রহ, উন্নয়ন ও প্রাপ্তিসাধন এবং শ্রেণীকক্ষের কার্যক্রম শুরুর আগে তাদের সাজানো : শ্রেণীকক্ষের কার্যক্রম শুরুর আগে তাদের সাজানো : শ্রেণীকক্ষের কার্যক্রমের সময় সঠিক ব্যবহার; এবং বিন্যাস ও শ্রেণীকক্ষের কার্যক্রম শেষ হওয়ার পর সঠিক মজুতকরণ যাতে পরবর্তী ব্যবহারের জন্য সহজে পাওয়ার নিশ্চয়তার জন্য।

## 6.4.1 টি.এল.এমের সংগ্রহ, প্রস্তুত ও মজুত করা

- **টি.এল.এম সংগ্রহ**

সাধারণত : টি.এল.এম পাওয়া যায় হয় উপকরণ সংগ্রহের মাধ্যমে বা তাদের প্রস্তুত করে বা কখনো কখনো ছাত্রদের নিযুক্ত করা হয় প্রস্তুতের জন্য। আপনি বিনা মূল্যের উপকরণ সংগ্রহ করতে পারেন বা প্রয়োজনীয় উপকরণ যা বাজারে পাওয়া যায় তা ক্রয় করতে পারেন। আমরা জানি যে বিদ্যালয়ের চারদিকের বর্তমান প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ উপকরণে সমৃদ্ধ যেগুলো শিখনের ব্যবহৃত হতে পারে। আপনার বর্তমান পরিবেশের যে কোন উপকরণ চিন্তা করুন যা শিখনের জন্য শক্তিশালী উৎস হতে পারে। অনেক আছে কিন্তু শুধুমাত্র যেগুলো নির্দিষ্ট শিখন পরিস্থিতিতে শ্রেণীকক্ষে ব্যবহারের জন্য আনা হয় সেগুলো উপযুক্ত টি.এল.এম এবং ঐসব উপকরণসমূহ আমাদের বর্তমান পরিবেশ থেকে সংগ্রহ করা যেতে পারে।

বর্তমান পরিবেশ থেকে অকৃত্রিম বস্তু সংগ্রহ ছাড়া আমরা নানাবিধ টি.এল.এম সংগ্রহ করতে পারি বিভিন্ন পাথর ও খনিজ পদার্থ, বিভিন্ন ধরণের খাদ্য শস্য, পাখির পালক ইত্যাদি সংগ্রহ করা হয় আমাদের পরিচিতদের কাছ থেকে বা বিভিন্ন স্থানে যোগাযোগ থেকে। এসব ও বাজার থেকে মূল্য পরিশোধ করে সংগ্রহ করা যেতে পারে।

শ্রেণীকক্ষে ব্যবহারের জন্য উপকরণ সংগ্রহে ছাত্রদের নিযুক্তিকরণের বিভিন্ন সুবিধা আছে। এটা আপনাকে সাহায্য করবে খুব অল্প চেষ্টায় কোন মূল্য ছাড়া প্রচুর পরিমান সংগ্রহ করতে। এটা ছাত্রদের উৎসাহ দেবে তাদের চারদিকের জগতে আবিষ্কারের জন্য ভ্রমণ করতে এবং তাদের উপলব্দী করতে সাহায্য করবে যে বর্তমান পরিবেশের প্রত্যেকটি উপাদান শিখনের উৎস হতে পারে। ছাত্রদের এরূপ সংযুক্তি সংগ্রহ করতে, শ্রেণীবিভাগ করে সাজানো, শিখন কার্যক্রমে তাদের ব্যবহার এবং শ্রেণীকক্ষে তাদের মজুত করা ও রক্ষণবেক্ষণ করা এই ছোট ছাত্রদের সাহায্য করে তাদের স্বাস্থ্যকর জ্ঞানমূলক বৃদ্ধিতে যেটা খুবই অত্যাবশ্যক বিদ্যালয়ের প্রাথমিক স্তরে। বিভিন্ন উপকরণ সংগ্রহের অভ্যাসের বিকাশ একটা খুব ভাল সখ যার অনেক সুবিধা আছে দেখুন নিম্নের বাক্সে।

> ***শখ হিসাবে সংগ্রহ***
>
> *নির্দিষ্ট উপকরণ সংগ্রহের অভ্যাসের বিকাশ একটা শখ হতে পারে যেটাকে খুব কম বয়স থেকে ছাত্রদের মধ্যে উৎসাহ দেওয়া যেতে পারে। বিভিন্ন দেশের ডাক টিকিট, মুদ্রা ও প্রচলিত মুদ্রার নোট, ছবি, বিখ্যাত ব্যক্তিদের ফটো, বিভিন্ন ধরণের শিলা, খণিজ দ্রব্যাদি, বীজ, খাদ্যশস্য, চাল বা*

নোট

*যে কোন খাদ্যশস্য, খেলনা, দেশলাই বাক্স, মোমবাতি, চুলের পিন মত যে কোন এক শ্রেণী থেকে বিভিন্ন উপকরণ সংগ্রহ করতে আপনার ছাত্রদের উৎসাহ দেওয়া যেতে পারে।*

*কেউ সংগ্রহ করে ধাঁধা ও হেঁয়ালি, রূপকথা ও লোক সঙ্গীত, বিশেষ-ছড়া, প্রবাদ বাক্য ইত্যাদি। যে কোন লৌকিতাবর্জিত গানের রাগ-রাগিনী সংগ্রহকে (যেটা যে কোন বিষয় ক্ষেত্র থেকে হতে পারে) উৎসাহিত করা উচিত। তালিকা অসীম হতে পারে। ছাত্রদের পছন্দের উপর ছাড়ুন এবং আপনি দেখুন যে কতগুলো পছন্দ তারা করতে পারে।*

*এরূপ সংগ্রহ ছাত্রদের দ্বারা একক বা দলগত হতে পারে। তারপর একটা বড় আয়তনের সংখ্যার উপকরণ সংগৃহীত হয়, তাদের শ্রেণীবিভক্ত করা হয়, প্রদর্শনীর জন্য লেনদেন করা হয়, এবং সংগ্রাহক (দের) যে যুক্তি দিতে পারে তাদের শ্রেণীবিভাগের প্রণালী সম্পর্কে। এগুলো বিদ্যালয়ের প্রদর্শনীতে প্রদর্শিত হতে পারে। তারা নির্দিষ্ট কার্যভার মূল্যায়ণের অংশ হতে পারে যা একক-14 তে আলোচিত হয়েছিল।*

*আপনি শুধুমাত্র শ্রেণীকক্ষে অর্থপূর্ণ টি.এল.এম হিসাবে এই টি.এল.এমগুলো ব্যবহার করবেন তা নয় বরং সংগ্রহের উপর ভিত্তি করে ছাত্ররা শব্দমূল দ্রব্যাদি উন্নত করতে পারে যেটা তাদের বিভিন্ন ইন্দ্রিয় গ্রাহ্য বস্তু ও ধারণার জ্ঞান ও বোধকে প্রসারিত করতে পারে যেটা সাধারণত আপনার পক্ষে কঠিন ব্যাখ্যা করা ও শিক্ষা দেওয়া। পুনরায়, এরূপ সংগ্রহের বিকাশসাধন সারা জীবনের শখ হতে পারে যেটা শিখনকে সমৃদ্ধ করতে সাহায্য করে এবং অদূর ভবিষ্যতে ব্যক্তিত্ব ও চরিত্র গঠনে সাহায্য করে।*

যে উপকরণগুলো টেকসই এবং দীর্ঘ সময় ধরে মজুত করে রাখা যেতে পারে সেগুলো সংগৃহীত ও মজুত করা হয় শিক্ষা-বর্ষ শুরুর আগে। অন্যদিকে, ফুল, ফল, সব্জী, খাদ্যের দফাগুলোর মত উপকরণ যেগুলো দ্রুত পচনশীল সেগুলো যেদিন শ্রেণীকক্ষের কার্য্যক্রমে ব্যবহার করা হবে সে দিনেই শুধুমাত্র সংগৃহীত ও ব্যবহৃত হবে।

- **টি.এল.এম প্রস্তুতকরণ**

টি.এল.এম হিসাবে ব্যবহারের জন্য উপকরণ সংগ্রহ ও কাম্য বস্তু ক্রয় ছাড়া, আপনার সমৃদ্ধ করা প্রয়োজন কিছু উপকরণ যা আপনার শ্রেণীকক্ষের কার্য্যক্রমের জন্য সুনির্দিষ্টভাবে প্রয়োজনীয়। নির্দিষ্ট বিষয়বস্তু শিক্ষণ ও শিখনের জন্য আপনার প্রায়ই প্রয়োজন হয় বিশেষ ধরণের কিছু উপকরণ যেগুলো পরিবেশে বা বাজারে পাওয়া যায় না। উদাহরণত:, আপনি আর্যদের সময়ের প্রাচীন ভারতের ইতিহাস শিক্ষা দিচ্ছেন। তাদের জীবন শৈলী পুঙ্খানুপুঙ্খ বর্ণনা করার উদ্দেশ্যে আপনার কিছু ছবির প্রয়োজন আলোচনাকে জীবন্ত করতে। আপনার কোন সুযোগ নেই এরূপ ছবি বা ঐ সময়ের হস্তনির্মিত শিল্পকলার নকসা পাওয়ার জন্য। ঐ অবস্থায়, এটা তুলনামূলক ভাল হবে যদি আপনার পাঠ-পরিকল্পনার প্রয়োজন অনুযায়ী আপনি কিছু ছবি ও নকশা উন্নত করতে পারেন। উজ্জ্বল কার্ড বিভিন্ন বিষয়-বস্তুর উপর, সংখ্যা ও বর্ণমালার কার্ড, কাগজ, কাদা, থার্মোকল দিয়ে তৈরী নমুনা, এবং/অথবা কাঠ, চার্ট, চিত্রলেখ, ছবি, খেলনা প্রস্তুত করা হয় বেশির ভাগ বিদ্যালয়ে শিক্ষকদের ও ছাত্রদের দ্বারা।

এটা এখন বিদ্যালয়ের সাধারণ রীতি এরূপ উপকরণ উন্নত করা এস.এস.এ ও অন্যান্য উৎস থেকে প্রাপ্ত অনুদানের মাধ্যমে। উপকরণ প্রস্তুতের সময় আপনাকে নিম্নের বিষয়গুলোর বিবেচনা করা প্রয়োজন।

❖ উপকরণ একটা তালিকা প্রস্তুত করুন এবং প্রত্যেক উপকরণের প্রায় সঠিক পরিমান যেটা আপনি উন্নত করতে চান অনেক আগে। শিক্ষাবর্ষের শুরুতে অন্য সবের তুলনায় পছন্দসই পরিকল্পনা করুন।

❖ কাগজ, অঙ্কনের কাগজ, কার্ডবোর্ড, আঠা, রং, আদা, প্লাষ্টিকের নরম পদার্থ, থার্মোকলের পাত, ইত্যাদি এবং কাটার যন্ত্রপাতী, মাপকাঠি ও মাপের ফিতা এবং এরূপ অন্যান্য যন্ত্রপাতী যখন প্রয়োজন তখন ব্যবহারের জন্য প্রস্তুত।

❖ উপকরণ প্রস্তুতের পরিকল্পনায় ছাত্রদের যুক্ত করুন। তাদের সংযুক্তি পরীক্ষামূলক এই সব কার্য্যক্রমে। কারণ তারা সক্রিয় হতে ভালবাসে এরূপ সৃজনাত্মক কার্য্যক্রমে, কিন্তু প্রাসঙ্গিকভাবে তারা অনেক কিছু শিখবে উপকরণ পরিকল্পনা ও প্রস্তুতের সময়। পুনরায়, তারা মারাত্মক সাবধানী হবে উপকরণ পরিচালনা ও সংরক্ষণে যেহেতু তারা ক্ষতি করতে পছন্দ করবে না জিনিসগুলো যা তারা উন্নত করেছে।

❖ যখন টি.এল.এম পরিকল্পনা ও উন্নত করবেন, তখন আলোকপাত করুন সেই উপকরণসমূহের উপর যেগুলে টেকসই, বিভিন্ন ঘটনায় ও একাধিক বিষয়/বিষয়বস্তু ক্ষেত্রে বহুবিধভাবে ব্যবহারযোগ্য।

❖ আপনার বিদ্যালয়ে প্রদর্শনীর ব্যবস্থা করুন যেখানে ছাত্ররা টি.এল.এম-এর ব্যাখ্যা করবে যেগুলো তারা তাদের সংশ্লিষ্ট শ্রেণীর জন্য উন্নত করছে। এই ছাত্রদের উৎসাহিত করবে পুনরায় ব্যবহারযোগ্য ও প্রয়োজনীয় ও নবপ্রবর্তিত উপকরণ উন্নয়ণের জন্য প্রতিযোগিতা করবে।

❖ মেধাযুক্ত ছাত্রদের, দক্ষ সহকর্মীদের, স্থানীয় কারিগরদের চিহ্নিত করুন এবং উপকরণ উন্নয়নে তাঁদের নেতৃত্ব প্রার্থনা করুন।

- **টি.এল.এম মজুতকরণ**

টি.এল.এমের সাবধানে মজুতকরণ সহজে পরিচালনার সুযোগ দেয় এবং উপকরণের যে কোন ক্ষতির থেকে প্রতিরোধ করে অর্থাৎ অনেক অনেক উপকরণ অর্জনের প্রয়োজন আছে। আপনার প্রয়োজন তাদের যথাযথ মজুতকরনে মনযোগ দেওয়া। নিম্নলিখিত সামান্য বিবেচনার নিশ্চিত করা প্রয়োজন উপকরণের সঠিক ও নিরাপদ মজুতকরণের জন্য।

❖ উপকরণ সহজে পাওয়া ও ব্যবহার করার জন্য, মজুতকরণের স্থান হওয়া উচিত শ্রেণীকক্ষের মধ্যে বা শ্রেণীকক্ষের কাছে (শিখনের নিভৃত স্থান দেখুন)

❖ উপকরণগুলিকে বিভিন্ন শ্রেণীতে বিন্যাস করুন এবং তদনুসারে তাকে আলমারী ও দেয়াল আলমারীতে আলাদা ভাবে রাখুন। উদাহরণত: বিভিন্ন ধরণের শস্য বাছাই করা হল এবং প্রত্যেক ধরণের শস্য আলাদা পলিথিন প্যাকেটে বা বয়মে রাখতে হবে। উজ্জ্বল কার্ড বিষয়বস্তু অনুযায়ী বাছাই করে আলাদা প্যাকেটে রাখা হবে। একইভাবে পাথর, খনিজ দ্রব্য, ছবি, চার্ট ইত্যাদি অন্য উপকরণসমূহ যথাযথ ভাবে বিন্যাস করা হোক।

নোট

- ❖ একবারের জন্য টি.এল.এম ব্যবহার/বিভিন্ন সময় আলাদাভাবে রাখা যেতে পারে।
- ❖ যে তাকে উপকরণসমূহ বাছাই করা হয় তা অতি উচ্চ হওয়ার প্রয়োজন নেই, বরং এটা হওয়া উচিত যাতে ছাত্ররা পৌঁছাতে পারে। কারণ ছাত্ররা শ্রেণীবিভাগ, মোড়ক লাগানো তাকে সাজানো, ব্যবহার ও ব্যবহারের পর পূনরায় সাজানো থেকে সবকিছু করে থাকবে।
- ❖ আপনার দেখাতে সাবধানতা অবলম্বন করা উচিত যে মজুতকরণ ব্যবস্থা এমন হতে যে টি.এল.এম গুলো যাতে নষ্ট না হয়। মজুতকরণের স্থান উইপোকা ও আরশোলা থেকে সঠিক সংক্রামক রোগ-বীজানুমুক্ত হওয়া উচিত।

## 6.4.2 টি.এল.এমের ব্যবহার ও রক্ষণাবেক্ষণ

এটা দেখা গেছে যে যখন টি.এল.এম শ্রেণীতে ব্যবহার করা হয়, তখন শিক্ষক তাদের বেশিরভাগে ব্যবহার করেন প্রদর্শন করার উদ্দেশ্য। যখন একটা বিষয়বস্তু বা ধারণা বা অঙ্কের সমস্যা সমাধান ব্যাখ্যা করেন, তারা সাধারণত এক বা কয়েকটা আধুনিক বৃহৎ-আকারের বস্তু ক্লাসের সকল ছাত্রকে দেখানো হয়। শিখনের এরূপ পরিস্থিতিতে টি.এল.এমের মাধ্যমে হাতে-কলমের শিক্ষায় ছাত্রদের টি.এল.এম নিজেরা ব্যবহার করতে খুব কম সুযোগ পায়। এটা ও পর্যবেক্ষণ করা হয়েছে যে কখনো কখনো শিক্ষক ছাত্রদের অনুমোদন করেন না টি.এল.এম পরিচালনা করতে। এই বিশ্বাসে যে এটা নষ্ট হতে পারে অসাবধানে ব্যবহারের দ্বারা। এক্ষেত্রে টি.এল.এমের সংরক্ষণ ছাত্রদের শিখনের থেকে বেশি অগ্রাধিকার পায়। বহু বিদ্যালয়ে টি.এল.এম কেন্দ্রীয় ভাবে রক্ষিত হয় তালা-চাবি দিয়ে দ্রব্যের পর্যাবৃত্ত মজুত যাচাইকরনের সঙ্গে। ফলে, বেশিরভাগে শিক্ষক মনে করেন যে তাঁরা উপকরণের নষ্ট বা ক্ষতির জন্য দায়ি থাকবেন। বিভিন্ন বিদ্যালয়ে এটা ও পর্যবেক্ষণ করা হয়েছে যে টি.এল.এম খুব কম ব্যবহার করা হয় এবং যেহেতু টি.এল.এমের ব্যবহারের জন্য কখনো পরিকল্পনা করা হয়নি। এরূপ বিদ্যালয়ের শিক্ষকরা প্রায়ই অভিযোগ করেন যে কাজের চাপের জন্য, তাদের পক্ষে সম্ভব হয় না শ্রেণীকক্ষে টি.এল.এম নির্বাচন ও ব্যবহারের জন্য সঠিক পরিকল্পনা করা ঘটনা তাচ্ছিল্য করে যে ছাত্ররা তাদের শিখন কার্য্যক্রমের পথে বেশি টি.এল.এম পরিচালনা করে বরং তাদের শিখন সম্পাদন কাজ তুলনামূলক ভাল। ব্যবস্থাপনার দৃষ্টিভঙ্গীতে টি.এল.এম সংরক্ষণ গুরুত্বপূর্ণ কিন্তু যেটা তুলনামূলক বেশি গুরুত্বপূর্ণ তা হল ঐ উপকরণগুলো ছাত্রদের সক্রিয় কাজে লাগানো। এই ঘটনা মনে রেখে, শ্রেণীকক্ষে টি.এল.এমের সঠিক ব্যবহার ও সংরক্ষণের জন্য নিম্নলিখিত সুপারিশগুলো বিবেচনা করা হউক:


- শ্রেণীকক্ষে ছাত্রদের অবাধ ব্যবহারের জন্য যথেষ্ট টি.এল.এম প্রাপ্তির নিশ্চয়তা প্রদান।
- বিষয়ের কোন নির্দিষ্ট পিরিয়ডের জন্য আপনার পাঠ-টীকা প্রস্তুতের সময়, হাতে-কলমে ব্যাখ্যা করার টি.এল.এম জন্য পরিকল্পনা করুন, দলগত কাজ ও একক কাজের জন্য। পিরিয়ড শুরুর অনেক আগে যথেষ্ট আগাম এই পাঠ-টীকাগুলো প্রস্তুত করা উচিত।
- স্থানীয় প্রাপ্ত পচনশীল উপকরণসমূহ ব্যবহারের জন্য আপনি যদি পরিকল্পনা করেন, তাহলে আপনি কিছু ছাত্রদের বিশ্বাস করে ভার দিতে পারেন ঐগুলো স্থানীয় অঞ্চল থেকে সংগ্রহ সংগ্রহ করতে এবং তাদের নিয়ে ক্লাসে আসতে।

- পিরিয়ড শুরুর আগে, বিদ্যালয়ের গুদাম থেকে বা অন্য উৎস থেকে সমস্ত উপকরণ সংগ্রহ করে নিন।
- নিশ্চিত করুন যে মনোনীত টি.এল.এম বিষয়বস্তুর সঙ্গে প্রাসঙ্গিক এবং ছাত্রদের বোধের স্তরের মধ্যে।
- দেওয়ালের কার্য্যক্রম, মেঝের কার্য্যক্রম ব্যবহার, শ্রেণীকক্ষের ভিতরে ও বাহিরে উপকরণ প্রস্তুত করা, যেমন - বাগান, খেলার মাঠ ইত্যাদি শিখনের উৎস হিসাবে।
- আপনার ক্লাসে ছাত্রদের একটা ছোট দল সৃষ্টি করুন যারা শ্রেণীতে টি.এল.এম প্রস্তুত ও রক্ষণাবেক্ষণের নেতা হবে। তাদের দায়িত্ব দেওয়া উচিত পিরিয়ড শুরুর আগে প্রয়োজনীয় টি.এল.এম বাছাই করতে এবং পিরিয়ড শেষ হওয়ার পর উপকরণগুলোকে তাদের সংশ্লিষ্ট মজুত করার স্থানে পুনরায় রাখতে। প্রতিমাসে দল পরিবর্তন করা যেতে পারে।
- ভাল রক্ষণাবেক্ষণের জন্য টি.এল.এমের বিবরণী রাখুন (মজুত বই) আপনার শ্রেণীতে। এটা সহযোগিতা করবে ক্ষতিগ্রস্থ ও হারিয়ে যাওয়া সামগ্রী নির্ধারণ করতে যাতে সময়মত ঐ সামগ্রীগুলো পরিবর্তন হয়।
- মাসে একবার টি.এল.এম মজুত ভাণ্ডার পরীক্ষা করা উচিত এবং ভাণ্ডার যথাযথভাবে পরিষ্কার করা হউক।

ব্যাপক ও বারবার টি.এল.এম ব্যবহারের উপর জোর বৃদ্ধি করে এটা বুঝতে হবে যে সহজে ছাত্ররা ও শিক্ষকরা উপকরণগুলো যাতে পায় সেভাবে রাখতে হবে শ্রেণীকক্ষে। 'শিখন কোন' বা আগে বিশেষভাবে 'টি.এল.এম কর্ণার'-এ ধারণা উন্নত করতে হবে যেটা বিভিন্ন বিদ্যালয়ে দেখা যায় এবং আশা করা যায় ভবিষ্যতে প্রত্যেক শ্রেণীকক্ষে দেখা যাবে। আসুন আমরা এই ধারণাটা বুঝি।

## 6.4.3 টি.এল.এম কর্ণার এবং এর ব্যবহার

টি.এল.এম কর্ণার হল একটা কর্ণার বা শ্রেণীকক্ষের সবার সুবিধাজনক একটা স্থান যেখানে যে টি.এল.এম গুলো বিভিন্ন বিষয়ের শিক্ষণ শিখনে ব্যবহারের জন্য নিয়মানুসারে রাখা হয় যাতে শিক্ষকরা ও ছাত্ররা সহজে এটা ব্যবহার করতে পারে।



সমস্ত উপকরণ বিষয় বা শব্দমূল অনুযায়ী এমনভাবে বিন্যস্থ করা যেতে পারে যাতে সব ছাত্ররা সহজে আনতে এবং পুনরায় রাখতে

পারে। টি.এল.এম ছাড়া কার্যক্রমের কাগজ, মাপকাঠি, দাঁড়িপাল্লা ও বাটকারা, সাঁড়াশি, কাঁচি, হাতুড়ি, অঙ্কনের কাগজ, রঙের উপকরণ সমূহ, আঠা, সাদা কাগজ ইত্যাদির মত আপনি নানাবিধ অন্যান্য উপকরণ ও যন্ত্রপাতি মজুত করতে পারেন।

একটা ঘর যেটা একটা একক শ্রেণীর উপযোগী টি.এল.এম কর্ণার সৃষ্টি হতে পারে ঘরের পিছনের কোণে। কিন্তু যে ঘরে একাধিক ক্লাসের উপযোগী, আপনাকে সিদ্ধান্ত করতে হবে শিখন কর্ণারের স্থান। যদি যথেষ্ট স্থান পাওয়া যায়, তাহলে শ্রেণী অনুসারে টি.এল.এম কর্ণার সৃষ্টি হতে পারে। অন্যথা একটা টি.এল.এম কর্ণার ঘরে সৃষ্টি হতে পারে ঘরের সব ক্লাসের প্রয়োজনীয় উপকরণ দিয়ে সাজিয়ে। এক্ষেত্রে, বিষয়-অনুযায়ী এবং ক্লাস অনুযায়ী টি.এল.এম সাজানোর বিভ্রান্তি এড়িয়ে পরিকল্পনা যত্ন নিয়ে করতে হবে।

**কার্যক্রম-6**

উপকরণের একটা তালিকা প্রস্তুত করুন যা আপনি মজুত ও প্রদর্শন আপনার শ্রেণীতে টি.এল.এম কর্ণারে করতে ইচ্ছা করেন।

..........................................................................................................................

..........................................................................................................................

..........................................................................................................................

## 6.5 টি.এল.এম হিসাবে পাঠ্য পুস্তক

পাঠ্য পুস্তক সর্বদা বিবেচিত হয় বিদ্যালয় শিক্ষার অপরিহার্য অংশ হিসাবে। একজন শিক্ষক পাঠ্যক্রম বা পাঠ্যসূচী না দেখতে পারেন কিন্তু তিনি পাঠ্য পুস্তক ছাড়া শিক্ষা দিতে পারেন না। পাঠ্য পুস্তক বিকশিত হয় বিষয় অভিজ্ঞ ব্যক্তি ও অভিজ্ঞ শিক্ষকদের দ্বারা নির্দিষ্ট শ্রেণীর জন্য বিষয়ের নির্দিষ্ট পাঠ্যসূচীর উপর কঠোরভবে ভিত্তি করে। পাঠ্য পুস্তকের প্রাসঙ্গিক বিষয় ও প্রাসঙ্গিক বিষয়ের মধ্য ধারণা নির্দিষ্ট নিয়মের বিন্যস্থ করা হয় পাঠ্যসূচী অনুযায়ী ও অভিজ্ঞ দল যাঁরা পাঠ্যপুস্তককে বিকশিত করেছেন তাঁদের সিদ্ধান্তের দ্বারা। সুতরাং পাঠ্যপুস্তককে বিবেচনা করা হয় বিদ্যালয় পাঠ্যক্রম ছাত্রদের, শিক্ষকদের মাতা-পিতা ও অন্য সব ব্যক্তি যার বাজির টাকা জমা থাকে ফলাফল না জানা পর্যন্ত তাদের দ্বারা সংশ্লিষ্ট বিষয় ক্ষেত্রের সামগ্রিক অভিজ্ঞতার যোগফল। এখনো পর্যন্ত পাঠ্যপুস্তক সহায়তা করে শিক্ষণ, একইভাবে শিখনে এবং এটা সর্বাপেক্ষা সুবিধা প্রদানকারী টি.এল.এম হিসাবে বিবেচিত হতে পারে।

আমরা কিভাবে শিক্ষণ ও শিখনে পাঠ্যপুস্তককে ব্যবহার করি?

নোট

শিক্ষক হিসাবে আমরা সাধারণত আক্ষরিক অর্থে পাঠ্যপুস্তক অনুসরণ করি বিষয়বস্তু এবং প্রাসঙ্গিক বিষয়ের ধারাবাহিকতাকে বিঘ্ন না করে এবং প্রত্যেক প্রাসঙ্গিক বিষয়ের শেষে প্রদত্ত অনুশীলনী ছাত্ররা সম্পূর্ণ করে। বিদ্যালয়ে ছাত্রদের সম্পাদিত কাজের মূল্যায়ণ করা হয় পরীক্ষার উপর যেটা প্রস্তুত করা হয় পাঠ্যপুস্তকের বিষয়সূচীর উপর ভিত্তি করে। এটা বলা ভুল নয় যে বিদ্যালয়ের সহ পাঠ্যক্রমিক কার্যবলী নির্দেশিত পাঠ্যপুস্তকের প্রাসঙ্গিক বিষয়ের উপর ভিত্তি সম্পূর্ণরূপে ভিত্তি করে গড়ে, ওঠে। শিক্ষণ ও শিখনের প্রাথমিক উপকরণ হিসাবে পাঠ্যপুস্তক স্বীকৃত হয়।

**E.6 . শ্রেণীকক্ষের শিক্ষণ-শিখন প্রক্রিয়ায় পাঠ্যপুস্তকের চারটি ব্যবহার উল্লেখ করুন।**

## 6.5.1 শিখনের জন্য পাঠ্যপুস্তক

বিদ্যালয়ে শিক্ষণ ও শিখনের প্রধান উৎস হিসাবে পাঠ্যপুস্তক চলে নানান কারণের জন্য এবং বেশিরভাগ বিদ্যালয়ে ছাত্রদের শিখনে একমাত্র উৎস হল পাঠ্যপুস্তক। সফল শিখন উপকরণ হিসাবে আমরা কিভাবে পাঠ্যপুস্তক ব্যবহার করি?

নিম্নলিখিত পরিস্থিতিতে শ্রেণীকক্ষে পাঠ্যপুস্তক ব্যবহারের দুটো উদাহরণ পড়ুন।

**পরিস্থিতি - 3**

- *মি. প্রভীন ক্লাস* V এ ভাষা শিক্ষা দিচ্ছিলেন। তিনি একটা ধারাবাহিকতা অনুসরণ শিক্ষণ কার্যক্রমের যেমন-উচ্চস্বরে পাঠ, এলোপাথরিভাবে কিছু ছাত্রকে নির্বাচন করে এবং তাদের দিয়ে একটা অনুচ্ছেদ উচ্চস্বরে পাঠ করতে দেওয়া হল ছাত্রদের দ্বারা নীরব পাঠ, বাক্য গঠনের মাধ্যমে কঠিন শব্দের অর্থ প্রকাশ, কিছু উপলব্ধীমূলক প্রশ্ন জিজ্ঞাসা করা, ছাত্রদের বোধের মূল্যায়ানের জন্য কিছু প্রশ্ন জিজ্ঞাসা করা এবং চূড়ান্তপর্বে লিখনের কার্য্যভার প্রদান।
- *মিস. সাকিলা অন্যদিকে তাঁর ছাত্রদের ভগ্নাংশ উপস্থাপন করছিলেন ক্লাস IV. তিনি দৃষ্টান্ত স্বরূপ জোর দিলেন সংখ্যা সংক্রান্ত উদাহরণের উপর যা অঙ্কের পাঠ্যপুস্তকে প্রদত্ত ভগ্নাংশের লব ও হর ব্যাখ্যার উপর, সঠিক ও বেঠিক ভগ্নাংশ, ভগ্নাংশের যোগ ও বিয়োগ।*

  *মি.প্রভীন ও মিস.সুকলা উভয়েই গিয়েছিলেন শিক্ষণ-শিখন প্রক্রিয়ার সক্রিয়তা ভিত্তিক অভিগমন কর্মরত শিক্ষকের প্রশিক্ষণ প্রোগামে। তাঁরা প্রশিক্ষণ থেকে ফিরে আসার পর তাঁরা তাঁদের শিক্ষণ শৈলী পরিবর্তন করলেন নিম্নরূপে :*

  *মি.প্রভীনকে দেখা গেল অনেক কার্যক্রম ব্যবহার করতে যখন ঐ একই অনুচ্ছেদ ক্লাস-*V *এর ভাষার পাঠ্যপুস্তক থেকে শিক্ষা দিচ্ছিলেন। তিনি ছাত্রদের নিম্নলিখিত অনুচ্ছেদ পাঠ করতে বললেন যাতে বিভিন্ন ধরণের কার্যক্রম ছাত্রদের দ্বারা অনুরূপভাবে করানো হল।*

– *অনুচ্ছেদ থেকে প্রশ্ন তৈরী করা।*

নোট

- অনুচ্ছেদ থেকে নির্বাচিত শব্দ ব্যবহার করে ছোট অনুচ্ছেদ লেখা।
- অণুচ্ছেদে ব্যবহৃত কিছু নির্বাচিত (কঠিন) শব্দের সমার্থক ও বিপরীতার্থক শব্দ দেওয়া।
- 4 জন ছাত্রের দলে অনুচ্ছেদের প্রসঙ্গা বিষয় ব্যবহার করে একটা ছোট গল্প সম্প্রসারণ করা।
- বিতর্ক করা/(দলে) অনুচ্ছেদের অর্থের বিষয়ে এবং এর সংযোগ বাস্তবিক জীবনের অভিজ্ঞতার সঙ্গো।
- যদি এটা গল্প হয় তাহলে অনুচ্ছেদের উপর কথোকথন সৃষ্টি।
- খোলা হাতে কৌতুকের পোশাক খোলা অনুচ্ছেদের গল্পের রেখা অঙ্কন করা।

অন্যদিকে পাঠ্যপুস্তক থেকে সরাসরি ভগ্নাংশ উপস্থাপন করার আগে, মিস সুকলা প্রথমে ভগ্নাংশের বিষয়বস্তু ও পাঠ্যপুস্তকের উপস্থাপন শৈলী বিশ্লেষণ করলেন। তিনি অনেক উপকরণের ব্যবস্থা করলেন, বেশির ভাগটাই স্থানীয় এলাকা থেকে ছাত্রদের দ্বারা সংগৃহীত, যেমন- ফল, কাদা, বীজ, নুড়ি, লাঠি ইত্যাদি। এই উপকরণগুলো ব্যবহার করে তিনি শ্রেণীকক্ষে নানান কার্য্যক্রম পরিচালনা করে ছাত্রদের প্রশ্ন জিজ্ঞেসা করলেন:

- একটা বস্তুকে দুই বা ততোদিক অংশে বিভক্তি কর।
- বিভিন্ন বস্তু, নকশা বা ছবির অর্ধগুলো সংগ্রহ করে, একত্রিত করে সম্পূর্ণ বস্তু, নকশা ও ছবি গঠন কর।
- ভগ্নাংশের একটা বস্তুর সম অংশের একটা দিক বর্ণনা করে এরূপ গঠন কর $\frac{1}{2}, \frac{1}{3}, \frac{1}{5}$
- সঠিক ভগ্নাংশে একটা বস্তুর নানারুপ সম অংশগুলো বর্ণনা করে এরূপ গঠন কর ইত্যাদি।
- সংগৃহীত বস্তুগুলো ভাগ কর (পাথর, লাঠির মত) অনেকগুলো সম্ভাব্য সম অংশে এবং তারপর ব্যাখ্যা কর সম অংশের সঠিক ও বেঠিক ভগ্নাংশ।
- ছবি ও নকশা অঙ্কন কর সারিতে পাঠ্যপুস্তকের ঐগুলোর সঙ্গো এবং বিভিন্ন ভগ্নাংশ নির্দেশ করে সমহারে রং কর।
- সীমিত সময়ের মধ্যে (মনে কর 5 মিনিটে মধ্যে) একটা তালিকা প্রস্তুত কর যার মধ্যে থাকবে সঠিক এবং / অথবা বেঠিক ভগ্নাংশ।
- ভগ্নাংশের উপর প্রশ্নমালা গঠন কর (পাঠ্যপুস্তকের প্রদত্ত প্রশ্নের পুনরাবৃত্তি বা একই প্রশ্ন না করে)

*উপরের পরিস্থিতি থেকে আপনি উপলব্ধী করেছেন যে পাঠ্যপুস্তক শিখনে উৎস গুলোর মধ্যে একটা সর্বাপেক্ষা ভাল উৎস হিসাবে ব্যবহৃত হতে পারে যদি সঠিক ব্যবহৃত হয় এর নিম্নলিখিত বৈশিষ্ট্যের কারণে:*

- জাতীয় পাঠক্রমের রূপরেখা 2005 এর সুপারিশ অনুসরণ করে, পাঠ্যপুস্তক এখন উন্নত হয়েছে অত্যন্ত নিয়মানুসারে শিক্ষকের কার্য্যক্রম ও ছাত্রদের কার্য্যক্রম শ্রেণীকক্ষের ভিতরে ও বাইরে নির্দেশ করে। এইগুলো ছাত্রদের ও শিক্ষিকদের অনেক সুযোগ দিয়েছে অনেক শিখন কার্য্যক্রম করতে।

- প্রাসঙ্গিক বিষয়ের সঙ্গে সম্পর্কীত ধারণাগুলো পাঠ্যপুস্তকে ব্যাপকভাবে সংগঠিত হয় যা অধ্যায় গঠনের জন্য যথেষ্ট ধারণা দেয়। একজন কম কল্পনা প্রবন শিক্ষক কঠোরভাবে অনুসরণ করতে পারে ধারণার ক্রম বিন্যাসকে শ্রেণীকক্ষে শিক্ষণের সময়। তখন একজন দক্ষ-শিক্ষক যত্নসহকারে পাঠ্যপুস্তকের বিন্যাসগুলো পাঠ করবে এবং বিকল্প ধারনা প্রকাশ করতে পারবে যেগুলো হবে অধিক আনন্দদায়ক এবং অধিক অর্থপূর্ণ ছাত্রদের জন্য।

- নানারূপ কার্য্যক্রমের সঙ্গে ধারণাগুলো উপস্থাপিত হয় যেমন, সঙ্গীত, গল্প, ছবি, ধাঁধা ও আলোচনা যা ছাত্রদের মধ্যে অধিক শিখতে আনন্দ সৃষ্টি করে। পাঠ্যপুস্তকের উপস্থাপিত এই উপকরণগুলো থেকে, আপনি অর্ন্তদৃষ্টি লাভ করতে পারেন নানারূপ কার্য্যক্রম আবিষ্কার করতে এবং আপনার চারপাশে প্রাপ্ত উপকরণগুলো কম মূল্যে ও চেষ্টায়।

- ধারণাগুলোশিখনে অধিকতর শক্তিশালী করতে, অনেক সংখ্যক অনুশীলনের কার্য্যক্রম ছাত্রদের করার জন্য দেওয়া হয়। এই অনুশীলনের কার্য্যক্রম এরূপ নানান কার্য্যক্রম সৃষ্টি করতে আপনাকে ধারণা ও আপনার ছাত্রদের জন্য আরো নব প্রবর্তিত অনুশীলনী সরবরাহ করবে। এই প্রসঙ্গে একটা পাঠ্যপুস্তক হল একটা চমৎকার লাভজনক টি.এল.এম।

- নতুন পাঠ্যপুস্তক উন্নত হয়েছে শুধুমাত্র আংশিক তথ্য দিতে নয় বরং ছাত্রদের মিথষ্ক্রিয়ার জন্য সুযোগ দিতেও। উদাহরণতঃ ছাত্রদের জন্য জায়গা রাখা হয়েছে ধারণা ও কার্য্যক্রম সম্প্রসারণের উপর কেন্দ্রীভূত করতে, সমস্যার বিষয়ে, বিস্ময়ের জন্য, অনুশীলনীর কাজ করা যা প্রতিফলিত চিন্তনের ও ছোট দলগত কাজের উৎসাহ দেয়।

- পাঠ্যপুস্তকে প্রদত্ত কার্য্যক্রম ও অনুশীলনী প্রাসঙ্গিক বিষয়/অধ্যায়ের শেষে প্রত্যেক ছাত্র শিখনের অতিরিক্ত যা অর্জন করেছে তার মূল্যায়ন করতে ব্যবহৃত হতে পারে। এইসব অনুশীলনী আপনাকে সাহায্য করবে নানান ধরনের অভীক্ষার বিষয় উন্নত করতে (প্রশ্নাবলী বা কার্য্যক্রম সমূহ) যেগুলিতে আপনি একক অভীক্ষায় বা অন্য যে কোন মূল্যায়ণ পরিস্থিতিতে ব্যবহার করতে পারেন।

নোট



## কার্যক্রম-6

যে কোন পাঠ্যপুস্তক থেকে একটা প্রাসঙ্গিক বিষয় নিন যেটা আপনি সরবরাহ করছেন। কার্য্যক্রম ও উপকরণ সমূহের তালিকা করুন যা আপনি ব্যবহার করতে পারেন শ্রেণীকক্ষে প্রাসঙ্গিক বিষয়টা লেনদেন করতে।

.................................................................................................................

.................................................................................................................

.................................................................................................................

পাঠ্যপুস্তক থেকে ছাত্রদের শিখনকে পুণরায় শক্তিশালী করার উদ্দেশ্যে, অতিরিক্ত টি.এল.এম উপকরণসমূহ সর্বশিক্ষা লেনদেন করার পদ্ধতি শিক্ষকদের পুস্তিকায় মেলে।

এন.সি.এফ-2005 (National Curriculam Framework - 2005) অনুসারে,যে কোন ভাল পাঠ্যপুস্তক পাঠ্য, ধারণা, জিনিসগুলো, পরিবেশ ও ''সম্পূর্ণ উৎপাদিত পণ্য হিসাবে জ্ঞান স্থানান্তর করা'' থেকে মানুষের সঙ্গে সক্রিয়ভাবে নিযুক্তির মাধ্যমে বোধ নির্মাণ করতে পথ প্রদর্শক হিসাবে কাজ করে।

## 6.5.2 পাঠ্যপুস্তক ব্যতিত শিখন

পাঠ্যপুস্তকের উপর অত্যধিক নির্ভরশীলতা বিশ্বাস জাগিয়েছে যে পাঠ্যপুস্তকে সমস্ত জিনিস আছে যা শিক্ষণের জন্য একজন শিক্ষকের প্রয়োজন এবং ছাত্র যা শিখতে চায়। ফলে, শিক্ষকরা ব্যস্ত থাকেন পাঠ্যপুস্তকের শব্দের পর শব্দ শেষ করতে এবং ছাত্ররা পাঠ্যপুস্তকের প্রত্যেক পংক্তি আন্তরিকতার সঙ্গে শিখতে চেষ্টা করে পরীক্ষার উত্তর পত্রে অবিকল প্রতিলিপি করার উদ্দেশ্যে। এভাবে, পাঠ্যপুস্তক অভিযুক্ত হয়ে থাকে মুখস্থ বিদ্যা উন্নীত করার জন্য।

আমাদের স্বীকৃতি দেওয়া প্রয়োজন যে যদিও পাঠ্যপুস্তক একটা অন্যতম অপরিহার্য উপকরণ শিক্ষণ ও শিখনের জন্য, এটা শুধু একমাত্র উপকরণ নয় বরং এটা সমস্থ অভিজ্ঞতা সরবরাহ করে যা প্রয়োজন হয় আকাঙ্খিত শিখন ফলাফল অর্জন করতে। সকল পাঠ্যক্রমিক অভিজ্ঞতা দেওয়া যায় না পাঠ্যপুস্তকের সীমিত জায়গার মধ্যে। আরো অধিক, শিখন অর্থপূর্ণ, বিষয়াভিত্তিক ও প্রাসঙ্গিক হয় যখন এটা বাস্তব জীবনে বা পরিচিত পরিস্থিতিতে অর্জিত হয়। নিরবচ্ছিন্ন ও উদ্দেশ্যপূর্ণ প্রচার বাস্তব জীবন পরিস্থিতিতে নির্দিষ্ট উপযুক্ততা একটা অভ্যাসকে উন্নীত করে শিশুদের মধ্যে নতুন জ্ঞান অণ্বেষণের জন্য পরিচিত পরিবেশ থেকে।

আসুন আমরা বিবেচনা করি যে কোন সক্ষমতা যা আমরা চেষ্টা করি আমাদের শিক্ষকদের মধ্যে উন্নীত করতে পাঠ্যপুস্তকের মাধ্যমে। উদাহরণত বলা যায়, ''ক্লাস VI শিশুদের পঠনের বোধগম্যতার উন্নীতকরণ''। আমরা প্রকৃত যা করতে চাই, তা হল বিদ্যালয় ছাত্রদের মধ্যে সক্ষমতা উন্নীত করতে চাই।

নোট

অত:পর এটা একটা ভাষা সক্ষমতা, আমরা চেষ্টা করি এটা উন্নীত করতে আমাদের ছাত্রদের মধ্যে ভাষার পাঠ্যপুস্তকের মাধ্যমে সাধারণত নিম্নলিখিত পদক্ষেপে :

- একটা অনুচ্ছেদ উচ্চস্বরে এবং/অথবা নীরবে পাঠ করতে ছাত্রদের অনুমতি দেওয়া।
- কঠিন শব্দ, বিশিষ্টার্থক পদসমষ্টি বা বাক্য গুলোর বিশ্লেষণ।
- অনুচ্ছেদের বিষয়বস্তুর উপর প্রশ্নাবলী জিজ্ঞাসা করা ছাত্রদের অনুচ্ছেদের বিষয়বস্তু/ধারণাসমূহ বোধ মূল্যায়ন করতে।

নির্দেশ করে দেওয়া ভাষা পাঠ্যপুস্তকের বিষয়বস্তু থেকে পরীক্ষায় আমরা বোধের প্রশ্ন জিজ্ঞাসা করি। আপনার অভিজ্ঞতা থাকতে পারে যে বহু ছাত্র ভাষা বিষয়ে বেশী সফলতা পায়। কিন্তু তারা অপরিচিত লেখা/ছাপানো সামগ্রী রোধে দক্ষ নয়। অন্য দিকে, একজন শিশু যে প্রকাশিত হয়েছে বিভিন্ন উপকরণ ছাপতে বা দৃষ্টিগোচর হয় এমন উপকরণ যেমন, গল্পের বই, কৌতুকের সাজ-পোষাক খোলা, গল্পের কার্ড, সংবাদপত্র, সাময়িক পত্রিকার প্রবন্ধ, বেশি পছন্দের সহজে পাঠ উপলব্ধী উন্নীত করতে এবং পরীক্ষা ভাল কার্য এটার উপর সম্পাদন করতে। আবার, অঙ্কের সমস্যা সমাধান ও ইভি.এসের প্রাসঙ্গিক বিষয়ের ও প্রয়োজন পাঠ-উপলব্ধী। আমরা যদি পরিকল্পনা করি আমাদের ছাত্রদের মধ্যে পাঠ-বোধগম্যতা বিকশিত করতে, আমরা জোর দিতে পারি ছাপানো অনুচ্ছেদ/সমস্যার উপর যে কোন নির্দিষ্টি শ্রেণী বা পরিস্থিতি গ্রাহ্য না করে। অনুরূপভাবে, এটা পাওয়া গেছে যে, একজন ছাত্র যে বাজারে লেনদেনের অভিজ্ঞতা লাভ করেছে সে তুলনামূলক ভালভাবে সহজে অর্থের লেনদেন সম্পর্কীত সমস্যা, লাভ-ক্ষতি ইত্যাদি কার্য ও সম্পাদন করতে পারে।

শিশুর বর্তমান পরিবেশের প্রত্যেকটি উপাদান শিখনের উৎস হিসাবে ব্যবহৃত হতে পারে। পাঠ্যপুস্তকের সাহায্য ছাড়া পরিবেশ থেকে শিখনের প্রণালী প্রবর্তন করতে আমাদের থাকতে হবে যথাযথ পরিকল্পনা। আমরা যদি কৃতকার্য্যতার সঙ্গে এরূপ প্রাসঙ্গিক শিখন সফলভাবে ব্যবস্থা করতে পারি, অদূর ভবিষ্যতে এটা হবে একটা অভ্যাস ছাত্রদের সঙ্গে-বিভিন্ন উৎস থেকে শিখন অভিজ্ঞতা সঞ্চয় করা। আসুন আমরা এরূপ কিছু উৎস বুঝবার চেষ্টা করি যেগুলিকে আমরা আমাদের পরিকল্পনার সঙ্গে সংযুক্ত করতে পারি আমাদের ছাত্রদের উৎসাহ দেওয়ার জন্য শিখতে পাঠ্যপুস্তকের মধ্যে নিজেদের অবরুদ্ধ না করে।

- **গ্রন্থাগার :** বিভিন্ন পাঠ্যক্রমিক বিষয়ের উপর সম্পূরক পাঠক্রমিক উপকরণ সরবরাহ করা একটা সুসজ্জিত গ্রন্থাগারের মাধ্যমে প্রধানত সম্ভব হয়। এমনকি ছুটির দিনে বিদ্যালয়ে গ্রন্থাগারে সুবিধা পেতে ছাত্রদের যথেষ্ট সুযোগ দেওয়ার জন্য আপনার পরিকল্পনা করা প্রয়োজন। এটা শুধুমাত্র আনন্দের জন্য পাঠের অভ্যাস উন্নীত করে না বরং ছাত্রদের সাহায্য করে অভিধান, মানচিত্রাবলী, জ্ঞানকোষ ও বিভিন্ন বিষয় বস্তুর বই-এর মত নানাবিধ উল্লেখ্য উপকরণ পেতে।

নোট

- **সংবাদপত্র ও সাময়িক পত্রিকা :** বর্তমানে চলতি বিষয়ের উপর তথ্য, বিভিন্ন বিষয়ের প্রবন্ধ, ছোট কবিতাও গল্প, হাস্য কৌতুক, খেলা-ধূলা, সংখ্যাসূচক ও অন্যান্য ধাঁধা ইত্যাদির মত বিভিন্ন আনন্দদায়ক উপাদান যেগুলো সংবাদপত্রে ও সাময়িক পত্রিকায় পাওয়া যায় তা ছাত্রদের প্রচুর সাহায্য করে জীবনের উন্নতি সাধন করতে একইভাবে শিখএনর জন্য তাদের আগ্রহ বাড়াতে।

- **বৈদ্যুতিন মাধ্যম :** বেতার, দূরদর্শন, ইন্টারনেট, সিডি নানাবিধ শিক্ষামূলক বিষয়বস্তুর উপর, জ্ঞানের জগৎ ও শিখনকে উন্মুক্ত করে দিয়েছে। বেশীর ভাগ বিদ্যালয়, এমনকি প্রত্যন্ত এলাকায়ও এই সুবিধাগুলো সরবরাহ করা হচ্ছে। আপনার বিদ্যালয় শিক্ষাগত উদ্দেশ্যের জন্য এই উদ্ভাবনগুলোকে ব্যবহার করতে আপনাকে পরিকল্পনা করা প্রয়োজন।

- **বিদ্যালয়ে অভ্যন্তরীন ও বহি:স্থ কার্য্যক্রম :** বিদ্যালয় এলাকাভুক্ত জমির ভিতরে ও বাইরে শিখন কার্য্যক্রমের জন্য প্রচুর সুযোগ আছে। এরূপ কার্য্যক্রমের উদাহরণ হল : বিভিন্ন বস্তু ও বাহ্য মূর্তি, বিদ্যালয়ের বাগান পরিকল্পনা ও পালন, পস্রাবখানা ও পস্রাবখানা-ব্যবহারের অভ্যাস-পরিস্কার ও পরিচ্ছন্নতা, শ্রেণীকক্ষ ও বিদ্যালয় সৌন্দর্য্যায়ন ও পরিচ্ছন্নতা, বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থাপনা ইত্যাদি। তালিকা অসীম হতে পারে।

- **স্থানীয় প্রতিষ্ঠান পরিদর্শন :** পোষ্ট-অফিস, ব্যাঙ্ক, থানা, বাস-স্ট্যাণ্ড, রেল স্টেশন, ব্যবসায় ও শিল্প প্রতিষ্ঠান, কৃষি-খামারের মত বিভিন্ন স্থানীয় ও কাছাকাছির প্রতিষ্ঠান গুলো পরিদর্শন ছাত্রদের প্রত্যক্ষ অভিজ্ঞতা ও প্রতিষ্ঠানের বিভিন্ন বিষয়ের গভীর জ্ঞান সরবরাহ করতে পারে।

- **স্থানীয় বাজার ও কাজের স্থান পরিদর্শন :** চাষ আবাদ, কর্মকার, কাঠের কাজ / আসবাবপত্র মুরগী-পালন, মৎস চাষ ইত্যাদির বাজার ও বিভিন্ন কর্মক্ষেত্রে কর্মরত মানুষদের দেখা ও কাজের জগতের প্রাথমিক জ্ঞান সরবরাহ করে এবং একই সময়ে সাহিত্যের ও সংখ্যাতত্ত্বের প্রাথমিক জ্ঞান ও সৃজনী ও সমস্যা সমাধান ক্ষমতা সম্প্রসারণ করতে ও সাহায্য করে।

### কার্যক্রম-7

আপনার শ্রেণীর (অথবা যে কোন একটা শ্রেণীর) ছাত্রদের জন্য পাঠ্যপুস্তক সংযুক্তি না করে কার্য্যক্রমের একটা মাসিক পরিকল্পনা প্রস্তুত করুন শিখন অভিজ্ঞতা নির্দেশ করে যা তারা প্রত্যেক কার্য্যক্রম থেকে অর্জন করে থাকবে।

..................................................................................................................

..................................................................................................................

..................................................................................................................

যখন আপনি কার্য্যক্রমের পরিকল্পনা করছেন, তখন সুনিদিষ্ট করুন প্রত্যেক কাজের সময় ও স্থায়িত্ব, এককালীন কার্য্যকলাপ ও প্রত্যহ (সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক, বা বাৎসরিক) কার্যক্রম নির্দেশ করে।

এরূপ যে কোন কার্য্যক্রম পরিচালনা করতে এটা প্রয়োজন একটা উত্তম প্রস্তুত পরিকল্পনা যেটা অনেক আগে ছাত্রদের সঙ্গে অংশ গ্রহণ করা হয়েছে। জোর দিন যে প্রত্যেক ছাত্র গুরুত্বপূর্ণ বিষয়ের নোট নেয় যখন কার্যক্রমে অংশ গ্রহণ করে। প্রত্যেক কার্য্যক্রমের শেষে প্রত্যেক ছাত্রকে প্রস্তুত করতে হবে। যে অভিজ্ঞতা ও জ্ঞান অর্জন করেছে তার উপর প্রতিবেদন।

## 6.6 আসুন সারসংক্ষেপ করি

- প্রাথমিক বিদ্যালয়ের শিশুরা বাস্তব সক্রিয়তার স্তরে থাকে যেহেতু পিয়াঁজে কর্তক সুপারিশকৃত তখন তারা শেখে বাস্তব পরিচালনার দ্বারা। সুতরাং শিখনের এই স্তরে শিক্ষণ-শিখন উপকরণ হিসাবে বাস্তব উপকরণ অপরিহার্যভাবে প্রয়োজন।
- বিভিন্ন পদ্ধতিতে টি.এল.এম শ্রেণীবিভক্ত হতে পারে যথা—অকৃত্রিম বস্তু বা প্রস্তুত উপকরণ; শ্রবণ, দৃশ্যমান বা শ্রবণ-দৃশ্যমান; প্রকল্পিত, অপ্রকল্পিত বা পরীক্ষামূলক।
- সক্রিয় শিখনের জন্য উপকরণের প্রয়োজন হবে প্রাসঙ্গিক, বর্ণনা-প্রাসঙ্গিক, এবং বাস্তব জীবনের অভিজ্ঞতার সঙ্গে-সম্পর্কীত।
- সর্বাধিক যত্ন ও বিচক্ষণতার প্রয়োজন সংগ্রহ, ব্যবহার/প্রদর্শন করা এবং টি.এল.এম মজুত করা পর্যবেক্ষণ করতে। ছাত্রদের প্রত্যক্ষ সংযোগের মাধ্যমে শ্রেণীকক্ষে টি.এল.এম কর্ণার উন্নীত ও রক্ষণাবেক্ষণ করা শিক্ষক ও ছাত্রদের উভয়কে সাহায্য করে শ্রেণীকক্ষের শিক্ষণ-শিখন কার্য্যক্রমে সম্পদগুলোকে সমৃদ্ধ করতে।
- শিক্ষণ ও শিখন-উভয়ের জন্য পাঠ্যপুস্তক হল অপরিহার্য উপকরণ।
- পাঠ্যপুস্তক ব্যতিরেখে শিখনের প্রচুর সুযোগ আছে যেটার শিক্ষক ও ছাত্রদের দ্বারা সাজ পরানোর প্রয়োজন জ্ঞানকে সমৃদ্ধ ও সম্প্রসারণ করার জন্য।

## 6.7 আপনার অগ্রগতি যাচাই করার আদর্শ উত্তর

E.1 C

E.2 অঙ্কে :দুই-সংখ্যা গঠন, দুই-সংখ্যার বিশিষ্ট্যমূল্য স্থির-করা, পূর্ববর্তী ও পরবর্তী ধারাবাহিক সংখ্যা ইত্যাদি।

ভাষায়: শব্দ গঠন, শব্দের খেলা, যুক্তাক্ষর চিহ্নিত করণ ইত্যাদি।

E.3 প্রথম পরিস্থিতি : ছাত্রদের বোঝার জন্য খুব কম সুযোগ দেওয়া হয়েছে। শুধুমাত্র তাদের টুকতে বলা হয়েছে।

E.4 (i) আর্থিক কারণে অনেক দিন টিকিয়ে রাখা সম্ভব নয়, (ii) উপকরণ প্রস্তুতে হাতে - কলমে

নোট

ব্যাখ্যা শিক্ষার্থীদের দক্ষতা উন্নীত করতে সাহায্য করে, (iii) বহু-সংবেদন অঙ্গের ব্যবহার শিক্ষার্থীদের প্রতিফলিত চিন্তার বিকাশ ঘটায়।

E.5 অ-প্রকল্পিত – ব্লাক বোর্ড, প্রকল্পিত – চলচ্চিত্রে

শ্রবণ – বেতার, শ্রবণ – দৃষ্টিসম্পন্ন-দূরদর্শন

সংগৃহীত – পাথর ও মাছ।

E.6 (i) শিক্ষকদের হাতে পাঠ্যপুস্তক হল একটা প্রয়োজনীয় শিক্ষণ সহায়ক উপকরণ : (ii) শিক্ষক সাহায্য করে বিষয় বস্তুর যুক্তিপূর্ণ ক্রম রক্ষা করতে, (iii) ছাত্রদের মূল্যায়নের জন্য এটা নির্দেশিকা সরবরাহ করে, (iv) শিক্ষার্থীদের উৎসাহ দেয় বিকিরণশীল চিন্তা করতে পরিচ্ছেদ ও অনুশীলনীর মাধ্যমে।

## 6.8 সুপারিশকৃত পাঠ্য ও সম্পর্ক স্থাপন

Baporikar Neeta (2001), Teaching Learning Process : Fundamentals, VDM Verlag Dr. Muellere e.K,Berlin

NCF 2005, National Council of Educational Research and Training (NCERT), New Delhi.

Woolfolk, Anita (2009), Educational Psychology (11th Edition), Pearson/Allyn And Bacon Publishers, London.

http.//www.ed.gov.nl.ca/edu/k12/curriculum/guides/health/elementary/process.PDF

http://iteslj.org/Articles/Kitao-Materials.html.

http://www.eiabd.com/materials/index.php?option=com_content&view=article&id = 2&Itemid = 3 & lang = en

## 6.9 একক শেষে অনুশীলনী

1. শিক্ষণ ও শিখন উপকরণের মধ্যে পার্থক্য ব্যাখ্যা করুন।
2. উদাহরণ সহ টি.এল.এমের বিভিন্ন অভিগমন বর্ণনা করুন।
3. উদাহরণ সহ শিখন কার্যক্রম ব্যবহৃত উপকরণের বৈশিষ্ট্যসমূহ উল্লেখ করুন।
4. আপনার শ্রেণীকক্ষে আপনি কিভাবে একটা টি.এল.এম কর্ণারের ব্যবস্থা করবেন ?
5. পাঠ্যপুস্তক কি একমাত্র শিখন উপকরণ ? উদাহরণ সহ ব্যাখ্যা করুন আপনি কিভাবে পাঠ্যপুস্তক ছাড়া শিখন অভিজ্ঞতা যোগান দেবেন ?


# একক - 7 বহুবিভাগীয় এবং বহুস্তরীয় ব্যবস্থাপনা

## কাঠামো

7.0 – সূচনা
7.1 – শিখনের উদ্দেশ্য
7.2 – বহুবিধ ক্রম বিভক্ত পরিবেশ
    7.2.1 – সমস্যা সমূহ/বহুবিধ ক্রমবিভক্ত শিক্ষণের পরিণতি
    7.2.2 – বহুবিধ ক্রমবিভক্ত পরিবেশের ব্যবস্থাপনার জন্য কৌশল সমূহ
    7.2.3 – বহুবিধ ক্রমবিভক্ত শিক্ষণের পরিকল্পনা
7.3 – বহুবিধ উচ্চতা নির্ধারণ পরিবেশ
    7.3.1 – বহুবিধ উচ্চতা নির্ধারণ শিক্ষণের পরিণতি
    7.3.2 – বহুবিধ উচ্চতা নির্ধারণ পরিবেশের ব্যবস্থাপনার জন্য কৌশল সমূহ।
    7.3.3 – বহুবিধ উচ্চতা নির্ধারণ শিক্ষণের পরিকল্পনা
7.4 – আসুন সংক্ষেপ করি
7.5 – আপনার অগ্রগতি যাচাই করে নিতে আদর্শ উত্তর
7.6 – সুপারিশকৃত পাঠ্য ও উল্লেখ্য
7.7 – একক শেষে প্রশ্নাবলী

## 7.0 সূচনা

একক - 5 ও একক - 6 তে আমরা ইতিমধ্যে আলোচনা করেছি। প্রাথমিক বিদ্যালয় স্তরে শ্রেণীকক্ষ ব্যবস্থাপনার অনেক বিষয়সমূহ। শ্রেণীকক্ষ ব্যবস্থাপনার পরিণতি ও কৌশলসমূহ যা এইসব এককগুলোতে আলোচিত হল তা একমাত্র 'একাকী ক্রমবিভক্ত' পরিবেশের সঙ্গে সম্পর্কীত, যথা: একই সময়ে একই শ্রেণীর শিশুদের একজন মাত্র শিক্ষক শিক্ষণরত। এই একককে আসুন আমরা খুঁজে বার করি বহুবিধ ক্রমবিভক্ত পরিবেশের (Multi Grade Situation) বিভিন্ন বিষয় যা একই সঙ্গে দুই বা ততোধিক শ্রেণীর শিশুদের দিতে একজন শিক্ষকদের প্রয়োজন, পৃথিবীর প্রায় সব দেশে প্রাথমিক বিদ্যালয়ে স্তরে বহুবিধ-ক্রমবিভক্ত পরিবেশ (Multi Grade Situation) এখনো বিরাজ করছে। উন্নয়নশীল দেশগুলোতে, বেশিরভাগ প্রাথমিক বিদ্যালয়গুলো বিশেষত: পঞ্চম শ্রেণী পর্যন্ত, এক শিক্ষক বা দুই শিক্ষক নিয়ে বহুবিধ ক্রমবিভক্ত পরিবেশ আছে। পৃথিবীর মধ্যে ভারতের সর্বাধিক সংখ্যক বহুবিধ-ক্রমবিভক্ত প্রাথমিক বিদ্যালয় আছে। সপ্তম সারা ভারত শিক্ষাগত জরীপ অনুসারে ভারেত 80% এর ও বেশি প্রাথমিক বিদ্যালয়ে 4 জন বা 4 এর থেকে কম শিক্ষক আছে পাঁচটা শ্রেণী পরিচালনা করতে। অর্থাৎ, ভারতে প্রাথমিক বিদ্যালয় স্তরে বহুবিধ-ক্রমবিভক্ত পরিবেশ হল একটা গুরুত্বপূর্ণ প্রত্যক্ষ জগত ও একটা খাঁটি বাস্তবতা। বহুবিধ ক্রমবিভক্ত পরিবেশের প্রত্যক্ষ জগত বেশির ভাগ প্রাথমিক বিদ্যালয় স্তরের শিক্ষকদের মারাত্মক প্রতিযোগীতায় স্থাপন



নোট

করে তাদের যারা সঠিকভাবে বহুবিধ-ক্রমবিভক্ত পরিবেশ (Multi grade situation) পরিচালনা করতে অসমর্থ। অধিকন্তু, বহুবিধ ক্রমবিভক্ত পরিবেশের প্রকৃতি ও রূপ বিদ্যালয় থেকে বিদ্যালয় পার্থক্য হয়। সুতরাং এই কারণে অবশ্যই প্রয়োজনীয় ব্যবস্থাপনা গত দক্ষতা অর্জনকরে বহুবিধ ক্রমবিভক্ত পরিবেশ পরিচালনা জন্য।

একক-ক্রমবিভক্ত একইভাবে বহুবিধ ক্রমবিভক্ত পরিবেশে যখন শিক্ষণ-শিখন কার্য্যক্রম পরিচালিত হয় তখন আমরা পর্য্যবেক্ষণ করি যে প্রত্যেক ছাত্র ব্যবহারিকভাবে ব্যাখ্যা করে তা ব্যক্তিগত পরিচিতি অন্যের থেকে সম্পূর্ণ আলাদাভাবে মানসিক ক্ষমতা, আগ্রহ, ব্যক্তিত্ব শিখনের হার ইত্যাদি বিষয়ে। শিখন সামর্থের পরিপ্রেক্ষিতে ছাত্ররা বিবেচিত হতে পারে ভাল, গড় ও ত্রুটিপূর্ণ ছাত্র হিসাবে। শিখন হারের পরিপ্রেক্ষিতে তারা বিবেচিত হতে পারে, দ্রুত, মধ্যম-স্থানের ছাত্র ও ধীর ছাত্র হিসাবে। অন্য কথায়, বহুবিধ উচ্চতা নির্ধারণের ছাত্ররা, যেমন একক-ক্রম বিভক্ত ঠিক তেমনি বহুবিধ-ক্রমবিভক্ত পরিবেশ/শ্রেণীতে পাওয়া যায়। এভাবে, একজন শিক্ষক সর্বদা সম্মুখীন বহুবিধ উচ্চতা নির্ধারণে শ্রেণীকক্ষের পরিবেশকে পরিচালনা করতে।

এই এককে আসুন আমরা বুঝি বহুবিধ ক্রমবিভক্ত ও বহুবিধ উচ্চতা নির্ধারণ পরিবেশ শ্রেণীকক্ষে এবং কিভাবে সঠিক ব্যবস্থাপনা কৌশল নিয়োগ করে এই সমস্যাগুলোতে নিরত থাকা যায় এবং এই এককে দক্ষ হওয়া যায় যার জন্য আপনার প্রয়োজন হতে পারে প্রায় 14 ঘন্টা অধ্যয়ন।

## 7.1 শিখন উদ্দেশ্য সমূহ

এই একক সম্পূর্ণ করার পর আপনি সমর্থ হবেন :

- বহুবিধ ক্রমবিভক্ত ও বহুবিধ-উচ্চতা নির্ধারণের পরিবেশের মধ্যে শেখানোর প্রয়োজনীয়তা ব্যাখ্যা।
- বহুবিধ ক্রমবিভক্ত ও বহুবিধ উচ্চতা নির্ধারণ পরিবেশে বিভিন্ন ফলাফল চিহ্নিত করা।
- বিভিন্ন কৌশলসমূহ ও দক্ষতা পরিকল্পনা ও ব্যবহার করা শিক্ষণ-শিখন পরিচালনা করতে।
  - (i) একই বিষয় বহুবিধ ক্রমবিভক্ত পরিবেশের সকল বিভাগে
  - (ii) ভিন্ন বিষয়সমূহ বহুবিধ ক্রমবিভক্ত পরিবেশের বিভিন্ন বিভাগে
- বিভিন্ন কৌশল সমূহ সফলভাবে ব্যবহার করে বহুবিধ উচ্চতা নির্ধারণ পরিবেশ পরিচালনা

## 7.2 বহুবিধ-ক্রমবিভক্ত পরিবেশ

### কর্মতৎপরতা-1

আপনার এলাকার প্রাথমিক বিদ্যালয়গুলির বহুবিধ ক্রমবিভক্তের অস্থিত্বের উপর উপাও সংগ্রহ করুন এবং এরূপ বিদ্যালয়গুলোর শতকরা হার নির্ণয় করুন।

.......................................................................................................................

.......................................................................................................................

.......................................................................................................................

নোট

আপনাদের অনেকে, 'বহুবিধ-ক্রমবিভক্ত পরিবেশ' (Multi Grade Situation)/(MGS) ও 'বহুবিধ-ক্রমবিভক্ত শিক্ষণ' (Multi-Grade Teaching)/(MGT) এর সঙ্গে খুব পরিচিত নন। যাইহোক, এই দফাগুলোর দারা কার্যক্রমের উদ্দেশ্যের সঙ্গে আপনি পরিচিত হতে পারেন। আপনি পর্যবেক্ষণ/অভিজ্ঞতা অর্জন করে থাকতে পারেন যে কিছু প্রাথমিক বিদ্যালয়ে একজন মাত্র শিক্ষক একই ঘরে দুই বা তিনটে শ্রেণীকে একসঙ্গে ছাত্রদের শিক্ষা দিচ্ছেন। এরূপ বহুবিধ শ্রেণীর পরিবেশকে বলে বহুবিধ ক্রমবিভক্ত পরিবেশ/Multi-Grade Situation (MGS) এবং এই বহুবিধ ক্রমবিভক্ত পরিবেশে একজন শিক্ষক যে শিক্ষণ কৌশল অবলম্বন করেন, তাকে বলা হয় বহুবিধ ক্রমবিভক্ত শিক্ষণ/Multi-Grade Teaching (MGT)। এরূপ পরিবেশ সুদূর গ্রাম্য এলাকায় যেসব এলাকায় খুব কম লোকসংখ্যা ও যে সব বিদ্যালয়ে কম সংখ্যক ছাত্ররা আছে সেখানে খুবই সাধারণ। MGS/ MGT এর প্রয়োজন নানাবিধ কারণে ঘটাতে পারে। গুরুত্বপূর্ণ কারণগুলো হল নিম্নরূপ :

- ভর্ত্তীর ভিত্তিতে শিক্ষক নিয়োগ নীতি : দেশের প্রায় সব রাজ্যে প্রাথমিক বিদ্যালয়ে স্তরে শিক্ষক নিয়োগের রাজ্যের নিয়মাবলী ছাত্র-শিক্ষক অনুপাত (Pupil-teacher ratio)/(PTR) প্রায় 40 (অর্থাৎ 40 জন ছাত্র পিছু একজন শিক্ষক) ভিত্তিতে হয় এবং বিদ্যালয়ের শ্রেণীর সংখ্যার বা বিভাগের উপর ভিত্তি করে নয়। এর অতিরিক্ত, অপরেশানাল ব্লাক বোর্ড প্রকল্পের শর্ত অনুসারে, কম সংখ্যক শিশু ভর্ত্তীর বিষয়টা গ্রাহ্য না করে একটা বিদ্যালয়ে কমপক্ষে দুইজন শিক্ষক থাকা উচিত। যদি 80 জন বা তার কম সংখ্যক শিশু কোন প্রাথমিক বিদ্যালয়ে ভর্ত্তী হয়, তাহলে সেই বিদ্যালয়ে উপরের শর্ত অনুসারে 2 জন শিক্ষক হবেন। যদি বিদ্যালয়ে 120 জন শিশু থাকে তাহলে সেখানে 3 জন শিক্ষক থাকবেন। যাইহোক, দুটো বিদ্যালয়ে নিয়োজিত শিক্ষক সংখ্যা ক্লাসের সংখ্যার থেকে কম হয়। ফলস্বরূপ, এই সব বিদ্যালয়গুলোতে একজন শিক্ষককে একই সঙ্গে-একাধিক শ্রেণীকে পরিচালনা করতে হয়

  যদিও RTE-2009 তে, PTR হ্রাস পেয়েছে 30 এ (প্রাথমিক বিভাগে) এবং 35 (উচ্চ-প্রাথমিক বিভাগে), প্রতি শ্রেণী/বিভাগ প্রতি একজন শিক্ষক-এটা অনুমোদিত হয়নি। RTE-2009 তে শিক্ষকদের শর্তের জন্য নিয়ম নিম্নে প্রদত্ত ঘরে দেওয়া হল :

**RTE, 2009-এ শিক্ষকদের শর্তের জন্য নিয়মাবলী**

(তপশীলের ক্রমিক সংখ্যা 1 অনুসারে পড়ুন আইনের 19 ও 25 ধারা গুলো)

(a) I থেকে V শ্রেণীর জন্য

| ভর্ত্তী হওয়া শিশুরা সংখ্যা | শিক্ষকের সংখ্যা |
|---|---|
| 60 পর্যন্ত | দুই |
| 61 থেকে 90-এর মধ্যে | তিন |
| 91 থেকে 120 -এর মধ্যে | চার |
| 121 থেকে 200 এর মধ্যে | পাঁচ |
| 150 এর উপর শিশু | পাঁচ + 1 প্রধান শিক্ষক |
| 200 শিশুর উপর | ছাত্র-শিক্ষক অনুপাত 40 এর অতিরিক্ত হবে না (প্রধান শিক্ষক ছাড়া) |

(b) VI থেকে VIII এর জন্য

(i) একটা ক্লাস প্রতি কমপক্ষে একজন শিক্ষক যাতে কম পক্ষে একজন শিক্ষক থাকবে প্রত্যেকটার জন্য।

(i) বিজ্ঞান ও অঙ্ক

(ii) সমাজ বিদ্যা

(iii) ভাষা

(2) প্রতি 35 জন শিশুর জন্য কমপক্ষে একজন শিক্ষক।

(3) যেখানে 100 জনের অধিক শিশু ভর্ত্তী হয়।

(i) একজন পূর্ণসময়ের প্রধান শিক্ষক

(ii) আংশিক সময়ের শিক্ষক

(a) কলা বিদ্যা;

(b) স্বাস্থ্য ও শারীর শিক্ষা;


(c) কর্ম শিক্ষা বিষয়ের জন্য।

অর্থাৎ, এটা স্পষ্ট যে বেশিরভাগ বিদ্যালয়ে, বহুবিধ ক্রমবিভক্ত পরিবেশ প্রভাব বিস্তারে সফল হতে চলতে থাকবে।

- ***বিদ্যালয়ে প্রয়োজনীয় সংখ্যক শ্রেণীকক্ষের অভাব :*** অনেক বিদ্যালয় আছে যেখানে প্রকৃত প্রয়োজনের তুলনায় কম সংখ্যক শ্রেণীকক্ষ আছে। এমনকি অনেক বিদ্যালয় আছে যেখানে এক বা দুটো শ্রেণীকক্ষ আছে। ফলে, একটা ঘরে দুই বা ততোধিক শ্রেণীর ছাত্ররা বসতে বাধ্য হয়। এই পরিবেশে একাধিক শিক্ষকের শিক্ষা পরিচালনা করতে অসুবিধা হয়। এই কারণে, বিদ্যালয়ে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষকের শারীরিক উপস্থিতি অবজ্ঞা করা হয়, শ্রেণীকক্ষে অভাবের কারণে বহুবিধ ক্রমবিভক্ত/বহুবিধ ক্রমবিভক্ত শিক্ষণ অবশ্যম্ভাবী হয়ে ওঠে।

- ***বহুদূরবর্তী অঞ্চলের বিদ্যালয়গুলোতে কাজ করতে শিক্ষকদের অনীহা :*** আমাদের দেশের বেশির ভাগ রাজ্যে, বহু বিদ্যালয় আছে বহু দূরবর্তী গ্রামীন এবং / অথবা উপজাতি অঞ্চলে বেশি শিক্ষক যাঁরা এই বিদ্যালয়গুলোতে অধিষ্ঠিত হয়েছেন তাঁরা সেখানে কাজ করতে পছন্দ করেন না, হতে পারে, যথাযথ যোগাযোগ ব্যবস্থার অভাবের কারণে, শিক্ষকদের জন্য বাসযোগ্য বাসস্থানের অভাব ইত্যাদি। এটা পর্যবেক্ষণ করা হয়েছে যে সারা বছরের এই সব বিদ্যালয় গুলোতে যে সংখ্যক শিক্ষকদের প্রকৃত নিযুক্ত করা হয় তার থেকে কম সংখ্যক শিক্ষক শারীরিকভাবে উপস্থিত হন। ফলস্বরূপ, বহুবিধ ক্রমবিভক্ত পরিবেশ/বহুবিধ ক্রমবিভক্ত শিক্ষণ অবশ্যম্ভাবী প্রয়োজন হয়ে ওঠে এই সব বিদ্যালয় গুলোতে।

- ***শিক্ষকের কর্মক্ষেত্রে অনুপস্থিত থাকার অভ্যাস :*** ব্যক্তিগত/স্বাস্থ্যের কারণে দীর্ঘকালীন ছুটির জন্য বিদ্যালয়ে শিক্ষকদের অনুপস্থিতি অথবা বিদ্যালয় সংক্রান্ত কাজ ছাড়া বিদ্যালয়ের বাইরে অন্য কাজে তাঁদের নিয়োজিত থাকা বিদ্যালয়ে MGS/MGT (Multi-Grade Situation/Mulit-Grade Teaching) সৃষ্টি করে।



নোট

- ***বিশেষ বাধ্য হয়ে বিদ্যালয়ে কর্মসূচী চালনা :*** বর্তমানে কখনো কখনো ভর্ত্তী হয়নি এবং বিদ্যালয় ছুট শিশুদের জন্য সেতুবন্ধনের পাঠের মত চলমান বাধ্য হয়ে বালিকাদের জন্য বিশেষ শিক্ষা কেন্দ্র ও পরিযায়ী শিশুদের জন্য শিক্ষাকেন্দ্র একসঙ্গে চলছে বহু প্রাথমিক বিদ্যালয়ে। এই জন্য, বিভিন্ন বয়সের ও ক্ষমতার 20 - 40 জন শিশুদের জন্য বিশেষ ব্যবস্থা তৈরী করা হয়েছে এই বিদ্যালয়গুলোতে। যখন এই নানা ধরণের ছাত্রদের পরিচালনা করা হয় তখন শিক্ষকরা বহুবিধ ক্রমবিভক্ত পরিবেশের সম্মুখীন হন।
- ***শিক্ষক নিয়োগে বিলম্ব :*** কখনো কখনো বিদ্যালয়ে শুন্য পদে শিক্ষক নিয়োগ/নির্দিষ্ট স্থানে প্রতিষ্ঠিত করার কারণে একজন বা দুইজন শিক্ষক বাধ্য হন সব ক্লাসগুলো পরিচালনা করতে। এটা একটা স্বয়ংক্রিয় পরিবেশ হিসাবে বিদ্যালয়ে গৃহীত হয়।

এই সব কারণে বহুবিধ ক্রমবিভক্ত পরিবেশ বিদ্যালয়ে বাস্তব বস্তু ও খাঁটি-বাস্তব হিসাবে স্বীকৃত হয়। অর্থাৎ, আপনাকে বহুবিধ ক্রমবিভক্ত পরিবেশ/বহুবিধ ক্রমবিভক্ত শিক্ষণ সম্পর্কীত সমসাবলী/পরিণতির বিষয়ে সজাগ থাকা প্রয়োজন এবং সঠিক শিক্ষাগত ও পরিচালনগত দক্ষতা ও এই সব বিষয়গুলো যার দ্বারা শিক্ষণ শিখন সফল করার ক্ষমতা ভাষণ দেওয়ার উদ্দেশ্যে ও সজাগ থাকা প্রয়োজন।

## 7.2.1 MGTতে সমস্যাসমূহ/পরিণতি

বহুবিধ-ক্রমবিভক্ত শিক্ষণ যে কোন শিক্ষকের জন্য একটা অত্যন্ত প্রতিদ্বন্দিতামূল কাজ। যাইহোক, যদি আপনার বহুবিধ-ক্রমভিত্তিক শিক্ষণের সঙ্কটপূর্ণ পরিণতির একটা পরিষ্কার ধারণা থাকে, তাহলে আপনি এই পরিস্থিতি আরো ভালভাবে পরিচালনা করতে সমর্থ হতে পারেন। আসুন আমরা পরিণতিগুলো বিবেচনা করি :

- বহুবিধ-ক্রমভিত্তিক শিক্ষণ শিক্ষকদের যাঁরা এর মধ্যে যুক্ত থাকেন তাঁদের কার্য-ভার বৃদ্ধি করে। শ্রেণীকক্ষে লেনদেন ছাড়া, একজন শিক্ষকদের প্রয়োজন প্রাত্যহিক পাঠ-টীকা প্রস্তুত করা, TLMs (Teaching Learning Materials) প্রস্তুত ও সংগ্রহ করা, ছাত্রদের বাড়ির কাজ সংশোধন করা ইত্যাদি বিভিন্ন ক্রমভিত্তিকের জন্য। যখন এগুলো সবই পালন করবেন, তিনি সমস্যাসমূহ ও ফল হিসাবে, শিক্ষণ-শিখন কার্য্যক্রম তেমন সফল আকঙ্খিত ফল দিতে নাও পারে-তিনি এরূপ সমস্যার সম্মুখীন হবেন।
- বহুবিধ-ক্রমবিভক্ত পরিবেশে, যেহেতু শিক্ষার্থীরা বিভিন্ন ক্রমভিত্তিক শিখন সামর্থ্যের, তাই একজন শিক্ষকের কাছে এই সব পার্থক্য গুলো বিবেচনা করে একটা পরিকল্পনা প্রস্তুত করা এটা কঠিন হয়।
- বহুবিধ-ক্রমবিভক্ত পরিবেশে শিক্ষকদের অত্যাধিক কার্য্যভারের কারণে এটা সম্ভব হয় না ছাত্রদের ব্যক্তিগত মনযোগ ও শিক্ষণের জন্য তাদের অনুপ্রাণিত করা।
- বেশিরভাগ গ্রামীণ ও উপজাতী অধ্যুষিত অঞ্চলে শ্রেণীকক্ষের অভাব আছে। তাই, এক ঘরে একাধিক ক্রমবিভক্ত শিক্ষার্থীদের শিক্ষণ-শিখন কার্য্যক্রম পরিচালনা করা অত্যন্ত অসুবিধাজন্যক হয়।

- প্রাথমিক বিদ্যালয় স্তরে, সাধারণত: একাকী-ভিত্তিক শিক্ষণ পরিস্থিতি মনে রেখে পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তকগুলো প্রস্তুত করা হয়। সে কারণে নির্দিষ্ট পাঠ্য বিষয়সমূহ MGS এর শর্তানুযায়ী সময়ের মধ্যে সমাপ্ত করা বেশ কঠিন হয়।
- আমরা সবাই নির্দিষ্ট সময় ও পিরিয়ড তালিকা একক ক্রমবিভক্ত পরিবেশে যেটা অনুসরণ করা হয় সে বিষয়ে অবগত আছি। কিন্তু MGS এর জন্য সময়-সারণী প্রস্তুত সর্বোতভাবে একটা ভিন্ন কাজ এবং সমস্ত ভিন্নতা মনে রেখে প্রগঢ় চিন্তার প্রয়োজন।
- MGS এ শিক্ষক প্রত্যেক ধাপ/ক্লাসে শিক্ষার জন্য কম সময় পান। ফলে, ছাত্রদের সঙ্গে তাঁর কম সম্পর্ক হয় এব ছাত্রদের সহযোগিতা করতে তিনি অকৃতকার্য হন।
- MGS এ একটা শ্রেণীর শিক্ষণ-শিখন কার্য্যক্রম অন্য শ্রেণী গুলোকে প্রভাবিত/অসুবিধা করে। উদাহরণত: যখন একটা শ্রেণীতে একটা গল্প বলা হয় বা আবৃত্তি করা হয়, তখন অন্য শ্রেণীর ছাত্ররা হয় এর দ্বারা অসুবিধা ভোগ করে, অথবা তারা এর প্রতি আকৃষ্ট হয়। এবং তারা নিজেদের কার্য্যক্রম ত্যাগ করে।
- সাধারণত শ্রেণীকক্ষে প্রত্যেক ছাত্র অর্থপূর্ণ অভিজ্ঞতা পায় যদি সে এককভোবে কোন কিছু শিখন কার্য্যক্রমে যুক্ত থাকে। কিন্তু MGS এ প্রত্যেক ছাত্রকে শিখন কার্য্যবলী সরবরাহ করা কঠিন হয়ে থাকে।
- যদি বিদ্যালয়ে একক বহুবিধ-ধাপের শিক্ষক থাকেন এবং যখন তিনি বিদ্যালয়ে অনুপস্থিত হন তখন সমগ্র বিদ্যালয়ে বন্ধ হয়ে থাকবে। সব ক্ষেত্রে তাঁর নিয়ন্ত্রণাধীন শিখন অবহেলিত হবে।

**কার্য্যক্রম-2**

শিক্ষক হিসাবে আপনি বা আপনার সহকর্মীর বহুবিধ ক্রমবিভক্ত পরিবেশের অভিজ্ঞতা থাকতে পারে। আপনার অভিজ্ঞতার উপর ভিত্তি করে, বা আপনার সহকর্মীদের সঙ্গে আলোচনা করে, উপরোক্ত আলোচনা ছাড়া বহুবিধ-ক্রমবিভক্ত পরিবেশের অন্য এটা তালিকা প্রস্তুত করুন।

..........................................................................................................

..........................................................................................................

..........................................................................................................

MGS/MGT-এর সমস্ত ফলাফল সফলভাবে আলোচিত হতে পারে যদি আমরা শ্রেণীকক্ষ ব্যবস্থাপনার এবং MGS-এর জন্য সঠিক শিক্ষাগত দক্ষতার একগুচ্ছ উত্তম পরিকল্পনা অনুসরণ করি।

## 7.2.2 বহুবিধ ক্রমভিত্তিক শিক্ষণের ব্যবস্থাপনার জন্য কৌশল সমূহ :

MGT-এর জন্য বিবেচনা করা একটা অন্যতম কারণ হিসাবে এটা খুব কঠিন যে আমরা বহুবিধ ক্রমভিত্তিক পরিবেশকে একক-ধাপের ক্লাসের পরিচিত কৌশল সমূহের সঙ্গে পরিচালনা করতে চেষ্টা করি। কিন্তু, একক-ধাপ (Mono-grade) ও বহুবিধ-ক্রমবিভক্ত ধাপ-দুটো ভিন্ন শ্রেণীকক্ষে

নোট

বর্ণনা প্রসঙ্গ এবং সে কারণে, আমাদের ভিন্ন ধরণের শিক্ষাগত ও পরিচালনা গত দক্ষতা ও কৌশল সমূহ অবলম্ব করা প্রয়োজন যা এই দুটো পরিবেশের প্রত্যেকটার জন্য সফল শিক্ষণ-শিখনে সহায়তা করে। এটা বেশিরভাগ নির্ভর করে আমরা কতটা দক্ষ বিভিন্ন শিক্ষাগত ও ব্যবস্থাপনাগত দক্ষতা বিভিন্ন শ্রেণীকক্ষের প্রসঙ্গে ব্যবহার করতে। বিশ্বাস করা হয় যে বহুবিধ ক্রমবিভক্ত শ্রেণীর ব্যবস্থাপনা একাকী-ধাপের শ্রেণীর ব্যবস্থাপনা যেটার কোন যুক্তিপূর্ণ কারণের উপর ভিত্তি নেই-তার থেকে অধিকতর কঠিন। শ্রেণীকক্ষের বিষয় যা হোক না কেন, এটা একাকী-ধাপ বা বহুবিধ-ধাপ, সবথেকে গুরুত্বপূর্ণ বস্তু এই যে, আমাদের কিভাবে প্রত্যেক শিক্ষার্থী সফলভাবে শিখতে পারে তার উপর জোর দেওয়া প্রয়োজন এবং এই প্রসঙ্গে শিখন-কেন্দ্রিক বিষয় অধিকতর উপযোগী বলে বিবেচিত হয় এবং ঐতিহ্যবাহী শিক্ষণ-কেন্দ্রিক বিষয়ের থেকে সফল MGT-এর ব্যবস্থাপনা।

যখন শিখন কেন্দ্রিক প্রথার মাধ্যমে MGT (তেমনই বহুবিধ-উচ্চতা নির্ধারণ শিক্ষণ) পরিচালনা করা হয়, তখন শিক্ষণ-শিখন প্রণালীর নিম্নলিখিত চারটি গুরুত্বপূর্ণ বিষয়ে যত্ন নিতে হয়।

- শ্রেণীকক্ষ সংগঠন
- শিক্ষার্থীদের দল করা
- শিখন উপকরণের শর্ত
- শিখন পরিবেশের জন্য পরিকল্পনা করা।


**শ্রেণীকক্ষ সংগঠন :** আপনার অভিজ্ঞতা থেকে আপনি যেহেতু জানেন যে সঠিক শ্রেণীকক্ষ সংগঠন হল গুরুত্বপূর্ণ উপাদান গুলোর মধ্যে একটা উপাদান যা উন্নত করতে সাহায্য করে শিক্ষণ ও শিখনের সফলতাকে। নির্দিষ্টভাবে এটা অধিক গুরুত্বপূর্ণ বহুবিধ-ক্রমবিভক্ত পরিবেশের ক্ষেত্রে। শ্রেণীকক্ষ শিখনের আপনার অভিজ্ঞতা থেকে স্মরণ করুন এবং চেষ্টা করুন নিম্নলিখিত গুলো উত্তর দিতে :

- শ্রেণীতে প্রাপ্ত জায়গা আপনি কিভাবে ব্যবহার করবেন কার্যকর শিখনের সহযোগিতার জন্য?
- শ্রেণীকক্ষে ছাত্রদের মিথষ্ক্রিয়ার জন্য আপনি কিভাবে একটা সুস্থ পরিবেশ সৃষ্টি করবেন?
- ছাত্রদের শিখনে সুবিধা প্রদানের জন্য কি উপকরণ আপনি শ্রেণীকক্ষে ব্যবহার করেন?

বেশ, এই সব প্রশ্নের সব উত্তরগুলো হবে শ্রেণীকক্ষে প্রাপ্ত স্থানের স্বদ্ব্যবহার সম্পর্কীত, শিশুদের উপযুক্ত বসবার ব্যবস্থা, ব্লাকবোর্ডকে সঠিক স্থানে রাখা ও শিক্ষকের টেবিল ও চেয়ার, শিখন উপকরণের প্রদর্শন, ছাত্রদের সৃজনী কাজের প্রদর্শন, ছাত্রদের কাজের জন্য শর্ত/সুবিধা (ব্যক্তিগত ও দলগত উভয়ই) দেওয়া, যেমন সব কিছু আপনার পাঠ প্রস্তুত করুন - তা কোন ঘটনা নয় কিন্তু মন্দভাবে সাজানো একটা শ্রেণীকক্ষ আপনার শিক্ষণকে কম বেশি প্রভাবিত করে। আসুন আমরা দেখি, নিম্নলিখিত গুরুত্বপূর্ণ MGS-এ শ্রেণীকক্ষ সংগঠনের বিষয়গুলি যত্ন নেওয়া যেতে পারে।

***স্থানের ব্যবস্থাপনা :*** বহুমুখী-ক্রমবিভক্ত শ্রেণীকক্ষে সর্বাধিক গুরুত্বপূর্ণ হল স্থানের ব্যবস্থাপনা। শ্রেণীতে যে টুকু ফাঁকা জায়গা পাওয়া যায় তা শিখন, স্থানের (Learning Corner) কর্মতৎপরতার

স্থান (Activity Corner), পিতা-মাতাদের স্থান (Parents' Corner), ছাত্রদের বসার, শিক্ষকদের বিচলন, ব্লাক বোর্ড ও প্রদর্শনী বোর্ড রাখা ইত্যাদির জন্য। নকশা 1 এ প্রদত্ত বিভিন্ন কার্য্যক্রম/উদ্দেশ্য সমূহের জন্য শ্রেণীকক্ষে স্থানের ব্যবস্থাপনার চিত্র দ্বারা উপস্থাপিত একটা নমুনা প্রদত্ত হল। চিত্রটা দেখুন।




**নকশা 1 : MGS শ্রেণীকক্ষে বিভিন্ন কার্যক্রম/উদ্দেশ্য সমূহের জন্য সুপারিশকৃত স্থান বিন্যাস**

- একে অপরকে অসুবিধা সৃষ্টি না করে দলগতভাবে আরামদায়কভাবে ছাত্রদের বসা।
- উপকরণ/কাঠের খন্ড প্রদর্শণ করে জানালা গুলো বন্ধ হওয়ার কারণে শ্রেণীকক্ষে সঠিক আলো ও বায়ু যাতায়াতের স্থানে প্রতিবন্ধকতা সৃষ্টি না করা।
- প্রয়োজনানুসারে শিক্ষক তেমনি ছাত্রদের স্বাধীনভাবে চলাচলের (দলগুলো মধ্যে) যথেষ্ট স্থানের সুবিধা প্রদান।
- ব্ল্যাক বোর্ড ও TLM স্থানগুলোতে ছাত্রদের সহজে পৌছানো ও সহজে এই সুযোগ গুলোর ব্যবহার করা।
- শিখনের স্থান, পিতামাতাদের স্থান, প্রশ্নপত্রের স্থান ইত্যাদিতে ছাত্রদের সহজ যাতায়াত করার সুযোগ তাদের ব্যবহারের জন্য।
- আসন বিন্যাস : একক-ক্রমবিভক্ত ধাপের শ্রেণীকক্ষ পরিবেশে শিক্ষণ-শিখনের সময় সাধারণত আপনি বিভিন্ন ধরণের/নিদর্শনের ছাত্রদের জন্য আসন বিন্যাস করেন দলগত কার্য্য, স্বয়ং-পাঠ, ও অন্যান্য শিখন কার্য্যক্রম পরিচালনায় ছাত্রদের সুযোগ দেওয়ার উদ্দেশ্যে। একক-ক্রমবিভক্ত পরিবেশের আসন বিন্যাসের প্রকৃতি ও ধরণ ভিন্ন হতে পারে বিভিন্ন শিখন কার্য্যক্রমের প্রয়োজনের উপর নির্ভর করে। কিন্তু একক-ক্রমবিভক্ত পরিবেশের থেকে বহুবিধ-ক্রমবিভক্ত


পরিবেশের আসন বিন্যাস ভিন্ন করতে হবে। বহুবিধ-ক্রমভিত্তিক পরিবেশে, সঠিক আসন বিন্যাস হল মুখ্য প্রয়োজনীয় শুধুমাত্র বিক্ষিপ্ত চিত্ত হ্রাস করা (ছাত্রদের মধ্যে)-যেটা একই ঘরে বিভিন্ন শ্রেণীর বসবার কারণে হয়, বরং বিভিন্ন ক্রমভিত্তিক ধাপে একসঙ্গে-বিভিন্ন কার্য্যক্রম সংগঠিত করার বিষয়ে সফল শিক্ষণ-শিখনের জন্য উপযোগী আবহাওয়া সৃষ্টি করা।

বহুবিধ-ক্রমবিভক্ত শ্রেণীকক্ষে আসন বিন্যাস ভিন্ন হতে পারে বিভিন্ন শিখন কার্য্যক্রমের প্রয়োজনীয়তার উপর নির্ভর করে যা আপনি গ্রহণ করার জন্য পরিকল্পনা করেছেন। কিন্তু পরিস্থিতিতে আপনি যে সব ক্রমবিভক্ত ধাপসমূহ পরিচালনা করেন তার সবগুলোর জন্য সম শিখন কার্য্যক্রম পরিকল্পনা করতে পারেন। অন্য কিছু পরিস্থিতিতে আপনি ব্যক্তিগত স্তরের জন্য ভিন্ন কার্য্যক্রমের পরিকল্পনা করতে পারেন অথবা আপনি সেই কার্য্যক্রমের পরিকল্পনা করতে পারেন যা ছোট দলের জন্য পরিচালিত হয়। অতএব, বহুবিধ ক্রমবিভক্ত পরিবেশে অত্যন্ত সাবধানে ও যুক্তিপূর্ণভাবে আসন বিন্যাস করা প্রয়োজন। আসুন আমরা বহুবিধ-ক্রমবিভক্ত পরিবেশে ছাত্রদের আসন বিন্যাসের কয়েকটি নকশা নিম্নলিখিত চিত্রে পর্য্যবেক্ষণ করি।

চিত্রের দিকে তাকান (নকশা - ২) এবং এই পদ্ধতিতে ছাত্রদের আসন বিন্যাসের নকশাটা পর্য্যবেক্ষণ করুন :


- একক ব্লাকবোর্ডের দিকে মুখ রেখে (তাকিয়ে) তাদের ক্রমভিত্তিক ধাপ (এখানে শ্রেণী-I,II, ও III) অনুসারে ভিন্ন সারিতে বসেছে।
- ব্লাক বোর্ডটি এমনভাবে তাদের সামনে স্থাপন করা হয়েছে যাতে সবাই এটা দেখাতে পারে।
- যখন প্রয়োজন তখন শিক্ষক প্রত্যেক ক্রমভিত্তিক ধাপের সামনে দাঁড়াতে ও শিক্ষণ কাজ করতে পারেন।
- এটা শিক্ষক ও ছাত্রদের মধ্যে সামনা সামনি মিথষ্ক্রিয়া করতে সুবিধাজনক।

যদিও, তিনটে শ্রেণীর ছাত্ররা একটা শ্রেণীকক্ষে মানিয়ে নিতে পারে, শিক্ষণ-শিখনের সব কিছুর জন্য। এই ব্যবস্থা একক-ক্রমবিভক্ত পরিবেশের বৈশিষ্টসমূহ ধরে রাখে। ক্রমভিত্তিক ধাপগুলোর মধ্যে ছাত্র-বনাম ছাত্রের মিথষ্ক্রিয়ার এটা সুবিধাজনক ব্যবস্থা নয়।




**নকশা 2 : আসন বিন্যাসর নকশা**


নকশা - 3 দেখায় বহুবিধ-ক্রমবিভক্ত পরিবেশে ছাত্রদের জন্য শ্রেণীকক্ষে অন্য ধরণের আসন বিন্যাস যেটায় যতগুলো শ্রেণীর সংখ্যা ততগুলো ব্লাক বোর্ড রাখার শর্ত আছে। প্রত্যেক ক্লাসের ছাত্র একে অপরের দিকে মুখ করে বসে এবং সামনের দিকে ব্লাক বোর্ড যেমন নকশায় দেখা যায়।




**নকশা 3 : শ্রেণীকক্ষের আসন বিন্যাস**


- শ্রেণীতে এই ধরণের আসন বিন্যাসে
- বিভিন্ন ক্রমভিত্তিক ধাপের ছাত্ররা বিভিন্ন শিখন কার্য্যক্রম নিজেদের নিয়োজিত রাখতে পারে।
- যখন শিক্ষক একটা ধাপে শিক্ষণে যুক্ত থাকেন, তখন অন্য ধাপের ছাত্ররা বিভিন্ন স্ব-শিখন কার্য্যক্রমে বা দলগত কার্য্যকলাপে নিজেদের নিয়োজিত রাখতে পারে।
- মৌখিক কাজ বিশেষত : ভাষা শিখন পরিচালনা সহজ ও সুবিধাজনক হয়।

নকশা 4 হল তিনটে শ্রেণী সমন্বয় করে একটা ব্যবস্থা।





**নকশা 4 : আসন বিন্যাসের প্রকারভেদ**

নকশা - 5 উপস্থাপন করে অন্য ধরণের আসন বিন্যাস যেখানে তিনটে শ্রেণীর ছাত্ররা অর্ধবৃত্তকারে শিক্ষকের দিকে ও ব্লাক বোর্ডের দিকে মুখ করে বসে। এরূপ একটা ব্যবস্থা জড় হওয়া সব শ্রেণীর জন্য সম কার্য্যক্রম পরিচালনায় আপনাকে সাহায্য করে যেমন, কিছু আনন্দদায়ক ছবি বা মূর্তির ব্যবহারিক ব্যাখ্যা, তাদের একটা গল্প বলা, সহজ খেলা ও শিখন কার্য্যক্রম পরিচালনা করা।




**নকশা 5 : আসন বিন্যাসের প্রকারভেদ**

যখন উপরে বর্ণিত অন্য ব্যবস্থাপনায় শ্রেণীগুলো আলাদাভাবে রাখা হয়েছে তাদের নির্দিষ্ট পরিচিতি মেনে নিয়ে, নকশা 6 তে উপস্থাপিত আসন বিন্যাসের নকশায় বিভিন্ন শ্রেণীর ছাত্ররা একত্রে মিশ্রিত হয় এবং বিভিন্ন শ্রেণীর বিভিন্ন সামর্থ্যের (যেমন, উচ্চ, গড় ও নিম্ন অর্জনকরী) একত্রে দলবদ্ধ হয়। এটা একটা অসম জাতীয় দলের উদাহরণ যেখানে সঙ্গী মিথষ্ক্রিয়া ও নির্দেশনা উচ্চতর সামর্থ্যের ছাত্রদের কাছ থেকে সম্ভব।




**নকশা 6 : মিশ্র আসন বিন্যাসের নকশা**

### কার্য্যক্রম-3

কিছু নতুন প্রবর্তিত আসন ভাবুন, আপনার সহকর্মীদের সঙ্গে আলোচনা করুন ও অনুরূপ অংশ গ্রহণ করুন এবং চিত্র-আকারে উপস্থাপন করুন।

নোট

বহুবিধ-ক্রমবিভক্ত পরিবেশে ছাত্রদের জন্য আসন বিন্যাসের উপরের নমুনাগুলো হল ইঙ্গিত পূর্ণ উদাহরণ-সমূহ যা বিভিন্ন বহুবিধ-ক্রমবিভক্ত পরিবেশে প্রত্যেক স্থানে পরীক্ষিত হয়েছে। বহুবিধ-ক্রমভিত্তিক পরিবেশে উপরের শিখন কার্য্যক্রম অনুসারে যা আপনি বহুবিধ-ক্রমভিত্তিক পরিবেশে জন্য পরিকল্পনা করেছেন সেই আসন বিন্যাস সমূহ আপনি ব্যবস্থা করতে পারেন।

যেহেতু একটা বিদ্যালয়ের পরিস্থিতি অন্য বিদ্যালয় থেকে ভিন্ন, তাই আপনি স্বাধীনভাবে কার্য্যক্রমের ও প্রাপ্ত স্থানের প্রয়োজন অনুসারে ক্লাসে বিন্যাস করতে পারেন। যখন নতুন প্রবর্তিত আসন বিন্যাস করবেন তখন চেষ্টা করুন কল্পনাপ্রবণ হওয়ার চেষ্টা করুন এবং আরামে কাজ করার জন্য শ্রেণীকক্ষের বাইরে বসার জন্য স্থানের ব্যবস্থা করতে পারেন। উদাহরণত: ছাত্রদের কাঠের মূর্তি তৈরী করা, বা রঙ্গীন করা বা একটা প্রবন্ধ লেখা বাকি ক্লাসের কাছে কম মনযোগ নষ্ট করে এবং বারান্দায় বা শ্রেণীকক্ষের বাহিরের প্রাপ্ত স্থানে বসানো যেতে পারে। যদি আপনার শ্রেণীতে অত্যাধিক ভিড় থাকে, তাহলে আপনি পাঠের ছোট দলকে বাইরের আমগাছের নীচে বসতে ও কার্য্যক্রম অভ্যাস করতে পাঠাতে পারেন। আপনার স্থানীয় বিষয়, আপনার ছাত্রদের শিখনের স্তর ও শিখন প্রয়োজনীয়তা, প্রাপ্ত স্থান ও শিখন উপকরণ সমূহ, আপনি যে শিখন কৌশল নিয়োজিত করছেন তা বিবেচনা করে, আপনি উপযুক্ত আসন বিন্যাস সমূহ গ্রহণ করতে পারেন।

---

**E.3** শ্রেণীকক্ষের অবস্থা উল্লেখ করুন যা আপনাকে হিসাবের মধ্যে রাখতে হয় যখন আপনাকে নির্দিষ্ট আসন বিন্যাসের জন্য পরিকল্পনা করতে হয়।

---


- **ছাত্রদের দল-বিভাজন** : সঠিক আসন বিন্যাসের মত ছাত্রদের দল-বিভাজন হল বহুবিধ-ক্রমবিভক্ত শিখণের ব্যবস্থাপণার জন্য ফলপ্রসু কৌশল। ছাত্ররা যখন দলে কাজ করে তখন তারা তুলনামূলক ভাল শেখে ও উন্নতি করে। শিখন ছাড়া দলগত শিখন সামাজিক দক্ষতা বিকাশে সাহায্য করে যেমন; অপরের সঙ্গে সহযোগিতায় কাজ করা, যৌথ সিদ্ধান্ত গ্রহণ করা, অপরের চিন্তা ও মতামতকে মেনে নেওয়া ও অংশীদার হওয়া, নেতৃত্বের ভূমিকাকে সম্মান করা ও দায়িত্ব গ্রহণ করা ইত্যাদি। সঙ্গী-শিখন ও শক্তিশালী হয় যখন দলে কাজ করা হয়। তজ্জন্যে বহুবিধ-ক্রমভিত্তিক শিখন আরো সফল হতে পারে যদি দলগত অংশ গ্রহণ হয়।

  বহুবিধ-ক্রমবিভক্ত পরিবেশে বিভিন্ন ধরণের দল গঠিত হতে পারে। দুটো প্রধান ধরণের দল-বিভাজন যথা; ধাপ-ভিত্তিক ও সামর্থ্য ভিত্তিক নিম্নে আলোচনা করা হল।

  (i) *শ্রেণী-ভিত্তিক দল-বিভাজন :* নামটা ইঙ্গিত দেয় যে বহুবিধ-ক্রমবিভক্ত পরিবেশে ছাত্রদের দল-বিভাজন করা হয় ভিত্তি হিসাবে শ্রেণী বিবেচনা করে (যেমন একক ধাপ একক দল হিসাবে বা মিলিত ধাপ একটা দল হিসাবে) বহুবিধ-ক্রমবিভক্ত পরিবেশে এটা দল-বিভাজনের সাধারণ গঠন। এ ধরণের দল-বিভাজন গঠিত হয় দায়িত্ব গ্রহণের উপর ভিত্তি করে যে একই বয়সের শিশুদের দল উন্নতি করে কম-বেশি একই স্থানে।

  বহুবিধ-ক্রমবিভক্ত শিক্ষক হিসাবে, বহুবিধ-ক্রমভিত্তিক শ্রেণীতে একই সময়ে আপনি সর্বাধিক তিনটে দলকে পরিচালনা করতে পারেন। এর জন্য, আপনি সন্নিহিত দুটো শ্রেণীকে সংযুক্ত করতে পারেন একটা দলে বহুবিধ-ক্রমবিভক্ত শিক্ষণের সময়, যদি প্রয়োজন হয়। নিম্নলিখিত উদাহরণগুলো দল গঠনে ধাপগুলোর পদ্ধতি-সমূহ একত্র করে সাজানো হয়েছে।


**উদাহরণ - 1 :** একটা বিদ্যালয় পাঁচটা শ্রেণী ও একজন শিক্ষক, শ্রেণী-2 ও শ্রেণী-3 একত্রে সংযুক্ত হতে পারে একটা দলে, শ্রেণী - 5 ও 4 সংযুক্ত হয়ে আর একটা দল গঠন করা যেতে পারে এবং শ্রেণী - 1 আর একটা দলে রাখা যেতে পারে, যেমন নিম্নে দেখা যাচ্ছে চিত্র - 7 এ




চিত্র 7 : শ্রেণীভিত্তিক দল-বিভাজন

যেহেতু শ্রেণী - 1 এর শিশুরা বিদ্যালয়ে নতুন আগমনকারী, তাই তাদের বিশেষ মনযোগ ও যত্ন প্রয়োজন। সংযুক্ত শ্রেণী 2 এবং 3, এবং 4 ও 5 আলাদা দল গঠন করে যেহেতু এরা সন্নিহিত শ্রেণী। তাদের পাঠ্য-বিষয়বস্তু প্রায় একই ধরণের যা তাদের সঙ্গী-শিখন, স্ব-শিখন, সংশোধনী শিখন এবং সহযোগিতামূলক শিখন অধিক ফলপ্রসু এই সন্নিহিত শ্রেণীগুলেতে।

উদাহরণ 2 - একটা বিদ্যালয়ে পাঁচটা শ্রেণী ও দুইজন শিক্ষক নিয়ে নিম্নে রূপের দল-বিভাজন হতে পারে এবং স্ব স্ব শিক্ষকদের নিয়ন্ত্রণাধীনে রাখা হয় যেমন চিত্র - 8 এ নিম্নে নির্দেশিত।





চিত্রে 8 : শ্রেণীভিত্তিক দল-বিভাজনের রূপ

চিত্র 8 : এ, শ্রেণী - 1 এর ছাত্রদের একটা দলে রাখা হয় এবং শ্রেণী - 2 এবং 3 আর একটা দলে। উভয় দলকে একজন শিক্ষকের নিয়ন্ত্রণে রাখা হয়। শ্রেণী 4 এবং 5 কে ভিন্ন দলে রাখা হয় এবং অন্য শিক্ষকের নিয়ন্ত্রণে রাখা হয়।

চিত্র 9 এ, শ্রেণী 1 এর ছাত্রদের একটা দলে রাখা হয় এবং একজন শিক্ষকে নিয়ন্ত্রণে রাখা হয়। শ্রেণী 2 এবং 3 -এর ছাত্ররা একটা দল গঠন করে এবং শ্রেণী - 4 এবং 5 অন্য আর একটা দল। উভয় দলকে অন্য শিক্ষকের নিয়ন্ত্রণাধীনে রাখা হয়।

নোট

নোট




চিত্র - 9 : শ্রেণী-ভিত্তিক দলবিভাজনের রূপ

চিত্র-9 থেকে এটা স্পষ্ট প্রতীয়মান যে শ্রেণী-1 এর উপর বেশি জোর দেওয়া হয়েছে এবং স্বতন্ত্রভাবে রাখা হয়েছে একজন শিক্ষকের নিয়ন্ত্রণাধীনে। শ্রেণী ভিত্তিক দল-বিভাজন তুলনামূলক বেশি সুবিধাজনক যদি একটা পাঁচ-শ্রেণীর প্রাথমিক বিদ্যালয়ে তিনজন বা তিনের অধিক শিক্ষক স্ব-শরীরে উপস্থিত থাকেন। যখন শ্রেণীভিত্তিক দল-বিভাজন করবেন তখন নিম্নলিখিত বিষয়গুলো আপনাকে বিবেচনা করা প্রয়োজন।

- শ্রেণী - 1 কে আলাদা দল হিসাবে রাখা উচিত তুলনামূলক বেশি মনযোগ দেওয়ার জন্য।
- সন্নিহিত শ্রেণীগুলোকে একত্রিত করে একটা দল গঠন করা উচিত এই সংযুক্তিকরণের দ্বারা শিক্ষণ-শিখন তুলনামূলক বেশি সফল হয়।
- যখন প্রতি সন্নিহিত শ্রেণীর ছাত্র সংখ্যা 40 জনের বেশি হয়, তখন সন্নিহিত শ্রেণীগুলোকে সংযুক্তিকরণ করা উচিত নয় দল গঠনের জন্য তাদের সংযুক্তিকরণের কারণে দলে ছাত্র সংখ্যা অস্বাভাবিকভাবে বেশি হবে যেটা ফলপ্রসু শিক্ষণ-শিখনের জন্য সুবিধাজনক নাও হতে পারে।
- যখন দুটো দলে বিভক্ত করা আপনার প্রয়োজন, তখন যতটা সম্ভব ততটা আপনার উচিত সন্নিহিত শ্রেণীগুলোর দল গঠন করা।

*(ii)* *সামর্থ্য-ভিত্তিক দল বিভাজন :* সাধারণত, শিশুরা অনেক বিস্তারিত শিখন-অভিজ্ঞতা অর্জন করে দলগত শিখনের প্রধানত: ছোট দলের মাধ্যমে। এটা একাকী-ক্রমবিভক্ত বা বহুবিধ-ক্রমবিভক্ত পরিবেশ যা হোক, দলগত শিখন ব্যক্তিগত শিখনকে অনেক বেশি সহায়তা দিয়ে থাকে। শ্রেণীকে উপেক্ষা করে যখন শিশুদের বিভিন্ন বিষয়ের ক্ষেত্রে বিভিন্ন সামর্থ্য অনুসারে ছোট দলগুলো গঠন করা হয়, তখন একে বলে সামর্থ্য-ভিত্তিক দল বিভাজন।

এই প্রসঙ্গে, সামর্থ্য পদের অর্থ বলতে বোঝায় ছাত্রের শিখন ক্ষমতা ও শিখনের হার। শিখন ক্ষমতা বলতে বোঝায় যারা একটা বিষয়ে অধিক শিক্ষণ অভিজ্ঞতা অর্জন করেছে তাদের বিবেচনা করা হয় উচ্চ সামর্থ্য-সম্পন্ন ছাত্র হিসাবে এবং যারা একটা বিষয়ে কম শিখন অভিজ্ঞতা অর্জনে ক্ষমতা-সম্পন্ন তাদের একটা বিষয়ে নিম্ন সামর্থ্যের ছাত্র বলে বিবেচনা করা হয়।

শিখনের হার বলতে বোঝায় যারা দ্রুত বস্তু শেখে দ্রুত-ছাত্র হিসাবে তাদের নামাঙ্কিত হয়েছে এবং যারা বস্তু-শিখনে ধীর তাদের বলা হয় ধীর সম্পন্ন শিক্ষার্থী। উচ্চ সামর্থ্য-সম্পন্ন ছাত্রদের সাধারণত দেখা যায় যে তারা দ্রুত-ছাত্র একই সঙ্গে উচ্চ মান অর্জনকারী হয়। বিপরীত পক্ষে নিম্ন-সামর্থের ছাত্রদের দেখা যয় যে তারা ধীর গতি সম্পন্ন ছাত্র হয়, একই সঙ্গে নিম্ন-মান অর্জনকারী হয়। অর্থাৎ, ছাত্রদের সামর্থ্য অনুসারে দু-ধরণের সামর্থ্যের দল ছাত্রদের মধ্যে গঠিত হতে পারে।

- *অনুরূপ সামর্থ্য :* যেমন সমশ্রেণীভুক্ত দলে থাকে অনুরূপ সামর্থ্যের স্তর (উচ্চ-সামর্থ্য-সম্পন্ন দল, মাঝারী সামর্থ্য-সম্পন্ন দল, এবং নিম্ন-সামর্থ্য-সম্পন্ন দল)।
- *মিশ্র সামর্থ্য*-সম্পন্ন : যেমন, অসমজাতীয় দলে থাকে ভিন্ন সামর্থ্য-স্তরের দল (উচ্চ সামর্থ্য ও নিম্ন সামর্থের ছাত্ররা একই দলে)।
- এরূপ দল-বিভাজন বিভিন্ন বিষয়ের জন্য বিভিন্ন হতে পারে। যখন নানাবিধ ক্রমভিত্তিক শ্রেণীর ছাত্রদের মধ্যে একটা বিষয়ে এরূপ সামর্থ্য-সম্পন্ন দল গঠন করবেন, তখন আপনাকে প্রথম চিহ্নিত/স্থির করতে হবে ছাত্রদের শিখন অবদানের স্তর। এটা করতে আপনি ছাত্রদের অতীত বছরগুলোর মূল্যায়ন প্রতিবেদন ব্যবহার করতে পারেন, আপনি তাদের সক্ষমতা পরিমাপ করার পরীক্ষার ব্যবস্থা করতে পারেন এবং/অথবা আপনি আপনার নিজস্ব অভিজ্ঞতা ব্যবহার  করতে পারেন ছাত্রদের বিষয়ে প্রত্যক্ষ পর্যবেক্ষণের মাধ্যমে।
- অনুরূপ সামর্থ্যের দল : যখন আপনি অনুরূপ সামর্থ্যের দল গঠন করবেন, তখন পাঠ ও উপযুক্ত শিক্ষণ-শিখন কার্য্যক্রম প্রত্যেক দলের জন্য তাদের সামর্থ্য অনুসারে ও একই নিয়মানুসারে গ্রহণ করে আপনার প্রস্তুত করা প্রয়োজন। উদাহরণত: নিম্ন মান অধিকারী দলের জন্য অধিক জোর দেওয়া আপনার প্রয়োজন একটা বিষয়ে কম সক্ষমতা অর্জনের উপর। উচ্চ মান-অর্জনকারী দলের জন্য আপনার জোর দেওয়া প্রয়োজন তাদের বিষয়-শিখনে সমৃদ্ধির উপর। বিষয় পরিবর্তনের সঙ্গে, আপনার প্রয়োজন ও দল বিভাজনের পরিবর্তন। কারণ একজন ছাত্র যে অঙ্কে উচ্চ মান-অর্জনকারী দলের সঙ্গে যুক্ত হয়ে আছে সে ভাষা বিষয়ে নিম্ন-মান অর্জনকারী দলের সাথে যুক্ত হতে পারে বা অন্য বিষয়গুলোতে।

অনুরূপ সামর্থ্যের দল-বিভাজনের গুরুত্বপূর্ণ সুবিধা হল :

- ছাত্ররা তাদের নিজ স্থানে পড়াশুনা করতে পারে কারণ তারা হল সম-সামর্থ্য স্তরের।
- অঙ্ক ও ভাষার মত বিষয়গুলোতে এটা দলগত কার্য্যক্রমের জন্য ফরপ্রসু।
- দলে ছাত্ররা একে অপরকে অধিক সাহায্য করতে পারে এবং তাদের একই প্রগতির জন্য চেষ্টা করে।
- নিম্ন-গতির ছাত্রদের জন্য সংশোধনী পাঠ প্রদর্শনের জন্য ও উচ্চ-গতির ছাত্রদের জন্য উন্নত পাঠের জন্য এটা সম্পূর্ণ উপযুক্ত।

প্রধান অসুবিধা হল :

- এরূপ দল-বিভাজনে, দলগুলোর মধ্যে সামর্থ্যের দূরত্ব কোন হ্রাস করা হয় না এমনকি শিখন গ্রহণের পরেও। ফলে, উচ্চ-মান অর্জনকারী অবিরত থাকে উচ্চ-অর্জনকারী হিসাবে এবং

নিম্ন মান-অর্জনকারীরা ও নিম্নমান-অর্জনকারী হিসাবে থেকে যায়। নিম্ন মান-অর্জনকারীদের একবার এরূপ নামাঙ্কিত হলে, তারা আত্ম-নির্ভরতা, আগ্রহ ও আরো শিখনের জন্য প্রেষণা হারিয়ে ফেলে।

*মিশ্র সামর্থ্যের দল :* যখন বিভিন্ন সামর্থ্য স্তরের ছাত্ররা একটা দল গঠন করে, তখন একে বলা হয় মিশ্র সামর্থ্যের দল। উন্নত, মাঝারী ও নিম্ন সামর্থ্য স্তরের ছাত্রদের নিয়ে একসঙ্গে এরূপ মিশ্র দল আপনি গঠন করতে পারেন। এরূপ দল বিভাজনে বিষয় পরিবর্তনের সঙ্গে বারবার দল পরিবর্তন করানোর যেমন অনুরূপ সামর্থ্যের দলের ক্ষেত্রে ঘটে তার প্রয়োজন নেই।

মিশ্র সামর্থ্যের দলবিভাজনের সুবিধা হল যে বিভিন্ন সামর্থ্য স্তরের ছাত্ররা একে অপরের সঙ্গে আলোচনা করে, একে অপরের কাছ থেকে শেখে, নিম্ন মান-অর্জনকারীকে সঙ্গী-সহায়তা দেয়। এতদ্ সত্ত্বেও এরূপ দলবিভাজন প্রকল্প কাজের জন্য সুবিধাজনক হল বিভিন্ন সহ-পাঠ্যক্রমিক কার্য্যাবলীর সংগঠন ও আলো ভাল শিখন সম্পাদন সুযোগ সৃষ্টি।

এভাবে, বহুবিধ-ক্রমবিভক্ত পরিবেশে ছাত্রদের দু'ধরণের সামর্থ্য বিভাজন সফল শিক্ষণ-শিখনের জন্য সাহায্য করে। যাইহোক, মিশ্র সামর্থ্যের দলবিভাজন বহুবিধ-ক্রমভিত্তিক পরিবেশ সফলভাবে পরিচালনা করতে অনুরূপ সামর্থ্য দলবিভাজনের তুলনামূলক ভাবে ভাল বলে বিবেচিত হয়। বহুবিধ-ক্রমভিত্তিক শিক্ষণের সময় যখন যে কোন ধরণের দলবিভাজন করা হয় তখন নিম্নলিখিত বিষয়গুলো মনে রাখতে হবে :

- 4-5 জন ছাত্রের একটা ছোট দল হওয়া উচিত।
- বড় দলগুলোর তুলনায় ছোট দলগুলোতে ছাত্রদের মধ্যে মিথষ্ক্রিয়া আরো বেশি হয়।
- যখন এবং যেমন প্রয়োজন হয় তেমনই বিভিন্ন ধরণের দল গঠন করা যেতে পারে।
- ছাত্রদের অনুমতি দেওয়া উচিত তাদের আগ্রহ ও প্রয়োজন অনুসারে এক দল থেকে অন্য দলে যাওয়ার জন্য।
- নিম্ন গতির ছাত্র হিসাবে ছাত্রদের ছাপ দেওয়া সম্পূর্ণভাবে পরিহার করা উচিত।
- দলগত ও ব্যক্তিগত শিখন কার্য্যক্রম করা উচিত জিবন্ত, অনুপ্রেণামূলক ও নানাবিধ।
- পিছনে পড়া ছাত্রদের জন্য সঙ্ঘটনে সহায়ক শিখন পরিবেশ সৃষ্টি করতে হবে।
- শিক্ষকের উচিত নিজেকে দলগত কার্য্যক্রমের সঙ্গে যুক্ত করার পরিবর্তে ছাত্রদের দলগত কার্য্যক্রম পর্যবেক্ষণ করা।
- দলে সকল ছাত্রের অংশগ্রহণ করার প্রয়োজন নিশ্চিত করা।

শিক্ষণ-শিখন উপকরণ প্রস্তুত (TLM) :

আমরা সবাই জানি যে শিক্ষণ-শিখন প্রক্রিয়ায় বিভিন্ন শিক্ষণ-শিখন উপকরণের প্রয়োজনীয়তা ও গুরুত্ব। প্রধাণত: কার্য্যক্রমভিত্তিক শিক্ষণ-শিখন পরিবেশ দলগত কাজ ও স্ব-শিখনে সহায়তা করতে বহুসংখ্যক ও নানাবিধ শিক্ষণ-শিখন উপকরণের প্রয়োজন আছে। শিক্ষক হিসাবে, আমাদের প্রধান

কাজ হল ছাত্রদের শিখনে সহায়তা করা। সে জন্য তাদের সঠিক শিখন পরিবেশ আমাদের সরবরাহ করতে হয় যাতে তারা সফল শিখন কার্য্যক্রমে নিজেদের নিযুক্ত রাখতে পারে এবং তার দ্বারা অর্থপূর্ণভাবে বিষয়গুলো শিখতে পারে। এটা একক-ক্রমভিত্তিক হোক বা বহুবিধ-ক্রমবিভক্ত শ্রেণী হোক সঠিক ধরণের TLMs-এর ব্যবহারের দ্বারা অনেক ব্যাপকভাবে সঠিক শিখন পরিবেশ সরবরাহ করা যেতে পারে। বহুবিধ-ক্রমভিত্তিক পরিবেশে সঠিক TLMs-এর ব্যবহার একই সময়ে বিভিন্ন স্তরে সফল শিক্ষণ-শিখন পরিচালনায় শিক্ষককে সাহায্য করে।

### কার্য্যক্রম-4

আপনি একজন শিক্ষক হিসাবে আপনার শ্রেণীকক্ষ পরিচালনার সময় নানাবিধ শিক্ষণ-শিখন উপকরণ সমূহ ব্যবহার করেছেন। আপনি কিভাবে এগুলো সংগ্রহ করেন। আপনি কখনো কি নিজে কিছু TLMs প্রস্তুত করেন? বিভিন্ন শ্রেণীর কিছু TLMs-এর নাম লিখুন এবং তাদের সংগ্রহ বিবৃত করুন নিম্ন-প্রদত্ত সারণীর মধ্যে।

| শ্রেণী | TLMs-এর নাম | সংগ্রহ (ক্রয়/সংগ্রহ/প্রস্তুত) |
|---|---|---|
| গুণ-সম্পন্ন TLM | | |
| অল্প মূল্য এবং | | |
| মূল্যবান TLM | | |
| পর্যাপ্ত প্রাপ্ত TLM | | |

বহুবিধ-ক্রমভিত্তিক শিখন পরিবেশে TLM ব্যবহারের সুবিধগুলো হল নিম্নরূপ:


- প্রাথমিক স্তর থেকে ছাত্ররা (একক ও বহুবিধ-ক্রমভিত্তিক প্রসঙ্গে) ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুর সংস্পর্শে এসে বিষয়বস্তু বোঝে, TLM তাদের সাহায্য করে কঠিন বিষয় বস্তু বুঝতে।
- বহুবিধ-ক্রমভিত্তিক পরিবেশে TLMs সকল ছাত্রকে অর্থপূর্ণভাবে নিযুক্ত করে রাখে এবং বহুবিধ-ক্রমভিত্তিক শিক্ষকের শ্রেণীকক্ষে অনুপস্থিতিতে কিছুক্ষণের জন্য নিযুক্ত রাখে।
- TLMs দলগত শিখন ও স্ব-শিখন কার্য্যক্রমে সহায়তা করে।
- TLMs বহুবিধ-ক্রমভিত্তিক শিক্ষককে অতিরিক্ত কথা বলা হ্রাস করতে সাহায্য করে।
- দলগুলোর মধ্যে আলোচনায় উদ্দীপনার জন্য TLMs কাঙ্খিত বিষয়-বস্তু সৃষ্টি করে।
- TLMs ছাত্রদের পাঠের প্রতি মনযোগ আকর্ষণ করে।
- বহুবিধ-ক্রমভিত্তিক শিক্ষককে তাঁর কর্মশক্তি সংরক্ষণ করতে এবং শিক্ষণের অবসাদ হ্রাস করতে TLMs সাহায্য করে।
- শিক্ষণ শিখনের বিভিন্ন পর্বে বহুবিধ ক্রমভিত্তিক শিক্ষকের সূচনা, অভ্যস্থ কর্ম, পুণরায় বলবৎকরা-মূল্যায়ন কার্য্যক্রমে TLMs সহায়তা করে।

বহুবিধ-ক্রমভিত্তিক শিক্ষণে ব্যবহৃত TLMs হল ছাঁচ, চিত্রাঙ্কিত-কার্ড, ঝকমকে কার্ড, দায়িত্ব-অর্পণের কার্ড, নিমন্ত্রণ-কার্ড, সংখ্যার কার্ড, গল্পের কার্ড, গানের কার্ড, পোস্টার, পত্রিকা, পঠন-কার্ড, গল্পের বই, অভিধান, নমুনা, চার্ট ইত্যাদি। এগুলো ছাড়া, কার্য্য-তালিকা ও প্রস্তুত করা হয় এবং বহুবিধ-ক্রমভিত্তিক পরিবেশে এমনকি বহুবিধ-ক্রমভিত্তিক শিক্ষকের অনুপস্থিতিতে প্রত্যেক শ্রেণীতে ব্যবহৃত হয়।

**E.2** বহুবিধ-ক্রমবিভক্ত শিক্ষণে TLMs-এর দুটো সুবিধা বর্ণনা করুন।

বহুবিধ-ক্রমবিভক্ত শিক্ষণ বিষয়ে যে পদ্ধতিতে আপনি TLMs ব্যবহার করবেন নিম্নলিখিত উদাহরণে হাতে-কলমে ব্যাখ্যা করা হল।

***উদাহরণ :*** বহুবিধ-ক্রমবিভক্ত পরিবেশে ধাপ-I, II ও III কে অন্তর্ভুক্ত করে বহুবিধ ক্রমভিত্তিক শিক্ষক কিছু সামগ্রী যেমন, খোলা, বীজ, ফল, গৃহস্থালীর বস্তুসমূহ, বিদ্যালয়ের সামগ্রী, ফটো ইত্যাদি ঝুড়িতে রেখে ছাত্রদের দেখাবেন। (ছবিতে যেমন প্রদর্শিত)।



তিন মিনিট পর, তিনি এক খন্ডে কাপড় নিয়ে ঝুড়ির বস্তু-সামগ্রীগুলো ঢেকে দেবেন, তারপর তিনি ধাপ-1-এর ছাত্রদের বস্তু সামগ্রীগুলো স্মরণ করতে বলবেন যেগুলো তারা দেখেছে এবং তাদের নাম বলতে বলবেন। তিনি ধাপ-II-এর ছাত্রদের বলবেন তাদের নোট বইতে বস্তুগুলোর নাম লিখতে এবং ধাপ III এর ছাত্রদের বলবেন এই বস্তু-সামগ্রীগুলোর দৈনন্দিন জীবনে ব্যবহার লিখতে।

20 মিনিট পর শিক্ষক সামগ্রিক তিনটে ধাপ থেকে ছাত্রদের নিয়ে মিশ্র দল গঠন করেন। তিনি কিছু বস্তু প্রত্যেক দলকে বন্টন করেন এবং প্রত্যেক একক দলকে দৈনন্দিন জীবনে প্রত্যেক বস্তুর ব্যবহার লিখতে বলেন। তারপর প্রত্যেক দল দলগত প্রতিবেদন উপস্থাপন করেন এবং এটাকে সবাই অংশ নেয়।

উপরের উদাহরণ থেকে আপনি সিদ্ধান্ত করতে পারেন কিভাবে TLMs ব্যবহৃত হয় বহুবিধ-ক্রমবিভক্ত শিক্ষণ পরিবেশে দলগত কাজ একইভাবে ব্যক্তিগত কাজে উদ্দীপনা সৃষ্টি করতে এবং সকল ধাপকে অর্থপূর্ণ শিখন প্রক্রিয়ায় নিযুক্ত রাখতে।

***শিখন পরিবেশের জন্য পরিকল্পনা :*** আপনারা ইতিমধ্যে শিখেছেন শিক্ষণ-শিখনের (পাঠ-পরিকল্পনা) জন্য একাকী-ক্রমভিত্তিক পরিবেশের পরিকল্পনা উন্নত করতে। যাইহোক, বহুবিধ ক্রমভিত্তিক পরিবেশের শিক্ষণ-শিখনের জন্য পরিকল্পনা প্রস্তুত করার আগে শ্রেণীকক্ষ গঠন করা আপনার প্রয়োজন, ছাত্রদের আকাঙ্খিত দলবিভাজন করুন, এবং উপযোগী শিখন পরিবেশ সৃষ্টি করুন যেহেতু এগুলো বহুবিধ-ক্রমবিভক্ত পরিবেশে বিষয় শিক্ষণ-শিখনে সহায়তা করতে অপরিহার্য প্রয়োজনীয় বস্তু/বিষয়। এই কারণে, বহুবিধ-ক্রমবিভক্ত শিখনের জন্য পরিকল্পনা সমূহকে যেহেতু বলা হয় 'শিখন পরিবেশের জন্য পরিকল্পনা' 'শিক্ষণ-শিখন পরিকল্পনা' (বা পাঠ-পরিকল্পনা সমূহ)-এর পরিবর্তে। বহুবিধ-ক্রমভিত্তিক শিক্ষককে শিখন পরিবেশের জন্য পরিকল্পনা করতে নিম্নলিখিত কার্য্যক্রমসমূহ সম্পাদন করতে হয়। তাঁকে করতে হবে:

- বহুবিধ ক্রমবিভক্ত শিক্ষণ শ্রেণীতে কোন শ্রেণী/ধাপ যুক্ত করা হবে তা প্রথমে নিশ্চিত করুন।
- বহুবিধ-ক্রমভিত্তিক শিক্ষণে সহায়তা করতে কি ধরণের দলবিভাজন প্রয়োজন তা বুঝুন।

- সাপ্তাহিক বা মাসিক পাঠের প্রকল্প প্রস্তুত করুন যাতে কোন বিষয় সমূহ একই সময়ে কোন দলকে পাঠ দেওয়া হবে তার ইঙ্গিত থাকতে হবে।
- একই শ্রেণীকক্ষে বিভিন্ন শ্রেণীর ছাত্রদের সঠিক আসন-বিন্যাস নিশ্চিত করুন।
- যথেষ্ট সংখ্যায় প্রয়োজনী TLMs প্রস্তুত/সংগ্রহ করুন এবং সেগুলোকে TLMs রাখার নির্দিষ্ট স্থানে রাখুন।
- উদ্দেশ্যসমূহ, কার্যক্রম পদ্ধতি, শিখন-কার্য্যক্রম, মূল্যায়ন কৌশল উল্লেখ করে প্রাত্যহিক পাঠ-পরিকল্পনা প্রস্তুত করুন।
- পাঠের প্রয়োজনুসারে ছোট দলগুলো গঠন করুন।
- দলগত ও ব্যক্তিগত কার্য্যক্রমের জন্য TLMs-এ বৈশিষ্ট্যসূচক চিহ্ন দিন।
- সূচনা, অভ্যাস কার্য্য, পুনরায় বলবৎ করা ও মূল্যায়নের জন্য কার্য্যকলাপ নির্দিষ্ট করুন।
- প্রত্যেক কার্য্যক্রমের উপর ব্যয় হওয়া সময়ের পরিমান স্থির করুন।
- প্রত্যেক দলের/দলের জন্য শিক্ষণ সময় স্থির করুন।
- ভাল ছাত্ররা যাতে পিছিয়ে পড়া ছাত্রদের সাহায্য করে এবং একইভাবে উচ্চ-শ্রেণীর শিশুরা যাতে নিম্ন-শ্রেণীর শিশুদের সাহায্য করে তা নিশ্চিত করুন।
- উপযুক্ত সময়ের শুন্যস্থানের পর প্রত্যেক দলকে প্রকল্পসমূহের কার্য্যভার অর্পন করুন।
- ব্যক্তিগত কার্যক্রমের পরিচালনা নিশ্চিত করুন।
- শিক্ষার্থীর কার্য্যসম্পাদন পরিমাপের জন্য মূল্যায়ণ কৌশলগুলো পরিকল্পনা করুন।

এভাবে, বহুবিধ-ক্রমবিভক্ত শিক্ষণ শিক্ষককে একই সময়ে কাজের ভার-প্রাপ্ত সব শ্রেণীর প্রতি যত্ন নেওয়ার জন্য, সঠিক সময় ব্যবস্থাপনা নিশ্চিত করতে এবং শ্রেণীসমূহ/দলুগুলোকে তাঁর উপস্থিতি উপলব্ধী করানোর জন্য বলা হয়।

### 7.2.3 বহুবিধ-ক্রমবিভক্ত শিক্ষণের জন্য সময়-সারণী পরিকল্পনা

বেশির ভাগ ঘটনায় আপনার প্রয়োজন হয় একই শ্রেণীতে সব বিষয় শিক্ষা দিতে। যাইহোক বহুবিধ-ক্রমবিভক্ত শিক্ষণ পরিবেশে, আদর্শগতভাবে আপনি এক কোটি বিষয় পছন্দ করতে পারেন এবং কিছু মননীত কার্য্যক্রম। যেহেতু আপনি বহুবিধ-ক্রমবিভক্ত পরিবেশে সর্বদা সময়ের চাপে থাকেন, তাই এটা গুরুত্বপূর্ণ যে প্রাপ্ত সময়ের সর্বোচ্চ ব্যবহার করতে সময়-সারণী পরিকল্পনা করা। যখন আপনার একইসঙ্গে তিনটে শ্রেণী পরিচালনা করা প্রয়োজন হয় তখন আপনাকে শ্রেণী-নায়ক (Monitor)-এর উপর নির্ভর করতে হয় বা কিছু কৃতী ছাত্রদের উপর, কার্য্যক্রমসমূহ, শিখন উপকরণ সমূহ, স্বয়ং-পাঠ্য উপকরণ সমূহ ইত্যাদির উপর। আপনি কিভাবে শ্রেণী-নায়কের সহায়তা ব্যবহার করবেন বা শক্তিশালী শিখন কার্য্যক্রম ব্যবহার বা স্বয়ং-পাঠ্য উপকরণ সমূহ সবকিছু নির্ভর করে আপনার সুচিন্তিত পরিকল্পনার উপর। যদি এক ঘন্টা সময় থাকে সেখানে, তাহলে নিম্নরূপে এটা পরিকল্পনা করা যেতে পারে যেখানে সময়-বন্টন ইঙ্গিতপূর্ণ।

| শ্রেণী-I ও II এর বন্টন | ঘন্টা-সময় | শ্রেণী-I | শ্রেণী-II |
|---|---|---|---|
| প্রথম 20 মিনিট | শিক্ষক | শ্রেণী-নায়ক | স্বয়ং-পঠন |
| দ্বিতীয় 20 মিনিট | স্বয়ং-পঠন | শিক্ষক | শ্রেণী-নায়ক |
| শেষ 20 মিনিট | শ্রেণী-নায়ক | স্বয়ং-পঠন | শিক্ষক |

নোট

বহুবিধ-ক্রমভিত্তিক শিক্ষণের জন্য যেথায় তিনটে শ্রেণী আছে, পরিকল্পনায় আপনার নির্দেশ, আপনাকে সর্বদা মনে রাখতে হবে যে যখন একটা শ্রেণীতে শিক্ষণ দেওয়ার সময় আপনাকে তত্ত্বাবধায়ন মূলক চোখ অন্য দুটো শ্রেণী যেখানে শ্রেণী-নায়ক বা স্বয়ং-পঠনে নিযুক্ত নিযুক্ত রাখতে হবে।

*বিভিন্ন শ্রেণীগুলোতে একই বিষয়ের শিক্ষণ-শিখন*

পূর্বেই এটা উল্লেখ করা হয়েছে যে যদি আপনার প্রয়োজন হয় একই সঙ্গে দুই বা তিনটে শ্রেণীতে শিক্ষণের জন্য, তাহলে পার্শ্ববর্তী শ্রেণীগুলোকে নেওয়া তুলনামূলক ভাবে ভাল। কারণ পার্শ্ববর্তী শ্রেণীগুলোর বিষয়বস্তুতে মিল ও ধারাবাহিকতা থাকে যেটা বহুবিধ ক্রমভিত্তিক শিখন সফলভাবে পরিচালনা করতে সুবিধা ঘটে।

আসুন আমরা শ্রেণী - I, II ও III এর একই সময়ে অঙ্কের 'সংখ্যা' শিক্ষণ বিবেচনা করি। অঙ্কের বিষয়বস্তুতে যেহেতু নির্দিষ্ট করে দেওয়া আছে, শ্রেণী - I এর ছাত্রসংখ্যা 1 - 100 সংখ্যা গোনার উপযুক্ত নিয়ন্ত্রণকারী, 10 - 99 পর্যন্ত সংখ্যার স্থানিক-মূল্য খুঁজে বার করা এবং শ্রেণী - II তে ছোট ও বড় সংখ্যার মধ্যে তুলনা করা, এবং 1000 পর্যন্ত সংখ্যার স্থানিক-মূল্য খুঁজে বার করা যার দ্বারা ছোট সংখ্যা ও বড় সংখ্যার মধ্যে শ্রেণী III তে তুলনা করা। এখন এটা আপনার বিষয় কিভাবে 'সংখ্যা সমূহ' তিনটে শ্রেণীকে একই সঙ্গে শেখাবেন যাতে ছাত্ররা তাদের নির্দিষ্ট করে দেওয়া যোগ্যতা অর্জন করতে সামর্থ্য হয়।

নিম্নের উদাহরণ দেখায় কিভাবে তিনটে বিভিন্ন শ্রেণীর ছাত্রদের একসঙ্গে শিক্ষা দেওয়া হয়।

- শিক্ষক প্রথমে ব্লাক বোর্ডে একটা সংখ্যার ছক (Matrix) আঁকবেন যেভাবে ডানদিকে উপস্থাপন করা হয়েছে এবং ছোট ঘরগুলোতে 1 - 9 পর্য্যন্ত সংখ্যা লিখুন।

| | | |
|---|---|---|
| 1 | 6 | 8 |
| 5 | 7 | 3 |
| 9 | 2 | 4 |

- শিক্ষক ছাত্রদের সংখ্যাগুলোর মধ্যে সম্পর্ক খুঁজে বার করতে বলবেন। ছাত্ররা সংখ্যার ছকটা পড়বে, আলোচনায় অংশগ্রহণ করবে এবং উপসংহার করবে যে যদি তিনটি সংখ্যা উল্লম্বভাবে ও অনুভূমিকাভাবে যোগ করি, তাহলে এটা হবে 15.
- তারপর তিনি 10 মিনিট ধরে আলোচনা চালিয়ে যাবেন এবং পরে কি করতে হবে নিম্নলিখিত কার্য্যক্রম স্ব-স্ব শ্রেণীকে কার্য্যভার অর্পন করে তা ছাত্রদের ব্যাখ্যা করবেন।

  শ্রেণী - I : ছকের সংখ্যা ব্যবহার করে যত গুলো সম্ভব ততগুলো দুই-সংখ্যা লেখা (ছাত্ররা 15 মিনিট ধরে কাজ করবে)।

  শ্রেণী - II : যতগুলো সম্ভব ততগুলো মেট্রিক্সের সন্নিহিত ঘরগুলোতে সংখ্যা ব্যবহার করে দুই সংখ্যা লেখা এবং সেগুলোকে সাজানো আরোহন পদ্ধতিতে (ছোট থেকে বড়)।

  10-এর স্থানিক মূল্য দুই সংখ্যার লেখা (ছাত্ররা 20 মিনিট ধরে কাজ করবে)।

  শ্রেণী - III : যতগুলো সম্ভব ততগুলো Matrix থেকে সংখ্যা ব্যবহার করে তিন সংখ্যা লেখা এবং সেগুলোকে অবরোহন পদ্ধতিতে সাজানো (বড় থেকে ছোট)।

  তিন সংখ্যার 10 এর স্থানিক মূল্য লেখা (ছাত্ররা 20 মিনিট ধরে কাজ করবে)।

এভাবে বহুবিধ-ক্রমভিত্তিক পরিবেশে একই বিষয় শিক্ষা দেওয়া-সম্ভব। এরূপ পরিবেশে, সাধারণ উপকরণসমূহ দিয়ে সাধারণ কার্য্যক্রম ব্যবহার করে আপনি শিক্ষণ শুরু করুন এবং তারপর শ্রেণী অনুসারে বিভিন্ন কার্য্যক্রমের ভার অর্পন করুন। বহুবিধ-ক্রমবিভক্ত পরিবেশে একই ধরণের বিষয় শিক্ষণে কিছু সুবিধা আছে যেগুলো নিম্নরূপ :

- শিক্ষক সহজে স্থির করতে পারেন কোন শ্রেণীতে কতটা সাহায্য তিনি প্রতিদানে দিতে পারেন এবং শিক্ষণ-শিখন প্রক্রিয়ায় কোন্ সময়ে।
- যেহেতু সমস্ত কর্মভার প্রাপ্ত শ্রেণীতে একই ধরণের বিষয় শিক্ষা দেওয়া হয়, তাই বেশিরভাগ সময়ে সাধারণ TLMs শিক্ষক কর্তৃক ব্যবহৃত হতে পারে সকল শ্রেণীতে।
- একটা দলের/দলের একজন উচ্চমান-অর্জনকারী ছাত্র ঐ দলের বা অন্য দলের নিম্ন মান-অর্জনকরী ছাত্রদের সাহায্য করতে পারে এবং অন্য দলের শ্রেণী-নায়ক (Monitor) হিসাবে কাজ করতে পারে।
- একটা দলের শিক্ষণ-শিখন কার্য্যক্রম ও অন্য শ্রেণীগুলোর কার্য্যক্রমে সহায়তা করে।
- যুগপৎ সকল শ্রেণীর একই ধরণের বিষয়ের শিক্ষণ-শিখন প্রকাশিত হয় এমনভাবে যেন একটা শ্রেণীর ছাত্ররা বিভিন্ন ধরণের কার্য্যক্রম সম্পাদন করছে পারস্পরিক সহযোগিতা ও অংশগ্রহণের মাধ্যমে।

**বিভিন্ন শ্রেণীতে ভিন্ন বিষয় সমূহের শিক্ষণ-শিখন :**

বহুবিধ-ক্রমভিত্তিক পরিবেশে সময়ে সময়ে বিভিন্ন বিষয় বিভিন্ন শ্রেণীতে শিক্ষা দেওয়া যেতে পারে। উদাহরণগত; একজন বহুবিধ-ক্রমবিভক্ত শিক্ষক পরিবেশ বিজ্ঞানের একটা পাঠ শিক্ষা দিতে পারেন (যেমন, বিভিন্ন মানুষের পেশা) শ্রেণী - I তে, একটা ভাষার পাঠ (যেমন যুক্তাক্ষর চিহ্নিত করণ এবং তার ব্যবহার) শ্রেণী - II তে, এবং অঙ্কের একটা পাঠ (যেমন, তিন সংখ্যার গুণ) শ্রেণী-III তে এই সঙ্গে। বহুবিধ-ক্রমবিভক্ত শিক্ষণের ব্যবস্থাপনা এই সব পরিবেশে সম্পূর্ণ ভিন্ন আগে যা আলোচিত হয়েছে তার থেকে। একজন বহুবিধ-ক্রমবিভক্ত শিক্ষকের সফলভাবে পরিস্থিতি পরিচালনার উদ্দেশ্যে নিম্নলিখিত গুলো করা প্রয়োজন :

- পিরিয়ডের শুরুতে এক সাধারণ উদ্দীপ্ত-করার কাজ গ্রহণ করা যেতে পারে সকল শ্রেণীর ছাত্রদের জন্য শ্রেণীতে শিখনের পারিপার্শ্বিক অবস্থা সৃষ্টি করার উদ্দেশ্য।
- তারপর প্রত্যেক শ্রেণীতে মনিটর মনোনীত/নিয়োজিত করা যেতে পারে এবং শ্রেণীতে শৃঙ্খলা রক্ষা করার দায়িত্ব দেওয়া যেতে পারে।
- প্রত্যেক শ্রেণীর ছাত্রদের জন্য আসন বিন্যাস আলাদাভাবে করা যেতে পারে মাথার মধ্যে শিক্ষণ-শিখন প্রক্রিয়ায় শিখন কার্য্যক্রম গ্রহণের জন্য।
- যখন একটা শ্রেণীকে শিক্ষণ প্রদান করা হবে, তখন অন্য শ্রেণীগুলো অর্থপূর্ণ শিখন কার্য্যক্রম যেটা বিষয়/অধ্যায়ের সঙ্গে সম্পর্কীত সম্পাদনের জন্য পরিকল্পিত তাতে নিযুক্ত হবে। বিকল্পভাবে শিখন ও শিখন-কার্য্যক্রমের ভার-অর্পণ শ্রেণী গুলোতে করা হবে।
- যখন প্রয়োজন তখন শিক্ষকের শ্রেণীগুলোতে কার্য্যক্রম তদারকি করা উচিত। তাছাড়া, ছাত্রদের শিখন অসুবিধাসমূহ দূর করার উদ্দেশ্যে শিক্ষক প্রত্যক্ষভাবে শিক্ষা দিতে পারেন।
- যখন তিনটে শ্রেণীর জন্য শিক্ষণের প্রয়োজন, তখন শিক্ষক একটা নতুন বিষয় একটা শ্রেণীতে শিক্ষা দিতে পারেন এবং অন্য দুটো, শ্রেণীকে কার্য্যক্রম অভ্যাস করতে দেওয়া উচিত। এই কাজের দ্বারা, শিক্ষক ভাল শিক্ষা দিতে পারেন শ্রেণীর বিষয়ে এবং অর্থপূর্ণভাবে।

নোট

অন্যান্য শ্রেণীগুলোকে নিযুক্ত রাখতে পারে। নতুন বিষয় সকল শ্রেণীতে স্পষ্টভাবে অসুবিধা জনক হবে শিক্ষক এবং ছাত্রদের উভয়ের জন্য এবং সময়ের সঠিক ব্যবহার নিশ্চিত করে না।

এভাবে বহুবিধ-ক্রমবিভক্ত শিক্ষক ব্যবস্থা করতে পারেন এই অভিগমনের দ্বারা বহুবিধ-শ্রেণীর শিক্ষণকে। কিন্তু এটাকে সফল করতে, তাঁকে অনেক পরিকল্পনা করতে হয়, যথেষ্ট পরিমানে TLMs কাজ অভ্যাসের জন্য ব্যবস্থা ও প্রস্তুত করতে হয় কাজ অভ্যাসের জন্য ব্যবস্থা ও প্রস্তুত করতে হয় এবং সহযোগিতামূলক দলগত কাজ ও ব্যক্তিগত কাজ নিশ্চিত করতে হয়। যাইহোক এই অভিগমনের কিছু সহজাত অসুবিধা আছে যেগুলো হল নিম্নরূপ :

- একটা মাত্র শ্রেণীর ছাত্রদের মধ্যে মিথষ্ক্রিয়া ঘটে এবং অন্য শ্রেণীগুলোর কার্য্যক্রমে অসুবিধা সৃষ্টি করতে পারে।
- যেহেতু বিভিন্ন বিষয় বিভিন্ন শ্রেণীতে শেখানো হয়, তাই যথেষ্ট ও নানা ধরণের TLMs-এর প্রয়োজন প্রতি শ্রেণীতে শিক্ষণ-শিখনে সহায়তা করতে। বাস্তবিকই, শিক্ষকের পক্ষে এটা কঠিন এরূপ বিশাল সংখ্যক TLMs ব্যবস্থা করা।
- ছাত্রদের পক্ষে এটা সর্বদা সম্ভব নয় একটা শ্রেণীর ছাত্ররা অন্য শ্রেণীর ছাত্রদের সাহায্য করা।

## কার্য্যক্রম-5

বহুবিধ-ক্রমভিত্তিক শিক্ষণের বিভিন্ন বিষয় জেনে, এর মধ্যে যে বিষয়গুলো যুক্ত, এর পরিকল্পনা ও ব্যবস্থাপনা, বহুবিধ-ক্রমভিত্তিক পরিবেশ চিন্তা করুন এবং একক-শ্রেণীর বিভিন্ন বিষয়সমূহের সঙ্গে তুলনা করুন। দুটো পরিবেশের মধ্যে পার্থক্যগুলোর তালিকা করুন।

............................................................................................................................

............................................................................................................................

............................................................................................................................

আপনার তালিকা তুলনা করুন নিম্নে প্রদত্ত গুলির সঙ্গে :

| একক-শ্রেণী (Mono-grade) | বহুবিধ-শ্রেণী (Multi-grade) |
|---|---|
| একটা শ্রেণীর জন্য একজন শিক্ষক। | নানান শ্রেণীর জন্য একজন শিক্ষক। |
| প্রত্যেক শ্রেণীর জন্য একটা শ্রেণীকক্ষ। | একাধিক শ্রেণীর বসার জন্য একটা কক্ষ। |
| শিশুদের মধ্যে সহযোগিতা ও মিথষ্ক্রিয়া কম | শিশুদের মধ্যে সহযোগিতা ও মিথষ্ক্রিয়া বেশি। |
| শিশুদের নানাবিধ অভিজ্ঞতা তাদের দলের মধ্যে সীমাবদ্ধ। সুতরাং সীমিত অভিজ্ঞতা বন্টিত হয়। | শিশুদের নানাবিধ অভিজ্ঞতা হল অসীম যেহেতু তারা বহুবিধ-দলভুক্ত। সুতরাং অভিজ্ঞতা বেশি বন্টিত হয়। |
| শিশুদের মনে হয় যে শিক্ষক তাদের যে কোন সময় সাহায্য করবেন। | ছাত্ররা নিজেদের সাহায্য করে। কয়েকজন থাকে। |

| | |
|---|---|
| সুতরাং সমস্যা সম্মুখীন হওয়ার সময় শিক্ষকের কাছ থেকে সাহায্য নেওয়ার একটা সুযোগ থাকে। ফলে শিক্ষক নির্ভরতার সহাবস্থান বিকাশ ঘটে। | (উচ্চ-শ্রেণীর ছাত্ররা/একই শ্রেণীর ছাত্ররা যাদের উচ্চ ক্ষমতা আছে)-তারা কম বয়সী শিশুদের শিক্ষকের উপস্থিতিতে সাহায্য করে। অর্থাৎ শিক্ষক-নির্ভরতার সহাবস্থান হ্রাস পেয়ে থাকে। |
| বেশিরভাগ পরিবেশ প্রথাগত। | সমগ্র পরিবেশ বিধিবর্হির্ভূত। |
| শ্রেণীকক্ষের পরিবেশ হল সুন্দর এবং শিক্ষকের কর্তৃত্ব। | শ্রেণীকক্ষ বেশিরভাগ পরিচালিত হয় ছাত্রদের দ্বারা। সুতরাং শিক্ষক কর্তৃত্ব কম হয়। |
| বিশ্বাস আছে যে শ্রেণীতে তিনটে স্তরের ছাত্ররা থাকে যথা-গড়পড়তা মানের উপর, গড়পড়তা মানের ও গড়পড়তা মানের নীচে। | গড়পড়তা মানের উপর, গড়পড়তা মানের ও নীম্নের ছাত্রদের মত কোন স্তর থাকে না। এমনকি শ্রেণী-মনভাব থাকে না। সকল ছাত্র অনুভব করে যেন তারা একই মানের বা দলের। |
| উচ্চ ও নিম্ন বয়স/মানের শিশুদের মধ্যে কোন বন্ধুত্বের সুযোগ থাকে না | উচ্চ ও নিম্ন মানের/বয়সের শিশুদের মধ্যে বন্ধুত্বের বেশি সুযোগ থাকে। |
| স্তর অনুযায়ী দল বিভাজনে বেশি জোর দেওয়া হয়। | সামাজিক দলবিভাজনের উপর বেশি জোর দেওয়া বা সুযোগ থাকে। |
| শিক্ষক বাধ্য হন সর্বদা শ্রেণীতে উপস্থিত থাকতে। সুতরাং এখানে প্রণালীগত শিখন হয়। | এখানে স্ব-শিখনের সুযোগ থাকে যেহেতু শিক্ষক শ্রেণীতে সম্পূর্ণভাবে উপস্থিত থাকেন না। এতদ্ সত্ত্বেও শিখন ঘটে। |

## 7.3 বহুবিধ স্তর/তলের পরিবেশ

শিক্ষক হিসাবে, একক-শ্রেণী পরিবেশ ও একক-ক্রমভিত্তিক শিক্ষণের সঙ্গে আপনি পরিচিত ও অভ্যস্থ এবং সফল একক শ্রেণী শিক্ষণ সংগঠিত ও পরিচালতি করার নানাবিধ অভিজ্ঞতা অর্জন করেছেন। আপনি দেখে থাকতে পারেন যে প্রত্যেক শ্রেণীর ছাত্ররা, তারা একক শ্রেণী বা বহুবিধ শ্রেণী পরিবেশের হোক না কেন, তাদের শিখন চাহিদা, শিখন কৌশল, আগ্রহ, মনভাব, প্রেষণা ইত্যাদি বিষয়ে একে অপরের থেকে ভিন্ন। উদাহরণত: আপনি নিম্নলিখিত পর্য্যবক্ষেণ করে থাকবেন:

- একজন ছাত্র একটা বিষয়বস্তু/বিষয় শিখতে কম সময় নেয় যখন অন্য ছাত্র ঐ একই বিষয় বস্তু/বিষয় শিখতে বেশি সময় নেয়।
- একজন ছাত্রের উচ্চ শিখনে অবদান থাকতে পারে যখন অন্য জনের নিম্ন শিখনে অবদান থাকতে পারে।

অন্য কথায়, প্রত্যেক ছাত্র এই সব বিষয়ে বিষয়ে অদ্বিতীয় হয়। প্রত্যেকের মধ্যে দেখা গেছে তাদের ভিন্ন শিখনের স্থান আছে এবং শিখন অবদানের বিভিন্ন স্তর আছে, অন্যের তুলনায়, অর্থাৎ শ্রেণীতে

আপনি বিভিন্ন স্তরের ছাত্রদের পাবেন। বিভিন্ন সামর্থ্য-সম্পন্ন ছাত্রদের উপস্থিতি (যেমন, উচ্চমান গড়মান ও নিম্ন মানের) একটা শ্রেণীতে বহুবিধ-স্তরের পরিবেশেকে সম্পর্কীত করে।

নিম্নের উদাহরণটা বিবেচনা করুন :

একজন শিক্ষক তিনটে সামর্থ্য-সম্মন্ন দলকে নিয়ে (উচ্চমান, গড়মান ও নিম্ন মান) একটা ক্লাস নিয়েছিলেন। একটা বহুবিধ উচ্চতা পরিবেশে। গড়মানের ছাত্রদের বিবেচনা করে তিনি তাঁর পাঠ পরিকল্পনা করেছিলেন। উচ্চ মান-অর্জনকারীরা তাদের কাজ দ্রুত সমাপ্ত করে নির্দিষ্ট-সময়ের আগে এবং পরে কি করতে হবে তার জন্য শিক্ষকের নির্দেশের অপেক্ষায় ছিল। অন্যদিকে ধীর-গতি সম্পন্ন ছাত্ররা অতিরিক্ত সময় দেওয়ার জন্য শিক্ষকের অপেক্ষায় ছিল যেহেতু নির্দিষ্ট সময় সীমা অতিক্রম করে গেছে কাজটা সমাপ্ত করার আগে। এটা স্পষ্টত প্রতীয়মান যে শিক্ষক উচ্চমান-অর্জনকারীদের জন্য কোন অতিরিক্ত কাজ না ধীর-গতি সম্পন্ন ছাত্রদের জন্য অতিরিক্ত সময়ের কোন পরিকল্পনা করেন নি। এই অবস্থায় তিনি সময় ব্যবস্থাপনার জন্য পরিকল্পনা করেননি। শিক্ষক হিসাবে একটা বহুবিধ-স্তরের পরিবেশে উচ্চ-মান অর্জনকারী ও নিম্ন মান-অর্জনকারীদের-তাদের সক্ষমতার দল যাতে তারা থাকে খুবই গুরুত্বপূর্ণ, এটা অগ্রাহ্য করে তাদের করার জন্য সময় ব্যবস্থাপনা করা হয়।

বহুবিধ স্তরের পরিবেশে অনেক সমস্যামূলক বিষয়সমূহ আছে। আসুন আমরা তাদের বিবেচনা করি এবং তাদের উদ্দেশ্যে বলার জন্য কৌশল শিখি।

বহুবিধ-স্তরের পরিবেশ ও বহুবিধ-স্তরের শিক্ষণ নিম্নলিখিত কারণে ঘটে থাকে:

- যখন আপনার প্রয়োজন হয় ছাত্রদের একাট শ্রেণীতে ভাগ করতে (একক-ক্রম ভিত্তিক পরিবেশ) অনেকগুলো সম-সামর্থ্য-বিশিষ্ট্য দলগুলোকে সফল শিক্ষণ-শিখণের-সহায়তা করতে।

  উদাহরণ : একটা শ্রেণীতে 30-40 জন ছাত্র আছে। তাদের শিখন সামর্থ্যের উপর ভিত্তি করে আপনি তাদেরকে কমপক্ষে তিনটে দলে/স্তরে বিভাজন করতে পারেন। প্রথম দলে আপনি সমস্ত অগ্রগামী ছাত্রদের রাখতে পারেন, সমস্ত গড় ছাত্রদের দ্বিতীয় দলে এবং সমস্ত ধীর গতি সম্পন্ন ছাত্রদের তৃতীয় দলে রাখতে পারেন। এখানে প্রথম দলে ছাত্ররা অধিকতর দ্রুত শিখন অভিজ্ঞতা অর্জন করবে তৃতীয় দলের ছাত্রদের তুলনায় এবং সর্বদা দ্রুততর উন্নীত হবে। এরূপ শ্রেণী তিনটে উদীয়মান সম সামর্থ্যের ছোট-শ্রেণীর মিশ্রণ হিসাবে বিবেচনা করা যেতে পারে। অন্য কথায়, প্রত্যেক একক-সমভিত্তিক শ্রেণীতে বহুবিধ স্তরের উপস্থিতি ঘটে। এতদসত্ত্বেও একজন শিক্ষক বিভিন্ন শিখন-সামর্থ্যের বিষয়, উপযুক্ত, মনভাব, আগ্রহ ইত্যাদি সন্ধান করতে পারেন, যেটা বহুবিধ-ক্রমবিভক্ত পরিশে (Multi-grade situation) উদীত হতে পারে।

- যখন আপনি একটা বহুবিধ-ক্রমভিত্তিক পরিবেশ পরিচালনা করেন, তখন বহুবিধ-স্তরের পরিবেশ সৃষ্টি হতে পারে। উদাহরণত:, আপনি তিনটে শ্রেণীর (যেমন, শ্রেণী-1,2 ও 3)

নোট

যুগপৎ শিক্ষণ-শিখন পরিচালনা করছেন। শ্রেণীর মতানুসারে, আপনার সামনে পরিচালনা করছেন। শ্রেণীর মতানুসারে, আপনার সামনে পরিচালনা করছেন। শ্রেণীর-মতানুসারে, আপনার সামনে পরিচালনা করার জন্য (দ্রুতগামী ছাত্র, গড় ছাত্র ও ধীর গতির ছাত্র) তিন ধরণের/স্তরের ছাত্র আছে এবং সব তিনটে শ্রেণীতে তিন স্তরের ছাত্ররা থাকতে পারে, সুতরাং আপনি সম্মুখীন হচ্ছেন একটা বহুবিধ-স্তরের বহুবিধ-ক্রমভিত্তিক পরিবেশের। প্রকৃতপক্ষে, প্রত্যেক বহুবিধ-ক্রমভিত্তিক পরিবেশ হল-সর্বদা একটা বহুবিধ-স্তরের পরিবেশ। এভাবে বহুবিধ-স্তরের পরিবেশ হল সর্বদা উপস্থিত হয় একটা শ্রেণী এবং বহুবিধ-শ্রেণীর পরিবেশ। যাইহোক, একজন শিক্ষক একক-শ্রেণীর পরিবেশে বহুবিধ-স্তরের ছাত্রদের পরিচালনা করতে তুলনামূলক বেশি সুযোগ পায় বহুবিধ-ক্রমভিত্তিক শ্রেণী পরিবেশের তুলনায় যাতে তিনি বিভিন্ন মানের ছাত্রদের পরিচালনা করতে সুযোগ পান এবং সঠিক সময় ও সম্পদসমূহ ব্যবহার করতে বাধ্য হতে পারেন।

## 7.3.1 বহুবিধ-স্তর পরিবেশের বিষয়সমূহ

যেহেতু আমরা জানি, একটা বহুবিধ-ক্রমভিত্তিক পরিবেশ সৃষ্টি হয় বেশিরভাগ ক্ষেত্রে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক ও শ্রেণীকক্ষের ঘাটতির কারণে। কিন্তু একটা বহুবিধ-স্তরের পরিবেশ সর্বদা উপস্থিত হয় একক শ্রেণী ঠিক তেমনি বহুবিধ-ক্রমভিত্তিক পরিবেশে। নিম্নে প্রদত্ত কিছু সমস্যামূলক বিষয়সমূহ বহুবিধ-স্তরের পরিবেশের বিষয়ে।

- একটা শ্রেণীতে, বেশিরভাগ ছাত্র হল গড় শিখন সামর্থ্যের এবং তুলনামূলকভাবে কিছু ছাত্র উচ্চ ও নিম্ন শিখন সামর্থ্যের। সাধারণত সমস্থ শিখন কার্য্যক্রমের পরিকল্পনা ও প্রয়োগ এবং নির্দিষ্ট পাঠ্যক্রমিক বিষয় সমূহ সম্পর্কীত নির্দেশ তৈরী করা হয় গড় ছাত্রদের সামর্থ্য মনে রেখে। ফলে, উচ্চ ও নিম্ন সামর্থ্যের দলগত ছাত্ররা লাভবান হয় না এবং তাদের শিখন প্রভাবিত হয়। অর্থাৎ, যুগপৎ গড় ছাত্র স্তরের ছাত্রদের সঙ্গে নিয়ে এই দুই স্তরের ছাত্রদের শিখন চাহিদা কিভাবে ব্যাখ্যা করবেন শিক্ষণ-শিখনের সময় এটা একটা প্রতিযোগিতামূলক কাজ শিক্ষকদের জন্য।

- ছাত্রদের সামর্থ্য (সমশ্রেণীভুক্ত দল)-এর সর্বাঙ্গীন/ বিশ্বব্যাপী মূল্যানের উপর ভিত্তি করে শিক্ষকদের দ্বারা ছাত্রদের দলবিভাজন তাদের শিখনে সাহায্য করে না তাদের নিজস্ব পদক্ষেপে শিখন ক্ষমতায় নিয়ন্ত্রণ অর্জনের জন্য। এমনকি উচ্চ-সামর্থ্য-সম্পন্ন ছাত্রদের দল আরাম অনুভব না ও করতে পারে (তাদের পছন্দ, আগ্রহ, মনভাব, খুশি ইত্যাদি বিষয়ে) যথাযথ দলে শিক্ষণ-শিখন কার্য্যক্রমে অংশ গ্রহণ করতে যেটা তাদের উপর চাপিয়ে দেওয়া হয়।

- বহুবিধ-স্তরের পরিবেশে বিভিন্ন শিখন স্তরের ছাত্রদের সুবিধা দেয় না সাধারণ পাঠ্য-পুস্তকের ব্যবহার। নির্দেশের কেন্দ্র হিসাবে।

নোট

- একইসঙ্গে বিভিন্ন শ্রেণীর বিভিন্ন স্তরের ছাত্রদের শিখন চাহিদা ব্যাক্ত করা নি:সন্দেহে একটা কঠিন কাজ একজন বহুবিধ শ্রেণীর শিক্ষকের পক্ষে।
- বহুবিধ-স্তরের পরিবেশের জন্য সঠিক শিক্ষণ-শিখন উপকরণ ও অন্যান্য সম্পদ-সামগ্রী যথেষ্ট পরিমানে প্রস্তুত হল একটা ভীতিমূলক কাজ শিক্ষকদের জন্য।

## 7.3.2 বহুবিধ-স্তর পরিবেশের ব্যবস্থাপনার জন্য কৌশল

বহুবিধ-স্তরের পরিবেশে পরিচালনাতে কিছু কৌশল অবলম্বন নিম্নরূপে করতে হয়।

- শ্রেণীতে শিক্ষণ-শিখন প্রদানের আগে একক ছাত্রের চাহিদাগুলো চিহ্নিত করা।
- স্তর নিরপেক্ষভাবে সকল ছাত্রকে তাদের নিজস্ব পদক্ষেপে শিখনের অনুমতি দেওয়া।
- ছাত্রদের পছন্দের অনুমতি দেওয়া ও দলে স্বেচ্ছায় অংশগ্রহণ।
- দলে থেকে যাওয়া ছাত্রদের পছন্দকে মেনে নেওয়া কিন্তু কোন দল বিভাজন চাপিয়ে দেওয়া হয় না।
- ব্যক্তিগত উদ্যেগে শিখনের সুবিধা দিতে অসম-দলবিভাজন উপযুক্ত প্রাপ্তি।
- ব্যাক্তিগত শিখনে সহায়তা করতে সঙ্গী-শিখনের অনুমতি দেওয়া।
- প্রত্যেক স্তরের জন্য সময়ের সফল ব্যবস্থাপনা করা।

### অসম দল বিভাজন তৈরী

যখন বহুবিধ-স্তরের পরিবেশ (একক শ্রেণীও বহুবিধ শ্রেণী-উভয়ই) পরিচালনায় অসমজাতীয় দলবিভাজন (মিশ্র-সামর্থ্যের দল) গঠন করা উচিত শিক্ষণ-শিখন কার্য্যক্রম পরিচালনার জন্য। যাইহোক, শিক্ষণ এবং একটা বিষয়বস্তুর মূল্যায়ণ সমাপ্তির পর একই সামর্থ্যের দল বিভাজন গঠিত হতে পারে এবং সংশোধনী পাঠসমূহ এবং উপকরণসমূহ সজ্জিত করা যেতে পারে, নিম্ন মান-অর্জনকারীদের জন্য এবং উচ্চমান-অর্জনকারীদের জন্য পাঠ উন্নীত করা যেতে পারে। অবশ্যই, বহুবিধ পরিবেশে শিক্ষকদের পরিচালনার জন্য আগাম যথেষ্ট প্রস্তুতি থাকা উচিত।

### দলগত ও ব্যক্তিগত শিখনের মাধ্যমে শিখন সক্ষমতার নিয়ন্ত্রণ অর্জন।

বহুবিধ-ক্রমবিভক্ত শিক্ষণের (Multi-grade teaching) সর্বাপেক্ষা সমস্যামূলক বিষয় এবং বহুবিধ-স্তরের শিক্ষণ (Multi-level teaching) হল কিভাবে একক ছাত্রকে সাহায্য করবেন শিখন ক্ষমতা নিয়ন্ত্রণ অর্জনে বাকি দলের মধ্যে তাদের নিজস্ব পদক্ষেপে। এক নবপ্রবর্তিত পাঠ বিকশিত হয়েছে এবং এই বিষয়ে ব্যবহৃত হচ্ছে ঋষি ভ্যালি ইন্‌স্টিটিউট অফ্ এডুকেশানাল রিসোর্সের দ্বারা (Rishi Valley Institute of Educational Resources/(RIVER), অন্ধ্রপ্রদেশে 1993 থেকে যেটা ঋষি ভ্যালী এপ্রোচ্ নামে জনপ্রিয় হয়েছে। এই অভিগমনের তাৎপর্য হল কার্য্যক্রম পরিকল্পনা

নোট

করতে ছাত্রদের যোগ্য করার উদ্দেশ্যে শিখন ক্ষমতার নিয়ন্ত্রণ অর্জন করা দলগত ও ব্যক্তিগত শিখনের মাধ্যমে। প্রণালীর পুঙ্খানুপুঙ্খ বর্ণনা সংক্ষেপে নিম্নে উপস্থাপিত করা হল।

- প্রথমে, প্রত্যেক শ্রেণীর জন্য প্রত্যেক বিষয়ে নির্দেশিত শিখন সক্ষমতার তালিকা প্রস্তুত করা হয় উপযুক্ত বিশ্লেষণের পর এবং একটা নির্দিষ্ট অনুক্রমে সাজানো হয়।
- প্রত্যেক সক্ষমতা, অণুক্রমে সজ্জিত, ধারাবাহিকতার ধাপ হিসাবে গৃহিত হয়। সক্ষমতা অর্জনের করে একজন ছাত্র ঐ ধারাবাহিকতার ধাপে পৌঁছায় এবং পরের ধারাবাহিকতার ধাপের দিকে অগ্রসর হয় পরবর্তী সক্ষমতা অর্জনের জন্য।
- সকল সক্ষমতা বা ধারাবাহিকতার ধাপ, এমনভাবে নির্দিষ্ট নিয়মে বিন্যস্ত করা হয়, যাতে একত্রে গ্রহণ করে একটা বিষয়ে একটা শ্রেণীর জন্য বর্ণনাযোগ্য বিষয়ে শিখন নির্মাণ করা হয়।

একটা সক্ষমতা ছাত্রদের দ্বারা অর্জনের পর, অনেক সংখ্যকশিখন কার্য্যক্রম পরিকল্পিত হয় তাদের পরবর্তী সক্ষমতা করতে সাহায্য করার জন্য। এই কারণে, শিক্ষক প্রথমে গ্রহণ করে একটা প্রবর্তনমূলক কার্য্যক্রম সমগ্র শ্রেণীতে। এটা সম্পূর্ণরূপে শিক্ষক কর্তৃক পরিচালিত। প্রবর্তনমূলক কার্য্যক্রমের পর, দল ও ব্যক্তিগত কার্য্যক্রমের জন্য ব্যবস্থাসমূহ যেমন; অভ্যাসমূলক কার্য্যক্রম, পুণরায় চেষ্টার কার্য্যক্রম, মূল্যায়ণ কার্য্যক্রম সমূহ তৈরী হয় একটা অণুক্রমে এই অভিগমন (approach) অনুসরণ করতে। কোন্ কার্য্যক্রম গ্রহণ করা উচিত কোন্ সময়ে শিক্ষককে পূর্ণ অংশগ্রহণের সঙ্গে, শিক্ষকের আংশিক অংশগ্রহণ নিয়ে, সঙ্গী অংশগ্রহণ নিয়ে এবং কারো সহযোগিতা ছাড়া তার নির্দেশ স্পষ্টভাবে দেওয়া হয়। ধারাবাহিকতার একটা ধাপ থেকে আর একটা পরবর্তী ধাপে এরূপ কার্য্যক্রমের অনুক্রমিক ব্যবস্থাকে বলে শিখন মই (Learning Ladder)। সকল 'শিখন মই ' নিরবচ্ছিন্ন অনুক্রমে যখন বিন্যস্থ হয় তখন একটা শ্রেণী বা স্তরের জন্য একটা বিষয়ের শিখন অবিচ্ছিন্ন বিষয় গঠন করে।

- এরূপ শিখন অবিচ্ছিন্ন বিষয়-তালিকা প্রত্যেক বিষয়ে শ্রেণীকক্ষে রাখা হয়। শিখন কার্য্যক্রমসমূহ যেগুলো অনুক্রমে গ্রহণ করা হয় দুটো সন্নিহিত ধারাবাহিকতার ধাপ যা চিহ্ন দ্বারা ইঙ্গিত করে শিখন অবিচ্ছিন্ন বিষয়।

## 7.4 আসুন সারসংক্ষেপ করি

- বহুবিধ-ক্রমবিভক্ত (ক্রমভিত্তিক) শিক্ষণ (Multi-grade teaching) হল একটা পরিবেশ যেখানে একজন একক শিক্ষক বিভিন্ন শ্রেণীকে শিক্ষা দেন একই সময়ে।
- বহুবিধ-ক্রমভিত্তিক শিখন প্রয়োজনীয় হয় নানান কারণের জন্য। একটা হল শিক্ষক ও শ্রেণীকক্ষগুলোর অভাবের কারণে।
- বহুবিধ-ক্রমভিত্তিক শিক্ষণ ভারতে সীমাবদ্ধ নয়। কিন্তু এটা দেখা যায় উন্নত একইভাবে অনুন্নত দেশগলোতে।

নোট

- শিক্ষক যিনি বহুবিধ-ক্রমভিত্তিক শিক্ষণে নিযুক্ত থাকেন তাঁকে অনেক প্রতিযোগিতার সম্মুখীন হতে হয়।
- MGT (Multi grade Teaching) এর চারটি বিষয়ের উপর বিশেষ মনযোগ দেওয়া হয় যেমন, শ্রেণীকক্ষ সংগঠন, ছাত্রদের দলবিভাজন, শিখন উপকরণের ব্যবহার ও সঠিক পরিকল্পনা।
- যথাযথ আসন বিণ্যাসের দ্বারা বহুবিধ-ক্রমভিত্তিক শিক্ষণ আরো সফল হয়।
- বহুবিধ স্তরের শিক্ষণ (Multi-level teaching) একক-ক্রমভিত্তিক পরিবেশের (Mono-grade situtaion) সঙ্গে সম্পর্কীত।
- ছাত্রদের দলবিভাজন, উপকরণ মননয়ন ও যথাযথ ব্যবহার, কার্য্যক্রম ও ছাত্রদের সংযুক্তিকরণ এবং শ্রেণীকক্ষ সংগঠনের মত চারটে বিষয় হল বহুবিধ-স্তর শিক্ষণে প্রধান গুরুত্বপূর্ণ কৌশল।
- কিছু শিখন কার্য্যক্রম পরিকল্পিত হওয়া প্রয়োজন উচ্চমান-অর্জনকারী, মাঝারী মান-অর্জনকারী ও ধীরমান-অর্জনকারী ছাত্রদের প্রতি প্রয়োগ করার জন্য।
- পাঠ পরিকল্পিত হওয়া প্রয়োজন যে প্রত্যেক শিশুকে কিছু শিখন কার্য্যক্রমের সঙ্গে যুক্ত করতে হবে।
- একে অপরের কাছ থেকে শিখতে ছাত্রদের সুযোগ থাকা উচিত।
- যদি একজন বহুবিধ-ক্রমবিভক্ত (multi-grade), বহুবিধ স্তর শিক্ষক (Multi-level teacher) শিক্ষণে কিছু নতুন প্রবর্তন করা, তাঁর কাজের জ্ঞান সহ ও সঠিক পরিকল্পনা এবং ব্যবস্থাপনগত দক্ষতা, সার্থক ফলাফল এই পদ্ধতির মাধ্যমে অর্জন করা যেতে পারে।

## 7.5 আপনার অগ্রগতি যাচাই করে নেওয়ার আদর্শ উত্তরমালা

E.1 নিম্নলিখিত গুলো হল শ্রেণীকক্ষের অবস্থা-

- একে অপরকে বিশৃঙ্খলা সৃষ্টি না করে আরামদায়কভাবে ছাত্ররা দলে বসে।
- উপকরণ/বোর্ডগুলো প্রদর্শন করে জানালাগুলো ঢেকে দেওয়ার কারণে শ্রেণীকক্ষে সঠিক আলো ও বায়ু নির্গমনের পথ বন্ধ না হওয়া।
- যখন প্রয়োজন তখন শিক্ষকের এমনকি ছাত্রদের ও স্বাধীনভাবে চলাফেরার জন্য (দলগুলোর মধ্যে) যথেষ্ট স্থান রাখা প্রয়োজন।
- ছাত্রদের প্রয়োজন ব্লাক বোর্ড ও TLM রাখার স্থানে সহজে পৌঁছানো এবং এই সুবিধাগুলো সহজে ব্যবহার করা।

- শিখনের স্থান (Learning Corner), পিতামাতাদের স্থান, (Parents' Corner), প্রশ্ন রাখার স্থান (Question Corner) ইত্যাদি ব্যবহারের জন্য ছাত্রদের সহজে প্রবেশযোগ্য হওয়া।

E.2 পাঠ্য-পুস্তকে আলোচিত যে কোন দুটো সুবিধা এবং/অথবা শ্রেণীকক্ষের অভিজ্ঞতা থেকে শিক্ষকের প্রয়োজন ব্যাক্ত করা।

## 7.6 সুপারিশকৃত পাঠ ও সম্পর্ক স্থাপন/উল্লেখ্য

Peterson Michael, Hittie and tamor Lynne (2002): Authematic Multi-Level Teaching, whole schooling Consortium : http://www.coe.wayne.edu/community Building/ WSC,html.

Wanninayake, G.B.(1991) : Mutli Grade Teaching, Department of Distance Education, National Institute of Education, Sri Lanka.

The Multigrade Classroom : A Resource Handbook for Small Schools (1999) Portland, OR, Northwest Regional Educational Laboratory.

Pavan, B.N. "The Benefits of Nongraded Schools." Educational Leadership, 50.2 (1992) : 22-25

Politano, Colleen, and Joy Paquin, Brain-Based Learning with Class. Winnipeg, MB:Portage and Main Press.

Pratt, D."On the Mertis of Multiage Classrooms," Research in Rural Educationa, 3 (1986) : 111-115.

Stiggins, R. Student-Involved Classroom Assessment. 3rd ed. Upper Saddle River (2001), NJ : Prentice-Hall, Inc.

Vygotsky, L.S. Mind in Society : The Development of Higher Psychological Processes (1978), Cambridge, MA : Harvard University Press.

http:// www.pearsonlongman.com/ae/download/adulted/multilevel_monograph.pdf.

http://www.edu.gov.mb.ca/k12/docs/support/multilevel/chap1.pdf.

## 7.7 একক শেষে অনুশীলনী

1. আপনার বহুবিধ-স্তরের (Mult-level) শিক্ষণ শ্রেণীগুলোর বিষয়সমূহ যেগুলো আপনি আপনার কার্য্য-ক্ষেত্রে সম্মুখীন হন তা আলোচনা করুন।
2. আপনার বহুবিধ-ক্রমবিভক্ত শ্রেণী শিক্ষণের (Multi-grade class teaching) পরিকল্পনা দিন যা আপনি আপনার বিদ্যালয়ে সরবরাহ করেন।

নোট

# একক - 8 শিখন প্রক্রিয়ার পরিকল্পনা

কাঠামো


8.0 – ভূমিকা

8.1 – শিখনের উদ্দেশ্য

8.2 – শিখন কার্যক্রমের পরিকল্পনা

8.2.1 – পাঠক্রম ও সহপাঠক্রমিক কার্যাবলী

8.2.2 – সহপাঠক্রমিক কার্যাবলীর পরিকল্পনা

8.3 – পাঠ পরিকল্পনা

8.3.1 – প্রয়োজন ও উদ্দেশ্য

8.3.2 – পাঠ পরিকল্পনা প্রস্তুতকরণ

8.4 – একক পরিকল্পনা

8.5 – পাঠ পরিকল্পনা

8.5.1 – পাঠ পরিকল্পনার বৈশিষ্ট্য

8.5.2 – পাঠ পরিকল্পনায় কি অন্তর্ভুক্ত থাকে

8.6 – পাঠ টীকা/দিনলিপি

8.7 – সারসংক্ষেপন

8.8 – আপনার উত্তর যাচাই করার আদর্শ উত্তর

8.9 – সুপারিশকৃত পাঠ ও উল্লিখিত গ্রন্থপঞ্জী

8.10 – একক শেষে অনুশীলনী


## 8.0 ভূমিকা

যে কোন কর্মভার বা কার্যক্রম সম্পাদনে সংগঠিত পরিকল্পনা একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আমাদের দৈনন্দিন জীবনে। ইহা শুধুমাত্র কর্মভার বা কার্যক্রমের উদ্দেশ্যসমূহের সঠিক সম্পাদনে সুযোগ দেয় তা নয় বরং ইহা সময়, শক্তি ও সম্পদ (মানবিক ও অর্থনৈতিক উপাদান) সদ্ ব্যবহার করতে ও সাহায্য করে। যে কোন কর্মভার বা কার্যক্রমের সফল সম্পাদনের প্রাথমিক শর্ত হল সঠিক পরিকল্পনা। এটা ও সত্য শিক্ষণ-শিখন কার্যক্রমের জন্য যা বিদ্যালয়ে লেনদেন হয়। যখন যে কোন শিক্ষণ-শিখন কার্যক্রম বা নির্দেশিত কাজ সংগঠিত ও সুশৃঙ্খল পদ্ধতিতে পরিকল্পিত হয় ও তদনুসারে সম্পাদিত হয়, তখন ইহা শিক্ষার্থীর কার্য সম্পাদনে উন্নতিবিধান আনে। এর দ্বারা যে শিক্ষক পরিকল্পনা

নোট

করেছেন তার দক্ষতা ও সফলতা প্রমাণ হয়। শিক্ষণ ও সম্বন্ধযুক্ত শিক্ষামূলক কাজ ছাড়াও বিচক্ষণ পরিকল্পনারও প্রয়োজন বিভিন্ন সহায়ক কার্যক্রম যা শিক্ষণ-শিখন কার্যক্রমকে শক্ত করে সংগঠন ও পরিচালনার জন্য। সুতরাং, শিক্ষক হিসাবে প্রয়োজন সঠিক বিবেচনা করা সমস্ত কার্যক্রমকে যা আপনার বিদ্যালয়ে শিক্ষণ ও শিখন কার্যক্রমের সঙ্গে সম্পর্কযুক্ত। এই এককে, আসুন আমরা পুঙ্খানুপুঙ্খভাবে আলোচনা করি কিভাবে শিক্ষণ শিখন কার্যক্রম প্রাথমিক বিদ্যালয়ে পরিকল্পিত ও সংগঠিত হয় শিক্ষার্থীর সর্বাঙ্গীন উন্নতির সুযোগ দেওয়ার জন্য।

এই এককে সম্পূর্ণ বোঝার জন্য আপনার প্রয়োজন প্রায় 08 (আট) ঘন্টা পাঠ।

## 8.1 শিখন উদ্দেশ্য

এই একক সমাপ্তির পর আপনি সমর্থ হবেন :

- পাঠক্রমিক ও সহ পাঠক্রমিক কার্যাবলীর পার্থক্য যা একটা শিক্ষাবর্ষে প্রাথমিক বিদ্যালয়ে সংগঠিত হয়।
- আপনার বিদ্যালয়ে বিভিন্ন সহ পাঠক্রমিক কাজের জন্য বাৎসরিক পরিকল্পনার উন্নয়ন।
- সম্পূর্ণ বর্ষের জন্য বিভিন্ন শ্রেণীর জন্য বিভিন্ন বিষয়ের পাঠ পরিকল্পনা প্রস্তুতি।
- বিভিন্ন বিষয় আপনি যা শেখান তা শ্রেণী অনুযায়ী একক পরিকল্পনা প্রস্তুত।
- দৈনন্দিন পাঠ-টীকা/দিনলিপি যা আপনার শিক্ষণ বিষয় তার ব্যবহার ও কার্যোপযোগি রাখা।

## 8.2 শিখন কার্যক্রমের পরিকল্পনা

শিক্ষক হিসাবে, বিভিন্ন শ্রেণীর পাঠ্যসূচী নির্দেশিত বিভিন্ন বিষয়, যথা-ভাষা, অঙ্ক-বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান ইত্যাদির বিষয়বস্তু শিক্ষণ আপনার প্রাথমিক ও প্রধান সংস্রব। বিষয় শিক্ষণ ছাড়াও আপনি সম্পাদন করেন অন্যান্য কিছু শিক্ষামূলক কাজ যেমন, পরীক্ষা পরিচালনা, মূল্যায়ন, সংশোধনী ইত্যাদি যা এই সব বিষয়ের সঙ্গে সম্পর্কীত। শিক্ষণ ও সম্পর্কীত শিক্ষামূলক কাজ ছাত্রদের বৌদ্ধিক উন্নতিকে সাবলীল করে। যাইহোক, শিক্ষণ ও শিক্ষামূলক কাজ ছাড়া ও আপনি সম্পাদন করেন নানাবিধ শিক্ষা নিরপেক্ষ কার্যক্রম যা ছাত্রের সর্বাঙ্গীন ব্যক্তিত্বের বিকাশে সহায়তা করে বিভিন্ন বিষয়ে যেমন, শারীরিক, অঙ্গসঞ্চালন মূলক, নৈতিক, সামাজিক, নাগরিক-সম্বন্ধীয়, নন্দন তত্ব, সাহিত্য, সাংস্কৃতিক ইত্যাদি। এই ধরণের উভয় কার্যক্রম ছাত্রের সর্বাঙ্গীন বিকাশের (বৌদ্ধিক ও ব্যক্তিত্ব বিকাশ) জন্য গুরুত্বপূর্ণ এবং অত:পর বিদ্যালয়ে সুশৃঙ্খলভাবে পরিকল্পিত ও সংগঠিত হোক। শিক্ষক হিসাবে, এ বিষয়ে আপনার ও গুরুত্বপূর্ণ ভূমিকা আছে।

### 8.2.1 পাঠক্রম ও সহ-পাঠক্রমিক কার্যাবলী

আপনার করার জন্য কার্যক্রম।

নোট

### কর্মতৎপরতা-1

একটা শিক্ষাবর্ষে আপনার বিদ্যালয়ে আপনি যে কার্যক্রম সম্পাদন করেছেন সেই সব কার্যক্রমকে স্মরণ করুন। দুটি সারিতে তাদের বিভক্ত করুন : সারি - I শিক্ষণ কার্যক্রমের এবং শিক্ষামূলক কাজ সম্পর্কীত এবং সারি - II শিক্ষণ ও শিক্ষামূলক কাজ নিরপেক্ষ কার্যক্রমের জন্য।

| সারি - I | সারি - II |
|---|---|
| ____________ | ____________ |
| ____________ | ____________ |

.......................................................................................................................

.......................................................................................................................

.......................................................................................................................

উপরোক্ত শিখন কার্যক্রমের শ্রেণীবিভাগ থেকে নিম্নলিখিত বলা যেতে পারে।

i) সারি - 1 এ নির্দেশিত কার্যক্রম যেমন পাঠ্য বিষয়ের শিক্ষক (ভাষা, অঙ্ক, বিজ্ঞান ও সামাজিক বিজ্ঞান), পরীক্ষা পরিচালনা/ অভীক্ষা এক বৎসর/শিক্ষা বর্ষের বিভিন্ন সময়ে বিভিন্ন বিষয়ে, শিক্ষার্থীর কার্যসম্পাদনের মূল্যায়ন ছাত্রদের প্রগতি পত্র প্রস্তুতকে বলা হয় পাঠক্রমিক কার্য্যবলী বা বিদ্যালয়-সংক্রান্ত কার্যকলাপ। এই কার্যক্রমগুলো নিয়ন্ত্রিত পাঠক্রম অনুসারে নির্দেশিত এবং অত:পর শ্রেণীর সব ছাত্রদের জন্য বাধ্যতামূলক, এই কার্যক্রমগুলো করতে প্রথাগত সময়-সারণী অনুসরণ করা হয় যেটি বেশীরভাগ আবদ্ধ থাকে শ্রেণীকক্ষের পাঠে।

ii) সারি - II নির্দেশিত কার্যক্রমগুলো, যেমন-খেলা-ধূলা, সঙ্গীত, নৃত্য, নাটক, সঙ্গীত পরিবেশন, বাগান করা, বিতর্ক, ভ্রমণ, প্রদর্শণী ইত্যাদি সকল ছাত্রের জন্য বাধ্যতামূলক নয়। এরূপ বিভিন্ন কার্যক্রমে ছাত্ররা অংশগ্রহণ করে তাদের ক্ষমতা, আগ্রহ ও পছন্দ অনুসারে। পাঠক্রমিক বিষয়গুলোর মতো এরূপ কার্যক্রমের পরীক্ষা হয় না। এগুলোকে বলা হয় সহ পাঠক্রমিক বা সহ বিদ্যালয় সংক্রান্ত কার্যক্রম এবং সংগঠিত হয় শ্রেণীকক্ষের পাঠের বাইরে। এরূপ কার্যক্রম সর্বদা প্রথাগত ও কঠোর সময়-সারণী অনুসরণ করে না।

উভয় ধরণের কার্যক্রম একে অপরের পরিপূরক এবং যখন সমগ্র বর্ষের বিদ্যালয় কর্মসূচী পরিকল্পনা করা হয় তখন সমান ভাব ও জোরের যোগ্য হয়। পূর্বে, পাঠক্রমিক কার্যক্রমকে বেশি জোর দেওয়া হয় এবং প্রাথমিক কার্যক্রম বলে বিবেচিত হত বিদ্যালয়ে এবং অন্য সব কার্যক্রমকে খুব কম গুরুত্ব দেওয়া হত। এমনকি কেউ কেউ সহ পাঠক্রমিক খুব কম গুরুত্ব দেওয়া হত। এমনকি কেউ কেউ সহ পাঠক্রমিক কার্যক্রমে সময় ব্যয় করাকে বাজে কাজ বলে বিবেচনা করতেন। কিন্তু এখন সহ-পাঠক্রমিক কার্যক্রমকে সম গুরুত্ব দেওয়া হয় যেহেতু ছাত্ররা নানান দক্ষতা ও যোগ্যতা শিখতে পারে এই কার্যক্রম থেকে বাস্তবিক জীবনে আনন্দদায়ক পরিবেশে, ছাত্রদের শিখনে সামগ্রিকতাবাদের বিকাশের জন্য এগুলো প্রয়োজনীয় বলে বিবেচিত হয়। বিদ্যালয়ে বিভিন্ন ধরণের সহ-পাঠক্রমিক কার্যাবলী সংগঠিত করা একটা সংক্ষিপ্ত ছকের আকারে উপস্থিতি নিম্নে প্রদত্ত হল :

### ছক 8.1 বিদ্যালয়ে সহ-পাঠক্রমিক কার্যাবলীর ধরণ ও উদ্দেশ্যসমূহ

| ব্যক্তিত্ব বিকাশের দৃষ্টিভঙ্গী | সহ-পাঠক্রমিক কার্য্যবলীর নমুনা | উদ্দেশ্য |
|---|---|---|
| শারীরিক বিকাশ | গৃহের বহি:স্থ ও গৃহের মধ্যে অনুষ্ঠিত<br>অনুষ্ঠিত খেলাধূলা শরীর চর্চামূলক ক্রীড়া<br>সূচীর দফা<br>উদ্যান পালন | সহজতর করতে -<br>শরীরের সাধারণ বৃদ্ধি ও বিকাশ<br>স্বাস্থাভ্যাসের উন্নয়ন অটুট-<br>ও সুসামঞ্জস্যপূর্ণ শরীরিক স্বাস্থ |
| অঙ্গ-সঞ্চালনের বিকাশ | মাটির মূর্তি নির্মাণ<br>ঝুড়ির তৈরী<br>খেলনা তৈরী<br>সেলাই<br>কার্ডবোর্ডের কাজ<br>বই বাঁধাই<br>রান্না ও পুস্পোদান পালন | সহজতর করতে-<br>পেশী ও শিরার সমন্বয় সৌন্দর্যবোধের বিকাশ<br>সৌন্দর্য্যবোধের বিকাশ ও অনুভূতি |
| ভাষার বিকাশ | বিতর্ক<br>গল্প ও রচনা লেখা<br>আবৃত্তি<br>দেওয়াল-বিদ্যালয়-পত্রিকা<br>সংবাদপত্র পাঠ | উন্নতি করতে-<br>ভাষার দক্ষতাও বাক্‌শক্তি চিন্তা ও<br>অভিব্যক্তি সৃজন ক্ষমতা সাহিত্য-<br>রচনার দক্ষতা সাহিত্য-অনুরাগ ও বোধ |
| নান্দনিক ও সাংস্কৃতিক বিকাশ | সংগীত<br>নৃত্য<br>অভিনয়<br>অঙ্কন<br>রঙ্গীন চিত্রাঙ্কন<br>পছন্দসই পোষাক-পরিচ্ছদ<br>পুস্প উৎসব<br>পরিচ্ছদ<br>প্রদর্শনী<br>বিদ্যালয় সাজানো<br>লোক সঙ্গীত | বিকাশ করতে-<br>সাংস্কৃতি উত্তরাধিার বোধ ও ঐতিহ্য<br>সাংস্কৃতিক উপাদানের সঙ্গে-পরিচিতি ও<br>জাতির আত্মিক বৈশিষ্ট্য<br>সাংস্কৃতি স্বাদ<br>সাংস্কৃতিক স্বাদ<br>সাংস্কৃতিক চেতনা ও আগ্রহ সৌন্দর্যবোধের<br>অনুভূতি |
| নাগরিক সাচ্ছন্দের বিকাশ | সামাজিক উৎসব পালন, জাতিয় দিবস, বিদ্যালয়ের<br>উৎসব, ছাত্রদের স্ব-সরকার<br>নকল লোকসভা,<br>নকল আদালত<br>বিদ্যালয়ে সমবায় সমিতি<br>পরিচালনা, গ্রাম পঞ্চায়েত<br>পরিদর্শন, পৌর কার্য্যলয়<br>বিধানসভা, উচ্চ আদালত | সহজতর করতে-<br>পৌর জীবনের প্রচুর অভিজ্ঞতা অর্জন<br>জীবনের গণতান্ত্রিক পদ্ধতির বোধ<br>কর্তব্যবোধ, দায়িত্ব ও অধিকার<br>পৌর প্রশিক্ষণ<br>সাহসিকতা, শিষ্টাচার ও<br>আচার-আচরণের বিকাশ |
| সামাজিক বিকাশ | প্রভাত সমাবেশ<br>রেড ক্রস<br>বনভূমির সহায়তা<br>গ্রাম জরীপ কাজের পরিচ্ছন্নতা<br>সচেনতার প্রচার অভিযান | সহজতর করতে-<br>সামাজীকরণ<br>সামাজীক জীবনের দক্ষতা<br>অপরের সঙ্গে দায়িত্ব বন্টন<br>দলগত কাজ ও নেতৃত্ব<br>দল ও জাতীর প্রতি আনুগত্য,<br>সমাজসেবা প্রদান |
| | আমোদপ্রমোদ ও<br>অবসর সময়ের কার্যক্রম<br>ডাকটিকিট সংগ্রহ<br>মুদ্রা সংগ্রহ<br>ছবি, পাথর, দেয়াশলাই বাক্স<br>ইত্যাদি সংগ্রহ এলবাম তৈরী ফটো তোলা | সহজতর করতে-<br>অবসর সময়ের সদ্ব্যবহার<br>মানসিক ও নৈতিক স্বাস্থ্য বিধি যৌবন-<br>উপযোগী কৌতুহলের লালন পালন<br>সৃজনাত্মক ক্ষমতার উন্নতি বর্ধন<br>শিক্ষামূলক কাজের একঘেয়েমী হ্রাস। |
| দৃষ্টিভঙ্গীর বিকাশ | ভ্রমণ<br>চড়ুইভাতি<br>জাদুঘর, চিড়িয়াখানা,<br>কৃত্রিম পুষ্করীনি পরিদর্শন ভৌগোলিক, ঐতিহাসিক<br>ও সাংস্কৃতিক কৌতুহল বিশিষ্ট স্থানে ভ্রমণ। | সহজতর করতে-<br>বর্ণনা প্রাসঙ্গিক শিখনের উন্নতি বর্ধন<br>জ্ঞানের সীমা প্রসারণ ও প্রত্যক্ষ পর্যবেক্ষণের<br>মাধ্যমে উন্নত বাস্তবিক অভিজ্ঞতার দৃষ্টিভঙ্গী |

নোট

উপরের সারণীতে বর্ণিত কার্যক্রমগুলো সম্পূর্ণ নয়। আপনি এগুলোর সঙ্গে অন্য আরো কিছু কার্যক্রম যোগ করতে পারেন যা আপনি আপনার বিদ্যালয়ে সংগঠিত করছেন এবং তাদের অভিপ্রেত উদ্দেশ্য উল্লেখ করুন।

**কার্য্যক্রম-2**

সহ পাঠক্রমিক কার্য্যবলীর একটা তালিকা প্রস্তুত করুন যা আপনি আপনার বিদ্যালয়ে পরিচালনা করতে পারেন

.....................................................................................................................

.....................................................................................................................

.....................................................................................................................

E.1 বিদ্যালয়ে কেন সহপাঠক্রমিক কার্য্যবলী ছাত্রদের জন্য বাধ্যতামূলক? দুটো কারণ দর্শাও।

## 8.3.2 সহ পাঠক্রমিক কার্য্যবলী পরিকল্পনা

পাঠক্রমিক ও সহ পাঠক্রমিক কার্য্যবলীর পরিকল্পনা সম্পূর্ণ পৃথক। পবিকল্পনার জন্য যত্ন নেওয়া উচিত নিশ্চিত করতে যে :

- তাদের সক্রিয়তা যোগ করুন।
- ক্রিয়াকলাপে, তারা এক অপরের পরিপূরক ও সম্পূরক।
- সময় ও সম্পদের সর্বোচ্চ ব্যবহারের সুযোগ আছে।

বিদ্যালয়ে যখন সহ পাঠক্রমিক কার্য্যবলীর পরিকল্পনা করা হয় তখন নিম্নলিখিত চারটি গুরুত্বপূর্ণ উদ্দেশ্য বিবেচনা করা হয় :

- কার্যক্রমের যুক্তিপূর্ণ মনোণয়ন ;
- কার্যক্রম পরিচালনার সময় ও স্থানের প্রতিবিধানের ব্যবস্থা :
- প্রেষণার প্রতিবিধানের ব্যবস্থা
- উপদেশ/প্রত্যবর্তনের প্রতিবিধানের ব্যবস্থা;

**কার্যক্রম নির্বাচন :** প্রকৃতপক্ষে, যে কোন বিদ্যালয়ে বর্ষব্যাপী যে কোন ধরণের সহ পাঠক্রমিক কার্য্যবলীর সংগঠন বাস্তবিকই সম্ভব নয় সময়ের বাধার প্রেক্ষিতে। অর্থাৎ আপনার প্রয়োজন কার্যক্রমের বিচক্ষণ নির্বাচন। সঠিক সহ-পাঠক্রমিক কার্য্যাবলী নির্বাচন করতে আপনার জন্য কিছু সংকেত প্রদত্ত হল :

- কার্যক্রম সঙ্গাতভাবে সংখ্যায় অধিক হওয়া উচিত এবং সকল ছাত্রের নানাবিধ কার্যক্রমে অংশ গ্রহণের সুযোগ দেওয়ার উদ্দেশ্যে।

- কার্যক্রমগুলোর উচিত নয় ছাত্রদের উপর অতিরিক্ত পীড়ন চাপিয়ে দেওয়া।
- কার্যক্রম এরূপ হওয়া উচিত যে এটা ছাত্রদের স্বত:স্ফূর্ত যোগদান আকর্ষণ করবে।
- কার্যক্রম মিতব্যায়ী হওয়াউচিত এবং এমনকি বিদ্যালয়ের সীমিত সম্পদের মধ্যে সংগঠিত হতে পারে।
- ছাত্রদের আগ্রহ ও সামর্থ অনুযায়ী কার্যক্রমগুলো হওয়া উচিত।

**সময় ও স্থানের শর্তাবলী :** সময় ও স্থান প্রাপ্তি ও সুযোগ-সুবিধার উপর নির্ভর করে, কার্যক্রম পরিকল্পনা করতে হয় ও বিদ্যালয়ে সংগঠিত করতে হয়। কিছু নির্দিষ্ট বহি:স্থ ও অভ্যন্তরিস্থ কার্যক্রম বিদ্যালয়ের প্রাত্যহিক সময়ে সংগঠিত হওয়ার জন্য বিদ্যালয়ের সময়-সারণীতে শর্তের প্রয়োজন হতে পারে, যেখানে অন্য এরূপ কার্যক্রমের শর্তের প্রয়োজন হতে পারে বিদ্যালয়-সময়ের পর তাদের সংগঠিত করার জন্য। যাইহোক, কিছু বহি:স্থ কার্যক্রম পরিকল্পিত ও সংগঠিত হতে পারে নির্দিষ্ট ঋতু ও মাসে। এইসব কার্যক্রম সারা ঋতুতে তারিখ অনুযায়ী ও মাস অনুযায়ী পরিকল্পিত হতে থাকবে। আলাদা ঘরও বন্টিত হতে পারে ও ব্যবহৃত হতে পারে বিভিন্ন ঘরের মধ্যে অনুষ্ঠিত কার্যক্রম পরিচালনার জন্য।

স্থানের বিষয়ে, এরূপ কার্যক্রম বিদ্যালয় চৌহদ্দির মধ্যে সংগঠিত হতে পারে যদি যথেষ্ট ও সুবিধাজনক স্থান পাওয়া যায়। বিদ্যালয়ের মধ্যে যথেষ্ট ও সুবিধা জনক স্থান না পাওয়া গেলে, পূর্বোক্ত পরিচালিত হতে পারে বিদ্যালয়ের নিকটবর্তী খোলা স্থানে।

**প্রেষণা শর্ত:** এরূপ কার্যক্রমে আপনার ছাত্রদের ব্যাপকভাবে যোগদান করতে উৎসাহ দেওয়ার উদ্দেশ্যে আপনি নিম্নলিখিত করতে পারেন :

- সব ছাত্রের জানার জন্য বিদ্যালয়ে তথ্য-জ্ঞাপন বোর্ডে কার্যক্রমের একটা লম্বা তালিকা প্রদর্শন করান।
- সুনির্দিষ্ট কার্যক্রম/কার্যক্রম গুলোতে যোগদানের জন্য তাদের আগ্রহ ও পছন্দ আকর্ষণ করুন।
- পরামর্শদাতা ও সহায়ক হিসাবে কাজের দ্বারা এরূপ কার্যক্রম পরিচালনা করার জন্য ছাত্রদের ব্রতী হতে উৎসাহিত করুন।
- প্রত্যেক কার্যক্রম সংগঠনের কাজ ও প্রণালী ছাত্রদের উৎসাহিত করতে ভালভাবে ব্যাখ্যা করা উচিত।

**উপদেশের শর্ত :** এরূপ কার্যক্রম পরিচালনা জন্য সঠিক ও সময় মতো উপদেশ/প্রত্যাবর্তন (fead back) দেওয়ার উদ্দেশ্যে আপনাকে নিম্নলিখিত বিবেচনা করা প্রয়োজন।

- আপনার বিদ্যালয়ে প্রত্যেক শিক্ষকের প্রয়োজন তাঁর আগ্রহের যে কোন নির্দিষ্ট কাজের দায়িত্ব গ্রহণ করা।
- আপনার অবশ্যই যথেষ্ট অভিজ্ঞতা আছে এবং সংশ্লিষ্ট কার্যক্রম সংগঠিত করার জন্য কৌতূহল ও ধণাত্মক প্রবণতা ব্যাখ্যা করা।
- ছাত্রদের প্রত্যাবর্তন (feedback) ও অন্যদের প্রত্যাবর্তনের মতো একই আপনি অবশ্যই বিবেচনা করবেন।
- এই কার্যক্রমগুলো বিদ্যালয়ে পরিচালনা মূলক ও অর্থপূর্ণ করতে আপনি যথেষ্ট যুক্তিপূর্ণ সমর্থনের (যন্ত্রপাতি, উপাদান ইত্যাদি) অবশ্যই নিশ্চয়তা দিন।

নোট

- যখন ছাত্রদের নির্দিষ্ট বিষয়/কার্যক্রমে উপদেশ দেওয়া হয় তখন শিক্ষখদের মধ্যে পারস্পরিক বোঝারপড়া থাকা উচিত।

## 8.4 পাঠ প্রণালী

সারা শিক্ষা-বছর ব্যাপী সহ-পাঠ ক্রমিক কার্য্যাবলীর বন্টনের মতো আপনাকে শিক্ষা বছরের জন্য নির্দেশিক পাঠক্রমিক শর্তাবলীর বন্টন প্রস্তুত করতে হবে। আপনি বিভিন্ন পাঠক্রমিক বিষয় সমূহ পাঠ দেন (ভাষা, অঙ্ক, বিজ্ঞান ও সমাজ বিজ্ঞান) আপনার বিদ্যালয়ে ছাত্রদের পাঠ্য-সূচী অনুসারে। প্রত্যেক শ্রেণীর জন্য এবং প্রত্যেক বিষয়ের জন্য কিছু পাঠ্য-বিষয়বস্তু একক/বিষয়সমূহ অনেক সংখ্যক গঠন করে একটা শিক্ষা বছর ধরে ছাত্রদের শিক্ষা দেওয়া হবে। আপনার কাজ পাঠ্য বিষয় বস্তুর শিক্ষা সমাপ্ত করা এবং শিক্ষামূলক কাজ গ্রহণ করা যেগুলো বিভিন্ন শ্রেণীতে আপনি যে শিক্ষা দেন ঐ শিক্ষা বছরের নির্দিষ্ট সময় কাঠামোর মধ্যে তার সঙ্গে সম্পর্কীত। আপনার প্রধান সংস্রব হল কিভাবে এই কার্যক্রম নিয়মানুসারে ও সফলতার সঙ্গে-সম্পাদন করা যায়। এই জন্য, আপনাকে বিভিন্ন শ্রেণীতে শিক্ষণ-শিখন কার্যক্রম বিষয় অনুসারে ও উপযুক্ততা অনুযায়ী পরিকল্পনা করতে হবে। আপনার পরিকল্পনা প্রয়োজন স্পষ্ট সিদ্ধান্ত ও নিম্নলিখিত গুলো নির্দিষ্ট করা :

(i) নির্দিষ্ট শ্রেণীর জন্য নির্দিষ্ট বিষয়ে একক এমনকি উপ-একক যেগুলো ছাত্রদের কোন মাসেও কোন তারিখে/দিনে শেখানো হবে; এবং

(ii) শিক্ষামূলক কার্যক্রম আপনার বিদ্যালয়ে একটা নির্দিষ্ট শিক্ষাবর্ষে কোন মাসে ও কোন তারিখে/দিনে গৃহিত হবে।

নির্দিষ্ট শ্রেণীর নির্দিষ্ট বিষয়ের পাঠক্রমিক কার্য্যবলীর এরূপ পরিকল্পনা, বিস্তারিত ভাবে, এর দ্বারা ও গুলোকে ছড়িয়ে দেওয়া সপ্তাহ ব্যাপী, মাস ও পূর্ণ শিক্ষা-বর্ষ ব্যাপীকে বলা হয় 'পাঠ-প্রণালী'। পাঠ প্রণালী হল বিষয় ভিত্তিক, শ্রেণী ভিত্তিক ও অধিকতর যোগ্যতা ভিত্তিক। আপনি অবশ্যই মন্তব্য করবেন যে একটা বিষয়ে পাঠ প্রণালী বিষয়ের পাঠ্যসূচী থেকে পৃথক।

স্পষ্টভাবে বলা যায়, একটা নির্দিষ্ট শ্রেণীর জন্য নির্দিষ্ট বিষয়ের পাঠ্যসূচী নিয়মানুসারে বর্ণিত থাকে যেটা শিক্ষা দেওয়া হবে তার বিষয়বস্তু, পাঠের উদ্দেশ্যসমূহ, শিক্ষা পদ্ধতি, মূল্যায়ন কৌশল ও অন্যান্য সংশ্লিষ্ট শিক্ষামূলক কাজ যা সারা বছর ব্যাপী গ্রহণ করা হবে। কার্যত :পাঠ প্রণালী শিক্ষণের জন্য সক্রিয়তাভিত্তিক প্রণালীতে এবং সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষামূলক কার্যক্রম ও সারা শিক্ষা বর্ষ ব্যাপী শ্রেণী নির্দিষ্ট পাঠ্যসূচীর সঙ্গে সংশ্লিষ্ট্য থাকার উদ্দেশ্যে সম্পন্ন হয়।

E.2 পাঠ্যসূচী ও পাঠ প্রণালীর মধ্যে দুটো পার্থক্য লিখুন।

### 8.4.1 প্রয়োজন ও উদ্দেশ্য

শিক্ষণ ও শিক্ষামূলক কার্য্যবলীর স্বাভাবিক গতি প্রবাহের জন্য পাঠ প্রণালীর প্রয়োজন হয়। বিভিন্ন শ্রেণীর জন্য বিভিন্ন বিষয়ের পাঠ প্রণালী প্রস্তুতে প্রধান উদ্দেশ্য সমূহ সহযোগিতা করার জন্য :

(i) নির্দেশিত পাঠ্য বিষয়বস্তুর শিক্ষণ ও শিখন সময়মতো ও সফলভাবে সম্পন্ন করতে; এবং



নোট

(ii) সারা বর্ষ ব্যাপী নির্দেশিত সংশ্লিষ্ট শিক্ষামূলক কার্য্যবলী সফল পরিচালনা করতে।

এটা আপনার জন্য রাস্তার নকশা এবং নিয়মানুসারে এগোতে সাহায্য করে এবং আপনার শিক্ষণে এবং বিদ্যালয়ে সারা বছর ধরে শিখনে সহায়তা করা এবং সময়ে বিষধভাবে ব্যাখ্যা করা পাঠ্যসূচী কাজ সমাপ্ত করা।

বিদ্যালয়ে বিভিন্ন ধরণের পাঠ প্রণালী প্রস্তুত করা হয় এবং কিছু নিম্নরূপ :

- মাসিক পাঠ প্রণালী
- ব্যৎসরিক পাঠ প্রণালী

**মাসিক পাঠ প্রণালী :** একটা মাসে প্রাপ্ত কাজের দিনের সংখ্যা এবং শিখনের জন্য একটা মাসে উৎসর্গীকৃত পিরিয়ড সংখ্যা এবং সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষামূলক কাজ বিবেচনা করে প্রত্যেক শ্রেণীর জন্য প্রত্যেক বিষয়ের মাসিক পাঠ প্রণালী প্রস্তুত করা হয়। এই দুটো গুরুত্বপূর্ণ বিবেচনার উপর নির্ভর করে এবং বিষয়বস্তুর ভারের উপর নির্ভর করে এবং পাঠ্যসূচীর সংশ্লিষ্ট বিষয়ের নির্দেশিত এককের গুরুত্ব দিয়ে বিশেষ বা স্বতন্ত্রভাবে উল্লেখ করা হয় সারা বছর ধরে কোন মাসে কোন একক শিক্ষা দেওয়া হবে তার হিসাবে। অন্য কথায় প্রত্যেক শ্রেণীর প্রত্যেক বিষয়ে, দিন/সপ্তাহ অনুযায়ী উল্লেখ্য সঠিক পাঠ্যসূচীর একক তৈরী করা হয় মসৃণ ও সুবিধাজনক শিক্ষণের সুযোগ দিতে এবং সংশ্লিষ্ট মাসে সংশ্লিষ্ট শিক্ষামূলক কার্য্যবলী প্রাপ্ত পিরিয়ডের মধ্যে সময়মতো সমাপ্ত করতে। তুলনামূলক ভাবে, অন্য মাসের তুলনায় যে মাসে কাজের দিনের সংখ্যা কম সে মাসে শিক্ষা দেওয়ার জন্য কম সংখ্যক একক পরিকল্পনা করা হয়। অর্থাৎ, যে কোন শ্রেণীর জন্য যে কোন বিষয় যখন মাসিক পাঠ প্রণালী প্রস্তুত করা হয় তখন আপনার প্রয়োজন নিম্নলিখিত গুলো করতে :

- সংশ্লিষ্ট পাঠ্যসূচী পড়ুন এবং সারা বছর ধরে যে একক গুলো শিক্ষা দেওয়া হবে তার একটা তালিকা প্রস্তুত করুন।
- বিষয়বস্তুর ভারের গুরুত্ব যেমন প্রত্যেক এককের কল্পিত বিষয় ও উপ কল্পিত বিষয়সমূহ বিবেচনা করে এসব শিক্ষা সমাপ্তের প্রয়োজনে একক অনুযায়ী ও উপ একক অনুযায়ী পিরিয়ড স্থির করুন।
- এইসব এককগুলো শিক্ষা দেওয়ার জন্য প্রয়োজনীয় পিরিয়ড সংখ্যা স্থির করুন।
- যে এককগুলো অনুক্রমিক অনুসারে শেখানো হবে তা ছড়িয়ে দিন, মাস অনুযায়ী সংশ্লিষ্ট মাসে প্রাপ্ত পিরিয়ড এবং সংশ্লিষ্ট এককগুলো শেখানোর জন্য প্রয়োজনীয় পিরিয়ড বিবেচনা করে।

সমগ্র বছর ব্যাপী প্রাপ্ত মোট পিরিয়ডের সংখ্যা যখন সব নির্দেশিত এককগুলো সমাপ্ত করতে মোট পিরয়ডের সংখ্যার তুলনায় কম বা বেশি হয়, তখন আপনি শিক্ষণের জন্য বিভিন্ন একক সমূহ এমনভাবে পরিবর্তন করুন যে প্রাপ্ত মোট সংখ্যক পিরিয়ড সব নির্দেশিত একক সমূহ শিক্ষণের জন্য প্রয়োজনীয় পিরিয়ডের সমান যেন হয়।


**বাৎসরিক পাঠ প্রণালী :** একটা নির্দিষ্ট শ্রেণীর জন্য একটা বিষয়ের বাৎসরিক পাঠ-প্রণালী হল মাসিক পাঠ প্রণালীগুলোর একটা যৌগিক প্রণালী। যখন বাৎসরিক প্রণালী তৈরী করা হয়, তখন একজন শিক্ষক চেষ্টা করেন সম্পূর্ণ দৃষ্টিপাত দিতে যা তিনি করতে চান সারা বছর বিষয়ের শিক্ষণ ও শিক্ষামূলক কার্যকলাপ সম্পর্কে। এরূপ প্রণালীর উন্নয়ণের জন্য আপনি নিম্নলিখিত বিষয়ে যত্ন নিতে পারেন :

- সারা বছর ধরে বিষয়ের শিক্ষণ ও শিখনের জন্য প্রাপ্ত মোট পিরিয়ড সংখ্যা।
- শিক্ষা-বর্ষের চুক্তির নির্দিষ্ট সময় সীমার মধ্যে বিষয়ের শিক্ষণ ও অন্যান্য শিক্ষামূলক কার্যাবলী সমাপ্ত করার জন্য প্রয়োজনীয় মোট পিরিয়ড সংখ্যা।
- পাঠ্যসূচীর সঙ্গে যুক্ত কল্পিত বিষয় ও উপ কল্পিত বিষয়ের সংখ্যা সম্পর্কে বিষয়বস্তুর প্রকৃতি ও পরিধি, বিভিন্ন বিষয়ে ভরাট কৃত পাঠ্য বিষয়বস্তুর পরিমান, শিক্ষণ-শিখনের উদ্দেশ্যসমূহ যা অর্জন করতে হবে।
- পাঠ্যসূচীর নির্দেশিত বিষয় সমূহ লেনদেনের জন্য প্রাপ্ত উপায় ও উপাদান সমূহ।

## 8.4.2 পাঠপ্রণালী প্রস্তুত করন :

নির্দিষ্ট শ্রেণীর জন্য একটা বিষয়ের পাঠ প্রণালী (মাসিক ও বাৎসরিক উভয়ই) প্রস্তুতের জন্য আপনাকে সাবধান হওয়া প্রয়োজন অবশ্য প্রয়োজনীয় শর্তের জন্য। নির্দিষ্ট শ্রেণীর জন্য সংশ্লিষ্ট বিষয়ের পাঠ্যসূচী ছাড়া নিম্নলিখিতগুলো লিপিবদ্ধ করা যেতে পারে যখন পাঠ প্রণালী প্রস্তুত করা হয় একটা শিক্ষা বছরের বা মাসিক প্রণালীর জন্য :

- সংশ্লিষ্ট বিষয় সম্পর্কীত শিক্ষণ ও শিখন কার্য্যাবলীর জন্য একটা শিক্ষা বছরের সপ্তাহ ব্যাপী বা মাস ব্যাপী প্রাপ্ত কাজের দিনের প্রকৃত সংখ্যা।
- নির্দেশিত পাঠ্য বিষয়বস্তু শিখনের জন্য এবং বিষয়ের শিখনের সুযোগ দেওয়ার জন্য মোট সংখ্যক প্রয়োজনীয় পিরিয়ডের সংখ্যা।
- শিক্ষা-বর্ষের জন্য পাঠ্যসূচী নির্দেশিত মোট এককের সংখ্যা।
- একক প্রতি পরিকল্পিত বিষয়ের ভার (এককের মধ্যে কল্পিত বিষয়ের সংখ্যা) যা স্থির করে একক সমূহের বিষয় বস্তুর সাফল্য ও ফলাফলের জন্য একক প্রতি প্রয়োজনীয় মোট সংখ্যক পিরিয়ড।
- পরীক্ষার দিন, ছুটির দিন, মাঠ পরিদর্শন ইত্যাদি ছাড়া একটা মাসে মোট সংখ্যক কাজের দিন যা বিষয় শিক্ষণের জন্য প্রকৃত উৎসর্গকৃত হবে।
- বিদ্যালয়ের সময়-সারণীতে (সাপ্তাহ অনুসারে) মোট পিরিয়ডের সংখ্যা 'শিক্ষণ' ও 'শিখন কার্যক্রমের' জন্য যা আলাদাভাবে অনুমোদন করা।



নোট

- বিষয়বস্তুর পরিমাণ ও গুনমান যা এর মধ্যে আছে, এবং এই একই জিনিষ শিখনের জন্য প্রাপ্ত পিরিয়ড মনে রেখে মাস অনুযায়ী শিক্ষা দেওয়ার জন্য চিহ্নিত এককের সংখ্যা।

উপরোক্ত ভিত্তিতে মাসিক পাঠ প্রণালীর প্রশস্থ নীতি প্রস্তুত হতে পারে নিম্নরূপ আকারে

**বিষয়** :

**শ্রেণী** :

**পাঠ্যপুস্তকের নাম** :

| মাস | প্রস্তাবিত একক (একক সমূহ) যা অন্তর্ভুক্ত হবে | তারিখ/দিন | প্রয়োজনীয় পিরিয়ডের সংখ্যা (একক-অনুযায়ী) | সমাপ্ত হয়েছে কিনা | যদি না হয় কারণ |
|---|---|---|---|---|---|
| | | | | | |

মাসিক পাঠ প্রণালী শিক্ষককে সাহায্য করে নির্দিষ্ট একটা শ্রেণীর একটা বিষয়ের শিক্ষণ-শিখনের অগ্রগতি নিরূপন করতে এবং শিক্ষার্থীর শিখন প্রতিবন্ধকতার রোগ নির্ণয় করা সঠিক প্রত্যাবর্তন ও সংশোধনী পরিমাপ সঠিক বিন্যাস করতে।

E.3 নিম্নলিখিতের মধ্যে কোন্‌টির প্রয়োজন নেই পাঠ প্রণালী প্রস্তুতের জন্য?

A. বিদ্যালয়ের একটি শিক্ষাবর্ষ ব্যাপী কাজের দিনের সংখ্যা।

B. বাৎসরিক পরীক্ষা পরিচালনার জন্য অতিবাহিত দিনের সংখ্যা।

C. বিদ্যালয় ছুটির দিনের সংখ্যা।

D. নির্দিষ্ট বিষয় শিক্ষণের জন্য প্রাপ্ত পিরিয়ডের সংখ্যা।

## 8.5 একক পরিকল্পনা

বিদ্যালয় স্তরে বিভিন্ন শ্রেণীর জন্য বিভিন্ন বিষয়ের পাঠ প্রণালীর আকার নির্ধারিত হয় বিষয়বস্তুর গুণগত ও পরিমাণের দ্বারা যে কোন শ্রেণীর জন্য একটা বিষয়ের এককসমূহ অন্তর্ভূক্ত থাকে। অর্থাৎ, আপনার প্রয়োজন পুঙ্খনাপুঙ্খ বোধ 'একক' পদের অর্থ কি বিষয়ে এবং 'একক পরিকল্পনা' কি অর্থ প্রকাশ করে।

আপনি অবশ্য পাঠ্যসূচীকে প্রত্যক শ্রেণীর প্রত্যেক বিষয়ের পাঠ্য বইতেও দেখেছেন যে পাঠ্য বিষয় বিন্যস্থ হয়েছে এবং বিষয় ধরে সংগঠিত হয়েছে এবং প্রত্যেক বিষয়ের বহু সংখ্যক উপ-বিষয় আছে। উদাহরণত: বিজ্ঞানে যদি বিষয় হয় 'পদার্থ' উপবিষয় হতে পারে 'ঘন', 'তরল' ও 'গ্যাস'।

নোট

এই উপবিষয় সমূহ একক হিসাবে বিবেচিত হতে পারে এবং উপ বিষয়ে নির্দিষ্ট বিষয়বস্তু প্রত্যেক এককের সঙ্গে সরবরাহ করা হয়। এভাবে একট এককের বিষয়বস্তু প্রতিনিধিত্ব করে বিষয়বস্তু উপাদানের একটা পরিচালনসাধ্য মোট খন্ডে। সমস্থ একক একসঙ্গে একটা অর্থপূর্ণ ও উদ্দেশ্যপূর্ণ বিষয় বস্তুর উপাদান ও অভিজ্ঞতার সংযুক্ত ও অখন্ড সম্পূর্ণ অংশ গঠন করে। বিষয়বস্তুর সংগঠন ও শিখন অভিজ্ঞতা অর্থপূণ এককের মধ্যে সুবিধাযোগ্য প্রমাণ করে ছাত্রদের কাছে শিক্ষা ও মনোবিজ্ঞানের দৃষ্টিকোণ থেকে। এককের বিস্তারিত বৈশিষ্ট্যসমূহ হল :

- একটা এককের বিষয়বস্তু সর্বদা গঠন করে বা সংগঠিত করে চারদিকে একটা কেন্দ্রীয় বা সাধারণত নীতি, প্রণালী, সমস্যা বা উদ্দেশ্য।
- একটা একক গঠিত করে উত্তম পূর্ণরূপ অর্থপূণ সম্পূর্ণ বস্তু ছাত্রদের ব্যবহার যোগ্য শিখন অভিজ্ঞতা সরবরাহ করে আকঙ্খিত শিক্ষণ-শিখন উদ্দেশ্যসমূহ অর্জন করার জন্য।
- পাঠ্যসূচীর বিষয়বস্তুর পূর্ণাঙ্গ উপবিভাগ, ব্যবহার যোগ্য ও অর্থপূর্ণ প্রচুর শিক্ষামূলক অভিজ্ঞতা সরবরাহ করে এটা একটা সম্পূর্ণ বস্তু প্রকাশ করে।

### একক পরিকল্পনা প্রস্তুত

বিষয় একক পরিকল্পনা নিম্নলিখিত সঠিক পদ্ধতি বিষয়বস্তুর শিক্ষণ-শিখনের জন্য উল্লেখ করে অথবা সংশ্লিষ্ট বিষয়বস্তুর শিখন উদ্দেশ্যের নিয়মানুসারে শিখন অভিজ্ঞতায় পূর্ণ থাকে। একটা একক পরিকল্পনা প্রস্তুতের জন্য আপনাকে নিম্ন বর্ণিত প্রণালী অনুসরণ করা প্রয়োজন।

- পাঠ্যসূচীতে যদি উল্লেখ না থাকে তাহলে সঠিক একক ও উপএকক গঠন করা :
- এককের সম্পর্কীত শিখন উদ্দেশ্যসমূহের নির্দিষ্ট রূপদান করে বর্ণনা।
- ব্যবহৃত হওয়ার জন্য পদ্ধতি ও কৌশল (শিক্ষণ-শিখন কৌশল) নির্বাচন :
- মূল্যায়নের পদ্ধতিসমূহ স্থির করা।

**একক গঠন :** একক পরিকল্পনার কাজ সমগ্র শিক্ষা বর্ষ ধরে বিভিন্ন বিষয় নির্দেশিত পাঠ্য বিষয়বস্তু যেগুলো শিক্ষা দেওয়া হবে তার সঠিক একক গঠনের মধ্য দিয়ে। ওটা করতে আপনার পুঙ্খানুপুঙ্খভাবে পাঠ্যবিষয় সমূহ পড়ার প্রয়োজন। আপনাকে যুক্ত করতে হবে পারস্পরিক সম্পর্কীত বিষয় সমূহ যাদের একই রকম প্রয়োগ ও সাধারণ সম্পর্ক বা কেন্দ্র বিন্দু আছে অবিভক্ত এককের মধ্যে। উদাহরণত: নির্দেশিত বিষয়সমূহ যেমন 'ভারতের বনজ সম্পদ', 'খণিজ সম্পদ', 'জলজ সম্পদ', ইত্যাদি সমাজ বিজ্ঞান বিষয় একত্রিত হতে পারে একটা অবিভক্ত একক হিসাবে 'ভারতের প্রাকৃতিক সম্পদ' যেহেতু এগুলো একে অপরের সঙ্গে সম্পর্কীত এবং সাধারণ কেন্দ্রবিন্দু আছে। অনুরূপভাবে, যোগাযোগের অর্থ ও প্রয়োজনীয়তা, প্রাচীন যুগে যোগাযোগের মাধ্যম, মধ্যযুগে যোগাযোগের মাধ্যম, আধুনিক যুগে যোগাযোগের মাধ্যম, আধুনিক যোগাযোগের মাধ্যমের প্রভাব আমাদের জীবনের উপর, যোগাযোগের মাধ্যম ভবিষ্যতে ইত্যাদির মতো বিষয়গুলো একটা এককে একত্রিত হতে পারে যাকে বলে ''যোগাযোগের মাধ্যম''। এভাবে আপনি গঠন করতে পারেন বিষয়ের

নোট

অর্থপূর্ণ একক যা আপনি বিভিন্ন শ্রেণীতে শিক্ষা দেন। একক সমূহে বিষয়বস্তু বিন্যাসের পর তাদের ক্রমানুসারে সাজানো আপনার প্রয়োজন এবং একটা সময়ে তাদের গ্রহণের পরিকল্পনা করা। আপনি পুণরায় প্রত্যেক একককে উপ বিভাগ করে ক্ষুদ্র কিন্তু অর্থপূর্ণ উপ-একক বা অংশে বিভক্ত করতে পারেন। একটা উপ-একক, যতটা সম্ভব, বিষয়বস্তু পূর্ণ থাকা উচিত বা শিখন্ অভিজ্ঞতা যেটা একটা শ্রেণীকক্ষের মধ্যে 35 থেকে 40 মিনিটের পিরয়ডে সম্পাদন হতে পারে। ছাত্রদের সহজ বোধগম্যতা এবং একক ও উপ-এককের অভ্যন্তরীন সম্পর্ক মনে রেখে তাদের সাজানো প্রয়োজন ক্রমানুযায়ী ও নিয়মানুযায়ী।

### কার্য্যক্রম-2

যে কোন বিষয়ে একক ও উপ-এককসমূহের একটা তালিকা প্রস্তুত করুন যা আপনি একটা নির্দিষ্ট শ্রেণীতে শিক্ষা দেন।

.......................................................................................................................

.......................................................................................................................

.......................................................................................................................


শিখন ফলাফলের স্পষ্ট বর্ণনা : এটা গুরুত্বপূর্ণ যে স্পষ্টভাবে বলা প্রত্যেক এককের ও উপ-এককের শিক্ষণ-শিখন সম্পর্কের সম্ভাব্য শিখন ফলাফল এবং ছাত্রদের আচরণগত পরিভাষার প্রকাশ করা যেমন পর্যবেক্ষণ যোগ্য কার্যক্রমের ধরণ যা ছাত্ররা সম্পাদন করতে পারে বিষয় একক পড়ার পর। উদ্দেশ্যের স্পষ্টতা ছাত্রদের ও শিক্ষকদের এককের শিক্ষণ-শিখনে সফলভাবে নিয়োজিত করে রাখতে পারে।

**পদ্ধতি ও কৌশল সমূহ নির্বাচন :** এককের স্থির শিখন উদ্দেশ্যসমূহ বাস্তবে পরিণত করার উদ্দেশ্যে, সঠিক পদ্ধতি ও কৌশলসমূহ শিক্ষণ-শিখন প্রক্রিয়ায় ব্যবহার করার জন্য নির্বাচনের প্রয়োজন। তা ছাড়া, মিথষ্ক্রিয়ার ধরণ যা শিক্ষক ও ছাত্রদের মধ্যে ঘটে একক সমূহের শিক্ষণ-শিখনের সময় দৃষ্টিগোচর করানো যেতে পারে।

**মূল্যায়ন পদ্ধতিসমূহ স্থিরকরণ :** একক সমূহের পূর্ব পরিকল্পিত উদ্দেশ্য সমূহ কতটা সফল হয়েছে তা কিছু অভীক্ষা ব্যবহার করে (খুবই পরিচিত একক অভীক্ষা হিসাবে) মূল্যায়ন করতে হবে। ত্রুটি নির্ণায়ক ও প্রস্তুতিকালীন কৌশলসমূহ নিয়োজিত করা হবে এককসমূহের শিখনের ফলাফল মূল্যায়নের জন্য।

এভাবে একটা একক পরিকল্পনায় থাকে নিম্নলিখিত তথ্য :

- বৃহৎ ঠিক তেমনই ছোট-চিন্তা/ধারণা যা একককে সরবার করা হয়।
- একক শিক্ষণে উপ-একক অনুযায়ী প্রয়োজনীয় পিরিয়ডের মোট সংখ্যা।
- এককের লেনদেনের জন্য উপ-একক অনুযায়ী পদ্ধতি ও কৌশল সমূহ যা ব্যবহৃত হবে।
- প্রত্যেক উপ-একক আদান-প্রদানের সময় যে শিক্ষণ শিখন উপাদান ব্যবহৃত হবে।
- এককের শিখন ফলাফলে মূল্যায়নের জন্য উপ-একক অনুযায়ী যে মূল্যায়ন কৌশল ব্যবহৃত হবে।



নোট



উপরোক্ত তথ্য একত্রে করে নিম্নলিখিত আকারে একক পরিকল্পনা প্রস্তুত করা যেতে পারে।

**বিষয়** :

**শ্রেণী** :

**এককের নাম** :

**শিখনের উদ্দেশ্যসমূহ** :

| এককের গুরুত্বপূর্ণ চিন্তা/ধারণা | উপ-একক চিন্তা/উপ-ধারণা সমূহ | উপ-একক অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যা | এককের জন্য প্রয়োজনীয় মোট পিরিয়ডের সংখ্যা | পাঠ্য বিষয় যা সম্পাদন করা হবে | পদ্ধতি সমূহ/ কৌশল সমূহ যা ব্যবহৃত হবে | শিক্ষণ শিখন উপাদান যা ব্যবহৃতি হবে | মূল্যায়ন কৌশল যা ব্যবহৃত হবে |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

হস্তস্থ একটা এককের মধ্যে উন্নত উপ-এককের সংখ্যার উপর নির্ভর করে বহু সংখ্যক উপ-একক পরিকল্পনার জন্য একক পরিকল্পনা পথ সুগম করে। সাধারণত:, উপ-এককের শিক্ষণ করা হয় 30 থেকে 40 মিনিট স্থিতিকালে পিরিয়ডে। কিছু ক্ষেত্রে, শিক্ষামূলক কার্যক্রমের প্রকৃতির উপর নির্ভর করে একটা উপ এককের শিক্ষণের তিন পিরিয়ড, পরিচালনার প্রয়োজন হতে পারে।

একক পরিকল্পনা শিক্ষকদের ও ছাত্রদের নিম্নলিখিতভাবে সাহায্য করে :

- বিভিন্ন বিষয়ের নির্দেশিত পাঠ্যসূচীর সময়মতো সমাপ্ত করা।
- সঠিক উপাদান ও পদ্ধতি সদ্ব্যবহার করার জন্য যথেষ্ট প্রস্তুতি তৈরী করে।
- ছাত্রদের শিখন প্রতিববন্ধকতার ত্রুটি নির্ধারণ এবং সংশোধনী পদক্ষেপ উদ্ভাবনের জন্য একক অভীক্ষা প্রস্তুত করা।
- পরের এককে যাওয়ার আগে ছাত্রদের দ্বারা একক কর্তৃত্ব অর্জন করা।
- শিক্ষণ শিখন কার্যক্রমের বিষয়ে যা তাদের সম্পাদন করতে হবে সে বিষয়ে ছাত্র ও শিক্ষকদের সাবধান করা।

## কার্য্যক্রম-2

যে কোন বিষয়ে একক ও উপ-এককসমূহের একটা তালিকা প্রস্তুত করুন যা আপনি একটা নির্দিষ্ট শ্রেণীতে শিক্ষা দেন।

..............................................................................................................

..............................................................................................................

..............................................................................................................

## 8.6 পাঠ পরিকল্পনা

যে কোন জিনিষের শিক্ষা একমাত্র সফল বলে বিবেচিত হয় যখন ছাত্ররা অর্থপূর্ণভাবে এটা শেখে। আপনার শিক্ষণকে ফলপ্রসু করতে হলে, আপনার প্রয়োজন হয় যত্নসহকারে পরিকল্পনা করা এবং প্রত্যেক পাঠের জন্য প্রস্তুত হওয়া। সাধারণত পাঠ আদান-প্রদান হয় শ্রেণীকক্ষে 35 থেকে 40 মিনিট সময়কালের এক পিরিয়ডের মধ্যে। পাঠ পরিকল্পনাকে ও আখ্যা দেওয়া যেতে পারে দৈনন্দিন পাঠ-পরিকল্পনা যেহেতু পাঠগুলো পরিকল্পিত হতে পারে শিক্ষকের দ্বারা দৈনন্দিন লেনদেন হওয়ার জন্য। একটা পাঠ পরিকল্পনার স্পষ্ট তিনটে পর্ব আছে যথা:- শিক্ষণ-শিখনের আগে কার্যক্রম, শিক্ষণ-শিখনের সময়ে কার্যক্রম এবং শিক্ষণ-শিখনের পরের কার্যক্রম। এগুলো ছাড়া, আপনার সিদ্ধান্ত করা প্রয়োজন, বিস্তারিত ভাবে, যে পদ্ধতিগুলো ও কৌশল সমূহ ব্যবহৃত হবে ও যথাযথ সহায়ক সামগ্রীসমূহ যেগুলো আপনার প্রয়োজন হতে পারে পাঠের শিক্ষণ-শিখন আরো সফল করার জন্য। পাঠের শিক্ষণ-শিখনের সঙ্গে সম্পর্কীত বিষয়ে বিস্তারিত ভাবে লিখিত আকারে প্রকাশ সাধারণত ‘পাঠ পরিকল্পনা’ বলা হয়।

অনুশীলনরত শিক্ষক হিসাবে, আপনার কিছু জ্ঞান থাকা প্রয়োজন পাঠ পরিকল্পনা প্রণয়নের ঐতিহ্যগত পদ্ধতি যার মধ্যে থাকে তিনটে পদক্ষেপ যথা, ভূমিকা, প্রস্তুতি ও মূল্যায়ন। এধরনের পাঠ পরিকল্পনায় শিক্ষক সাধারণত আরো উজ্জ্বলভাবে প্রতিবিম্বিত হতো, যে কার্যকলাপ শ্রেণীকক্ষে তারা সম্পাদন করবে শিক্ষণ, শিখণ প্রক্রিয়ায় সময় তা খুব কম বা ছাত্রদের কার্যক্রম উল্লেখ থাকত না। ঐতিহ্যগত পাঠ-পরিকল্পনা গুলো বেশিরভাগ পরিকল্পিত হত শিখনের পরিবর্তে শিক্ষণকে কেন্দ্রবিন্দু করে। যে কারণে ঐতিহ্যগত পাঠ পরিকল্পনা বিবেচিত হত শিক্ষক দ্বারা নিয়ন্ত্রিত এবং শিখন সম্পর্কীতের থেকে বেশি শিক্ষণ-কেন্দ্রিক।

ঐতিহ্যগত পাঠ পরিকল্পনাকে দেখা যায় খুব কম প্রাসঙ্গিক শ্রেণীকক্ষের শিক্ষণ শিখন দৃশ্য বিবরণীতে বর্তমান দিনের বর্ণনা প্রসঙ্গে যখন

- শিক্ষণের স্থানে শিশু-কেন্দ্রিক, সক্রিয়তা ভিত্তিক ও আনন্দদায়ক শিখন কার্যক্রমকে জোর দেওয়া হয়।
- প্রাথমিক বিদ্যালয়ের স্তরে, সক্রিয়তাভিত্তিক পাঠ্যপুস্তক প্রবর্তন করা হয়েছে।
- উদাহরণ: ই.ভি.এস (Environmental Science) প্রথম ও দ্বিতীয় শ্রেণীর অঙ্ক ও ভাষা সমন্বিত পাঠ্যপুস্তক, এবং তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণীর বিজ্ঞান, সমাজ বিজ্ঞান ই.ভি.এসের সঙ্গে সমন্বিত হয়েছে। এ প্রসঙ্গে অনেক অখন্ড বিষয় বস্তুর উপর কেন্দ্র-বিন্দু করা হয়েছে (বেশির জন্য অনুগ্রহ করে ঐ পাঠ্যের 9 এর একক, বিভাগ 9.6 উল্লেখ্য)
- বহু মান বিশিষ্ট-পরিস্থিতি বেশির ভাগ প্রাথমিক বিদ্যালয়ে কর্তৃত্ব করছে।

  যেহেতু আগেই উল্লেখ করা হয়েছে, এই সময়ে একাধিক শ্রেণীতে একজন শিক্ষককে শিক্ষণ শিখন কার্যক্রম পরিচালনা করতে প্রয়োজন একের অধিক মানের পাঠ পরিকল্পনা একক পিরিয়ডের সময় সম্পূর্ণ পৃথক হবে (এই পাঠ্যের একক 10 এ উল্লেখ্য)।
- শিক্ষাবিজ্ঞানের নতুন প্রবর্তন, শিক্ষণ-শিখন কৌশলে অনেক পরিবর্তন এসেছে এবং একজন শিক্ষককে বিবেচনা করতে হচ্ছে এই পরিবর্তনকে যখন পাঠ পরিকল্পনা প্রস্তুত করেন।

নোট

### 8.6.1 পাঠ-পরিকল্পনার বৈশিষ্ট্য

নিম্নলিখিত ন্যূনতম চারটি বৈশিষ্ট্য পাঠ পরিকল্পনায় থাকা উচিত।

- **উদ্দেশ্য-ভিত্তিক :** একটা পাঠ পরিকল্পনা উদ্দেশ্য-ভিত্তিক হবে। একটা পাঠের সঙ্গে সম্পর্কীত সীমিত সংখ্যক উদ্দেশ্যসমূহ একটা পিরিয়ডের মধ্যে প্রাপ্ত সময়ে সফল হতে পারে তা স্থির করা উচিত।
- **বোধগম্যতা :** পাঠ পরিকল্পনা বোধগম্য, সংক্ষিপ্ত ও সহজ হওয়া উচিত। স্থিরিকৃত উদ্দেশ্যসমূহ সফল করার জন্য আপনার সমস্ত চেষ্টা পাঠ পরিকল্পনায় প্রতিফলিত হতে পারে। যতটা সম্ভব, এটা অবশ্যই ছোট এবং সংক্ষিপ্ত হবে যাতে আপনি এটা প্রস্তুত ও ব্যবহার সহজে করতে পারেন।
- **নমণীয় :** পাঠ পকিল্পনা নমনীয় হওয়া উচিত যাতে সুযোগ থাকে পরিবর্তন করে মিশিয়ে দিতে যা শ্রেণীকক্ষে শিক্ষণ-শিখন কার্যক্রম লেনদেনের সময় তাৎক্ষণিক পরিবর্তনের প্রয়োজন হয়। উদাহরণত:, আপনি সাম্প্রতিক বিজ্ঞানের উন্নতির সাক্ষাত পেলেন যা আপনার পাঠ পরিকল্পনায় উল্লেখ নেই এবং আপনি উপলব্ধী করলেন যে আপনি অবশ্যই এটার ভাগ নেবেন বিষয় বস্তুর ধারণা প্রাসঙ্গিক করার জন্য, তারপর আপনি তৎক্ষণাৎ উন্নতমানের শ্রেণীকক্ষের লেনদেনের জন্য এটাকে পাঠ পরিকল্পায় সংযুক্ত করতে পারেন।
- **প্রয়োগযোগ্যতা :** পাঠ পরিকল্পনা অবশ্যই বাস্তবিক হবে যেমন; বাস্তব পরিস্থিতিতে প্রয়োগ করা যেতে পারে। শিক্ষণ-শিখন কার্যক্রম এবং কৌশল সমূহ যা পাঠ-পরিকল্পনায় প্রস্তাবিত ছাত্রদের সুবিধা দায়ক হবে এবং প্রাপ্ত সময়ের শর্তের মধ্যে কার্যে পরিণত করা যেতে পারে।


### 8.6.2 পাঠ-পরিকল্পনার কি অন্তর্ভুক্ত থাকে

পাঠ পরিকল্পনায় অন্তর্ভুক্ত থাকে শ্রেণীকক্ষে পাঠ আদান-প্রদানের সময় শিক্ষক ও ছাত্রদের দ্বারা সম্পাদিত কার্যক্রমের বর্ণনা। এই কার্যক্রমগুলো তিনটে পর্যয়ে বিভক্ত হতে পারে। যথা:-

- শিক্ষণ-শিখনের আগে প্রস্তুতিমূলক কার্যক্রম (প্রাক সক্রিয়তার পর্যায়)
- শিক্ষণ-শিখনের সময় গৃহিত কার্যক্রম (মিথষ্ক্রিয়ার পর্যায়)
- শিক্ষণ-শিখনের পরে সম্পাদিত কার্যক্রম (অতীতকালীন সক্রিয়তার পর্যায়)

**প্রস্তুতিমূলক কার্যক্রম :** পাঠের প্রকৃত শিক্ষণ-শিখনের আগে সেই সব কার্যক্রম যা সম্পাদিত করা হয় তাকে বলে। প্রস্তুতিমূলক কার্যক্রম যেগুলো নির্দেশিত থাকে পাঠের প্রথমে। এই কার্যক্রমগুলো সাধারণত নিম্নলিখিতে অর্ন্তভুক্ত থাকে।

**শিখন ফলাফলের উল্লিখিত বিষয় :** আকাঙ্খিত উদ্দেশ্য-সমূহ সফল হয়ে থাকবে অভিপ্রেত পাঠের শিক্ষণ-শিখনের মাধ্যমে যা ছাত্রদের আচরণের পরিভাষায় উল্লেখ করা হয় পাঠ-পরিকল্পনার প্রথমে।



নোট

**শিক্ষণ-শিখন কার্যক্রম/কৌশলের শর্ত :** পাঠের শিক্ষণ-শিখনে যে পদ্ধতি সমূহ ও কৌশল সমূহ ব্যবহৃত হবে সেগুলো উল্লেখ থাকে পাঠ পরিকল্পনায়। কার্যক্রমের পুঙ্খানুপুঙ্খ বর্ণনা যেমন দলগত কার্যক্রম, আলোচনা, লিখিত কাজ ও পর্যবেক্ষণ ইত্যাদি তিনটে পর্বের জন্য উল্লিখিত থাকে।

- **টি.এল.এম-এর শর্ত :** স্থিরিকৃত উদ্দেশ্য সমূহ সফল করতে টি.এল.এম-এর ধরণ ব্যবহার করতে হবে এবং শিখন কার্যক্রম গৃহিত হবে শিক্ষণ-শিখন প্রক্রিয়া-এসব পাঠ পরিকল্পনায় উল্লেখ থাকবে। শিখন কার্যক্রমের ক্রমিক সংখ্যা ও শিরোনাম পরিকল্পনায় উল্লেখ থাকতে পারে যদি যেগুলো কার্যক্রম ব্যাঙ্ক থেকে ধার/সংগ্রহ করা হয়।


- **শিক্ষণ-শিখনের বিশেষ শর্ত** : বিশেষ শর্ত, যদি কোন কিছু শ্রেণীকক্ষে তৈরী করার প্রয়োজন হয়, সাধারণ শর্ত ছাড়া, পাঠ-পরিকল্পনায় উল্লেখ থাকা প্রয়োজন। এরূপ শর্তাবলী অন্তর্ভুক্ত হতে পারে দু'জন শিক্ষক দ্বারা যৌথভাবে শ্রেণী ব্যবস্থাপনায়, তত্বাবধায়কের শর্ত (বহু-মানের পরিস্থিতি), শিক্ষণে গোষ্ঠী সাহায্যের শর্ত, ভিডিও ব্যবহার ইত্যাদি।

- **কার্যক্রমের ক্রম ও সময় তালিকা :** পাঠের জন্য নির্বাচিত শিক্ষণ-শিখন কার্যক্রম নির্দিষ্ট নিয়মে সাজানোর প্রয়োজন আছে যা শ্রেণীকক্ষে কার্যক্রম পরিচালনায় সাহায্য করবে। পুনরায়, এই সব কার্যক্রমের প্রত্যেকটা পরিচালনার জন্য প্রয়োজনীয় সময় স্থির করা প্রয়োজন, যাতে একজন বহু সংখ্যক কার্যক্রম দেখতে পারে যা সমগ্র পিরিয়ড ধরে পরিচালিত হতে পারে এবং পরিকল্পনার প্রত্যেক পর্ব ব্যাপী।

**শিক্ষণ শিখনের সময়ে কার্যক্রম :** পাঠ পরিকল্পনার এই অংশ খুব গুরুত্বপূর্ণ। প্রকৃত শিক্ষণ-শিখনের পর্ব সম্পর্কীত কার্যক্রম এখানে উল্লেখিত থাকে। এই অংশে বিভক্ত থাকে তিনটে ধাপে যথা, ভূমিকা, উপস্থাপন ও মূল্যায়ন।

- **ভূমিকা :** শিক্ষণ-শিখনে এটা শুরু। একটা নতুন পাঠের শিক্ষণ-শিখন শুরুর সময়, আপনার স্পষ্ট ধারণা থাকতে হবে ছাত্রদের আগের শিখন অভিজ্ঞতার বিষয়ে। আগের অভিজ্ঞতার উপর ভিত্তি করে আপনি তাদের মধ্যে আগ্রহ সৃষ্টি করতে পারেন এবং একটা নতুন বিষয়ে শিখনের জন্য প্রেষণা সৃষ্টি করতে পারেন। এ জন্য, আপনি একটা ছোট অর্থপূর্ণ কার্যক্রম পরিচালনা করতে পারেন, যতটা সম্ভব নতুন পাঠ যেটা শিক্ষা দেওয়া হবে তার সঙ্গে সম্পর্কীত। নিরবচ্ছিন্ন পাঠের ক্ষেত্রে, আপনি ছাত্রদের সাহায্য করতে পারেন আগের শিখন পুনরায় স্মরণ করে এবং শক্তিশালী করে এক বা দুই সংযোজনী কার্যক্রম দ্বারা। অর্থাৎ, এরূপ প্রারম্ভিক কার্যক্রমের মাধ্যমে আপনি ছাত্রদের সাহায্য করুন তাদের আগের শিখনকে অধিকতর শক্তিশালী করতে এবং তাদের আগ্রহী করতে ও নতুন পাঠের শিখনের জন্য প্রেষণা করতে। 40 মিনিট উৎসর্গীকৃত একটা পাঠের জন্য, তার মধ্যে 5 থেকে 7 মিনিট উৎসর্গ করা যেতে পারে ভূমিকার কার্যক্রমের জন্য।

- **উপস্থাপন :** এটা পাঠ পরিকল্পনার কেন্দ্রিয় অংশ। সব পরিকল্পিত শিক্ষণ-শিখন কার্যক্রম পাঠের সঙ্গে যা সম্পর্কীত এই পর্বে সংগঠিত হয়। আপনাকে ছাত্রদের শ্রেণীতে কার্যক্রম সম্পাদন করার জন্য পরিস্থিতি সরবরাহ করা এবং নির্দেশিত যোগ্যতা অর্জন করতে সাহায্য



নোট

করা প্রয়োজন। তাদের নতুন শিখনকে শক্তিশালী করার জন্য, আপনি তাদের এই পর্বে কার্যক্রমে পুণরায় শক্তি বৃদ্ধি করার জন্য নিযুক্ত করে রাখতে পারেন। আপনি যত্ন নিয়ে পরিকল্পনা করবেন যাতে প্রত্যেক ছাত্র কার্যক্রমে অংশ গ্রহণ করে হয় ব্যক্তিগতভাবে অথবা দলগতভাবে যেমন পরিকল্পনা হবে। যখন প্রয়োজন, আপনি সরাসরি ব্যাখ্যা করতে পারেন এবং ছাত্রদের শিক্ষা দেবেন তাদের গল্প বলে, উদাহরণ তৈরী করে, কঠিন ধারণা উদাহরণ সহ ব্যাখ্যা করে ইত্যাদি। এই পর্বের শেষ দিকের অংশে আপনাকে একত্রীত করতে হবে যা ছাত্ররা শিখেছে পাঠ থেকে এবং আপনি যা সম্পাদন করেছেন শ্রেণীতে।

- **মূল্যায়ন :** এটা পাঠ পরিকল্পনার শেষ অংশ। প্রায় শেষ পাঁচ মিনিট আপনার প্রয়োজন মূল্যায়ন করা যতটা ছাত্ররা শিখন সফলতা অর্জন করেছে যেটা পাঠে স্থিরিকৃত ছিল। এ জন্য, আপনি কিছু নৈব্যক্তিক ধরণের প্রশ্ন পাঠের সঙ্গে সম্পর্কীত প্রথম জিজ্ঞেস করতে পারেন যেগুলো ছাত্রদের দ্বারা মৌখিক উত্তর হবে।

**শিক্ষণ-শিখন পরবর্তী কার্যক্রম :** নিম্নলিখিত দুটো কার্যক্রম শিক্ষণ-শিখন পরবর্তী পর্বের সময় গৃহিত হতে পারে :

- আপনি শ্রেণীকক্ষের কার্যক্রম শ্রেণীকক্ষের ভিতরে বা বাইরে অপ্রথাগত ভাবে পুনরায় পরীক্ষা করতে পারেন স্থিরিকৃত উদ্দেশ্যসমূহের সফলতায় তাদের প্রভাব জানার উদ্দেশ্যে।
- ছাত্রদের শিখন উন্নত ও শক্তিশালী করতে আপনি বাড়ির কাজ দিতে পারেন। লিখিত কাজ ও প্রকল্প কার্যক্রম বাড়ির কাজ হিসাবে দেওয়া যেতে পারে। প্রত্যেক ছাত্রকে ভিন্ন ভিন্ন বাড়ির কাজ দেওয়া উচিত যাতে তারা শিখনের জন্য উৎসাহিত হতে পারে।

ছাত্রদের উত্তরের ওপর ভিত্তি করে, আপনি নির্ধারণ করতে পারেন কতটা পর্যন্ত পাঠের শিখন উদ্দেশ্যসমূহ অর্জিত হয়েছে। কোন ক্ষেত্রে যদি পাওয়া যায় যে পাঠের শিখন উদ্দেশ্য সম্পূর্ণভাবে লাভ করা যায়নি, তখন আপনার প্রয়োজন সংশ্লিষ্ট পাঠ পরিকল্পনা পরিবর্তন করা যথাযথভাবে এবং একই জিনিষ পুর্ণশিক্ষা দিন, পরে সম্পূর্ণরূপে পূর্বোক্ত শিখন উদ্দেশ্য সম্পাদন করার উদ্দেশ্যে।

**পাঠ পরিকল্পনার আকার :**

পাঠ পরিকল্পনা দিতে একটা বাস্তব আকারে একটা নমুনা কাঠামো নিয়ে প্রদত্ত হল :

a) ***প্রস্তুতিমূলক কার্যক্রম :***

| বিদ্যালয় | শিখন ফলাফল | শিক্ষণ-শিখন সামগ্রী |
|---|---|---|
| তারিখ | 1. | |
| শ্রেণী | 2. | |
| বিষয় | 3. | |
| বিষয়বস্তু | 4. | |
| পিরিয়ড | 5. | |
| সময় : 40 মিনিট | 6. | |
| গৃহীত পদ্ধতি | 7. | বিশেষ শর্তাবলী |

নোট

*a) শিক্ষণ-শিখন সময় ব্যাপী কার্যক্রম*

| পর্ব | সুনির্দিষ্ট ফলাফল | শিক্ষকের কার্যক্রম | ছাত্রের কাজ | বিশেষ তথ্য |
|---|---|---|---|---|
| ভূমিকা | উদ্দীপ্ত হওয়ার কার্যক্রম | | | |
| উপস্থাপন | পর্যাপ্ততা/ উপ-পর্যাপ্ততা 1 নং (কার্যক্রম-1) | | | |
| | পর্যাপ্ততা/ উপ-পর্যাপ্ততা নং-2 (কার্যক্রম 2) | | | |
| | সংক্ষেপন | | | |
| মূল্যায়ন | ব্যক্তিগত ও দলগত কার্যক্রম | | | |

পরবর্তী শিক্ষণ-শিখন কার্যক্রম

i) বাড়ির কাজ

ii) সংশোধন

E.4 পাঠ পরিকল্পনার তিনটে পর্বের মধ্যে কোন পর্বে সর্বাধিক সময় বন্টন করা হয়? কেন?

E.5 বাড়ির কাজ দেওয়ার উদ্দেশ্য কি? প্রাথমিক বিদ্যালয়ের নীচু শ্রেণীতে যে সব শিশুরা পড়ছে তাদের কি এটা দেওয়া উচিত? আপনার উত্তরের জন্য কারণ দর্শান।

## 8.7 পাঠ টীকা/পাঠ দিনলিপি

প্রত্যহ শ্রেণীকক্ষে কমপক্ষে চার থেকে পাঁচ পিরিয়ড শিক্ষণ-শিখন কার্যক্রম পরিচালনা করা আপনার প্রয়োজন হয়, একক মানের ও বহু-মানের উভয় পরিস্থিতি অন্য শিক্ষমূলক কার্যক্রম ছাড়া। এরূপ পরিস্থিতিতে, প্রত্যেক শ্রেণীর জন্য পুঙ্খনাপুঙ্খ পাঠ পরিকল্পনা প্রস্তুত করা এবং প্রত্যেক পিরিয়ডের জন্য হয় অসুবিধাজনক ও প্রতিদ্বন্দিতা মূলক কাজ। অর্থাৎ, সংক্ষিপ্ত পাঠ পরিকল্পনা প্রস্তুতকে ও বলা হয় পাঠ টীকা/পাঠ দিনলিপি যে আপনার জন্য বিকল্প।

পাঠ টীকায়, পুঙ্খানুপুঙ্খ পাঠ পরিকল্পনার প্রধান উপাদানসমূহ সংক্ষেপে লিপিবদ্ধ করা হয়। পুঙ্খানুপুঙ্খ পাঠ পরিকল্পনা, শিক্ষক কর্তৃক প্রস্তুত, অন্য শিক্ষকদের দ্বারা ও ব্যবহৃত হতে পারে। কিন্তু একজন শিক্ষকের দ্বারা প্রস্তুত পাঠ টীকা শুধুমাত্র তাঁর দ্বারা ব্যবহৃত হতে পারে। যে কোন শ্রেণীতে একটা পিরিয়ডের মধ্যে পাঠ শিক্ষা দিতে আপনি যে পরিকল্পনা করেন তার সংক্ষিপ্ত লিখন এটা। অর্থাৎ, একটা পাঠ টীকা অপরিহার্যভাবে একটা ব্যক্তিগত টীকা যা আপনি প্রস্তুত করেছেন আপনার শ্রেণীকক্ষের কার্যক্রম সংগঠিত করার জন্য।

একটা পাঠ-টীকা এক পাতার মধ্যে লিখিত হতে পারে। নিম্নলিখিত প্রাথমিক তথ্যের প্রয়োজন পাঠ-টীকায় লিপিবদ্ধ করার জন্য।

- তারিখ, শ্রেণী, পিরিয়ড, বিষয় ও বিষয়বস্তু,
- নির্দিষ্ট শিখন ফলাফল
- প্রয়োজনীয় টি.এল.এম (Teaching Learning Material)
- নির্দিষ্ট শিখন কার্যক্রম (যদি কার্যক্রম ব্যাঙ্ক থেকে সংগৃহিত হয়, কার্যক্রমের ক্রমিক সংখ্যা)
- প্রধান প্রশ্নাবলী যা শিখন ও মূল্যায়নের সহায়তা করে, এবং
- প্রত্যেক গুরুত্বপূর্ণ কার্যক্রমের জন্য আনুমানিক প্রয়োজনীয় সময়।

**তারিখ** :

**পিরিয়ড** :

**শ্রেণী** : **বিষয়** **বিষয় বস্তু :**

| উপস্থাপিত ও আলোচিত বিষয় বস্তুর সংক্ষিপ্ত বাহ্যিক সীমারেখা | সমাপ্ত বা অসমাপ্ত | অসমাপ্তের কারণ | শ্রেণীতে নির্গত হওয়া যে কোন নতুন ধারণা |
|---|---|---|---|
| | | | |

পাঠ-টীকা সর্বদা আপনাকে রাখতে হয় আপনার সঙ্গে কমপক্ষে বিদ্যালয়ের সময়। পিরিয়ডের পাঠ শেষ হওয়ার পর আপনি লিপিবদ্ধ করলেন পাঠের অগ্রগতি (সম্পূর্ণ বা অসম্পূর্ণ) পাঠ-টীকার নীচে বা এটার জন্য নির্দিষ্ট স্থানে। অসম্পূর্ণর ক্ষেত্রে, আপনার প্রয়োজন কারণ সমূহ লিপিবদ্ধ করা যাতে অপরিবর্তিত যত্ন নেওয়া যেতে পারে যখন পরবর্তী পাঠ পরিকল্পনা করবেন। যে কোন ধরনের নতুন অভিজ্ঞতা লাভ করলে এবং নতুন কৌশল শ্রেণীকক্ষে সম্পাদনের সময় নির্গত হলে পাঠ-টীকায় ও লিপিবদ্ধ করা যেতে পারে ভবিষ্যতে উল্লেখ ও ব্যবহারের জন্য। পাঠ-টীকার প্রাত্যহিক লিখন আপনাকে সাহায্য করবে আপনার শিক্ষণ-শিখন কার্যক্রমের স্বাভাবিক গতিতে।

## 8.8 সারসংক্ষেপণ

- যথাযথ পরিকল্পিত শিখন কার্যক্রম, পাঠক্রমিক ও সহ পাঠক্রমিক উভয়ই, বিদ্যালয়ে প্রধানত সাহায্য করে সর্বাঙ্গীন বিকাশে-ছাত্রের বৌদ্ধিক ও ব্যক্তিত্ব বিকাশে।
- পাঠক্রমিক কার্যাবলী সংযুক্ত থাকে শিক্ষণ, পরীক্ষা পরিচালনা, শিক্ষার্থীর কার্য-সম্পাদনার মূল্যায়ন, সংশোধনী শিখনের গ্রহণ ও পছন্দ যা ছাত্রদের বৌদ্ধিক বিকাশে সহায়তা করে।

- ক্রীড়া প্রতিযোগিতা, খেলা-ধূলা, শরীর চর্চা, নৃত্য, নাটক, সঙ্গীত, ভ্রমণ, অঙ্কন, প্রদর্শনী ইত্যাদি সংযুক্ত থাকা সহপাঠক্রমিক কার্য্যাবলী যা ছাত্রদের সুবিধা দেয় ব্যক্তিত্ব বিকাশে তাদের অন্তর্নিহিত শক্তির নিষ্কাশন, তাদের আগ্রহ বিস্তার করা, তাদের পাঠ্য-বিষয়কে কাজের সম্পূরক এবং সামাজিকরণে সাহায্য করা।
- সহপাঠক্রমিক কার্য্যবলী ছাত্রদের সুবিধা দেয় শারীরিক, পেশী সঞ্চালন-সক্রান্ত, সাহিত্য, সৌন্দর্যবোধ, সাংস্কৃতিক, নাগরিক স্বাচ্ছন্ন বিষয়ক, মানসিক ও নৈতিক বিকাশ এবং তার দ্বারা তাদের দৃষ্টিভঙ্গীর প্রসারণ করা।
- সহপাঠক্রমিক কার্য্যাবলী পরিকল্পনার সময় যুক্তিপূর্ণ কার্যক্রম নির্বাচন, সময় ও স্থানের শর্ত, প্রেষণার শর্ত, উপদেশের শর্ত ও প্রত্যাবর্তন (feedback) বিষয়ে গুরুত্বপূর্ণ বিবেচনা করতে হয়।
- একটা গুরুত্বপূর্ণ পাঠক্রমিক কার্য্যবলী হল পাঠ প্রণালী প্রস্তুতি। পাঠক্রমিক কার্য্যাবলীর পরিকল্পনা (শিক্ষণ ও শিক্ষণমূলক কার্য্যবলী) নির্দিষ্ট শ্রেণীর একটা নির্দিষ্ট বিষয়ে, পুঙ্খানুপুঙ্খ ভাবে, সপ্তাহ ব্যাপী, মাস ও সমগ্র শিক্ষাবর্ষ ব্যাপী ছড়িয়ে দেওয়া হয়, একেই পাঠ প্রণালী বলা হয়।
- পাঠ-প্রণালী মাসিক ও বাৎসরিক হতে পারে।
- কার্যকর পাঠ প্রণালী প্রস্তুতে, একটা শিক্ষা বর্ষে প্রাপ্ত কাজের দিনের প্রকৃত সংখ্যা, বিষয়ের নির্দেশিত পাঠ্য-সূচীর শিক্ষণের জন্য প্রয়োজনীয় মোট পিরিয়ডের সংখ্যা, সপ্তাহে প্রাপ্ত মোট পিরিয়ডের সংখ্যা ও মাস অনুযায়ী বিষয় শিক্ষণের জন্য ইত্যাদি বিবেচনায় নিতে হয়।
- একক পরিকল্পনা হল অন্য পাঠক্রমিক উপাদান। একক পরিকল্পনা হল উত্তম-সমন্বয়িত অর্থপূর্ণ একক সমস্যা বা উদ্দেশ্যকে সম্পূর্ণ-কেন্দ্র করে, আকাঙ্খিত শিখন উদ্দেশ্যসমূহ অর্জনের জন্য ছাত্রদের প্রয়োজনীয় শিখন অভিজ্ঞতা সরবরাহের সামর্থ্য।একটা বিষয়ে, পাঠ-সূচীর বিষয়বস্তু বিভিন্ন অর্থপূর্ণ একক সমূহে বিভক্ত করা হয়।
- একক পরিকল্পনা একটা নির্দিষ্ট বিষয়ে একটা এককের শিক্ষণ-শিখন সম্পর্কীত শিক্ষামূলক শিক্ষামূলক কার্য্যবলীর পরিকল্পনাকে উল্লেখ করে।
- একক পরিকল্পনা প্রস্তুতের প্রণালীর জন্য চারটে কার্য্যক্রম যুক্ত থাকে যথা, সঠিক একক ও উপ-একক গঠন, এককের সঙ্গে সম্পর্কীত শিখন উদ্দেশ্য সমূহের নির্দিষ্ট রূপ দান, পদ্ধতিও কৌশলসমূহ নির্বাচন, মূল্যায়ন কৌশলের সিদ্ধান্ত।
- পাঠ পরিকল্পনা একটা নির্দিষ্ট পাঠ বা বিষয়বস্তুর শ্রেণীকক্ষের সম্পাদিত কর্ম যা গৃহীত হয় পুঙ্খানুপুঙ্খ পরিকল্পিত কার্য্যবলীর লিখিত প্রকাশ।
- পাঠ পরিকল্পনার সমগ্র কার্যক্রম তিনটে পর্বে বিভক্ত যথা, শিক্ষণ-শিখনের আগের কার্যক্রম, শিক্ষণ-শিখনের সময়ে কার্যক্রম, শিক্ষণ-শিখনের পরের কার্যক্রম। কার্যক্রম সমূহ সদৃশ হয় ঐতিহ্যগত পর্বের সঙ্গে যথা-ভূমিকা, উপস্থাপন ও মূল্যায়ন যথাক্রমে।
- পাঠ টীকা হল পুঙ্খানুপুঙ্খ পাঠ-পরিকল্পনার একটা সংক্ষিপ্ত লিখন যেটা শিক্ষককে সাহায্য করে শ্রেণীতে নিয়ামনুসারে এগিয়ে চলতে।

নোট

## 8.9 আপনার অগ্রগতি যাচাই করে নিন-এর আদর্শ উত্তর

E.1 (i) বিকাশের দক্ষতা/বাস্তবিক জীবন পরিস্থিতিতে যোগ্যতা সুবিধা দেওয়া।

(ii) শিখনের সামগ্রিকতাবাদী বিকাশের জন্য।

E.2 (i) একটা শ্রেণীর জন্য একটা বিষয়ের পাঠ্য-সূচী হল নির্দেশিত বিষয়বস্তুর নিয়মানুযায়ী বহি:স্থ রেখা, শিখন ফলাফল, ইত্যাদি। আর প্রণালী হল একই শ্রেণীর বিষয়ের উপর নির্দেশিত বিষয়বস্তুর সক্রিয়তা ভিত্তিক পরিকল্পনা।

E.3 B

E.4 উপস্থাপন পর্বে (কারণ দর্শান)

E.5 শ্রেণীতে শেখা ধারণাগুলোকে শক্তিশালী করার জন্য। নীচু শ্রেণীর শিশুদের জন্য কোন বাড়ির কাজ নয়। কারণগুলোর মধ্যে একটা হল বিদ্যালয়ের প্রাথমিক স্তরে শিখনের ভার বৃদ্ধি না করা।

## 8.10 সুপারিশকৃত পাঠ ও সম্পর্ক স্থাপন/উল্লেখ্য

1. Ferguson (2001) : Co-Curricular Activities : A Pathway to Careers, JG Ferguson Publishing Company, United States
2. Haynes Anthony (2010) : The Complete Guide to Lesson Planning and Preparation, Continuum International Publishing Group, New York
3. Gagne, R.M.(1974) : The Conditions of Learning.3rd.ed. Holt, Rinehart e Winson.
4. Learning Activity Planning Guide Developed by Tara Fortune.
5. Reference : Gibbons, P. (2002). Scaffolding language scaffolding learning. Portsmouth, NH.Heinemann.
6. LIEBMAN. J. (1988) : Teaching Operation Research : Lesson from Cognitive Psychology. Interfaces, 28(2), P.104-110

## 8.11 একক শেষে প্রশ্নাবলী

1. পাঠক্রমিক ও সহ-পাঠক্রমিক কার্য্যবলীর মধ্যে পার্থক্য উল্লেখ করুন।
2. আপনার বিদ্যালয়ের জন্য সহ পাঠক্রমিক কার্য্যবলীর উপর একটা বাৎসরিক কর্ম-পরিকল্পনা প্রস্তুত করুন।
3. পাঠ-প্রণালী কি?

   একটা বিদ্যালয় পঞ্চম শ্রেণীর বিষয়ের জন্য একটা পাঠ-প্রণালী প্রস্তুত করুন।
4. আপনি পঞ্চম শ্রেণীতে শিক্ষা দেন যে বিষয় সমূহ তার যে কোন একটা বিষয়-বস্তুর উপর একটা পাঠ-পরিকল্পনা প্রস্তুত করুন।
5. পাঠ-টীকা কি? যে কোন একটা পাঠ/বিষয়বস্তুর উপর একটা পাঠ-টীকা প্রস্তুত করুন।